Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

পি এস সি-র মাধ্যমে
রাজ্য সরকারে
ক্লার্ক
পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
১০ পাতায়

বর্ষ ৪০ সংখ্যা ১৩ কলকাতা বুধবার, ২৩ অক্টোবর ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৫ কার্তিক ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট

### কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষা ২-১১ মার্চ

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কয়েকশো গ্র্যাজুয়েট তরুণ-তরুণী নেওয়া হবে। নিয়োগ হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও ক্যাডারে গ্রুপ 'বি' ও 'সি' পদে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে। চারটি পর্যায়ে প্রার্থী বাছাই পরীক্ষা হবে— কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১ ও টিয়ার-২), খাতায়-কলমে (টিয়ার-৩) এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট/স্কিল টেস্ট (টিয়ার-৪)। কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) নেওয়া হবে ২ থেকে ১১ মার্চ। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**দৈহিক মাপজোক:** ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭.৫ সেমি, বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫২ সেমি। ওজন ৪৮ কেজি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতা এবং ওজনে যথাক্রমে ২.৫ সেমি ও ২ কেজি ছাড় পাবেন।

সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি।

এরপর সাতের পাতায়

## অস্ত্র কারখানায় ৪৮০৫

### নন-আই টি আই ও আই টি আই পাশ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ অর্ডন্যান্স ফ্যাক্টরি ও অর্ডন্যান্স ইক্যুইপমেন্ট ফ্যাক্টরি ৪,৮০৫ জন তরুণ-তরুণীকে ট্রেড অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে। ৫৬তম ব্যাচে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে, নন-আই টি আই এবং আই টি আই-পাশ প্রার্থীদের ট্রেনিং দেওয়া হবে। প্রার্থী বাছাই করবে অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড।

আসনসংখ্যা: **আই টি আই** ক্যাটেগরির ক্ষেত্রে ৩,২১০টি এবং নন-আই টি আই ক্যাটেগরির ক্ষেত্রে ১,৫৯৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** নন-আই টি আই প্রার্থীদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। অঙ্ক ও বিজ্ঞান (ফিজিক্যাল সায়েন্স ও লাইফ সায়েন্স) বিষয়ের প্রতিটিতে ৪০ শতাংশ করে নম্বর থাকা বাধ্যতামূলক। আই টি আই প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে এন সি ভি টি বা এস সি ভি টি কর্তৃক স্বীকৃত আই টি আই কোর্স পাশ। উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে।

এরপর সাতের পাতায়

## এয়ার ইন্ডিয়ায় ১৭০

১৭০ জন অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ ভর্তুকিপ্রাপ্ত একটি সংস্থা। প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে সংস্থার চার রিজিয়নে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন, মেটিরিয়াল ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট ও ফিনান্সে নিয়োগ করা হবে।

'কর্মক্ষেত্র'-র ৪ সেপ্টেম্বর সংখ্যায় 'এয়ার ইন্ডিয়ায় ১৭০ অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর' শিরোনামে এই নিয়োগের খবরটি প্রকাশিত হয়েছিল। তবে সংশ্লিষ্ট সংস্থা গত ৩০ সেপ্টেম্বর নতুন একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদনের যোগ্যতা-সংক্রান্ত কিছু পরিবর্তনের বিষয়ে জানিয়েছে। 'কর্মক্ষেত্র'-র এই সংখ্যায় পরিবর্তিত নিয়ম-সহ পূর্ণাঙ্গ খবরটি পুনরায় প্রকাশ করা হল।

বিজ্ঞপ্তি নম্বর: AIESL/AS/2019 অনুসারে যাঁরা ইতিমধ্যে আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করতে হবে না বলে জানানো হয়েছে সংস্থার তরফে।

**রিজিয়ন অনুসারে শূন্যপদ: নর্দার্ন রিজিয়ন:** শূন্যপদ ৫০টি। **ইস্টার্ন রিজিয়ন:** শূন্যপদ ১৫টি। **সাদার্ন রিজিয়ন:** শূন্যপদ ২৫টি। **ওয়েস্টার্ন রিজিয়ন:** শূন্যপদ ৮০টি।

এরপর সাতের পাতায়

## এনার্জি এফিশিয়েন্সি সার্ভিসেসে ২১১

ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, অফিসার-সহ বিভিন্ন পদে ২১১ জনকে নেবে এনার্জি এফিশিয়েন্সি সার্ভিসেস। এটি কেন্দ্রীয় সরকারের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: EESL/0320/17.

শূন্যপদের বিবরণ: **ইঞ্জিনিয়ার (টেকনিক্যাল):** ১০৫টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক, সঙ্গে পাওয়ার সেক্টর বা এনার্জি এফিশিয়েন্সি বা সোলার এনার্জি বা ইলেক্ট্রিক্যাল অ্যাপ্লায়েন্সেস ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মার্কেটিং বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (টেকনিক্যাল):** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক অথবা ডিপ্লোমা। ডিপ্লোমাধারীদের সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

এরপর সাতের পাতায়

## আর্মিতে উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। ১০+২ এন্ট্রি স্কিমের ৪৩তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২০-এর জুলাইয়ে।

**মোট শূন্যপদ** ৯০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি হওয়া চাই।

**দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা-সহ ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। মায়োপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) থাকলে তা যেন -২.৫ডি এবং হাইপারমেট্রোপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) থাকলে তা যেন +৩.৫ডি-র বেশি না হয়। রং চেনার ক্ষমতা সিপি-থ্রি মানের হতে হবে।

**বয়স:** ১-৭-২০২০ তারিখে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯-এর মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৪-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে

এরপর সাতের পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ১৩১

### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

১৩১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের মার্কেটিং ডিভিশন। ওয়েস্টার্ন রিজিয়নের চারটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলে অ্যাকাউন্ট্যান্ট/টেকনিশিয়ান/ট্রেড অ্যাপ্রেন্টিস শাখায় ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/WR/APPR/2019-20 (1st cycle).

রাজ্য অনুসারে আসন— **গুজরাত:** ৮১টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১২, ও বি সি ২১, আর্থিকভাবে অনগ্রসর ৮)। **মধ্য প্রদেশ:** ৩৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ৩)। **ছত্তিশগড়:** ৫টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১)। **গোয়া:** ৭টি (সাধারণ ৬, ও বি সি ১)। **দাদরা ও নগর হাভেলি:** ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)।

মোট আসনের মধ্যে ৫টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাকাউন্ট্যান্ট

এরপর সাতের পাতায়

রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ে

## অধ্যাপক

রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়গুলিতে লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা নেবে ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ। যোগ্যতামান যাচাই করা হবে 'আই সি এ আর-ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট, ২০১৯'-এর মাধ্যমে। পরীক্ষাটি পরিচালনা করবে এগ্রিকালচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ড (এ এস আর বি)। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষা চলবে ৯ থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর: 1(8)/2019-

এরপর ষোলোর পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে




## ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ১৪৫

### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কর্নাটকের কারওয়ারের ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে এক এবং দু'বছরের ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

ট্রেড অনুসারে আসনের বিন্যাস— **শিপরাইট (উড):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ফিটার:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেইন্টেন্যান্স:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইনস্ট্রুমেন্ট মেকানিক:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **মেশিনিস্ট:** ২টি (সাধারণ)। **মেরিন ইঞ্জিন ফিটার:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান:** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মেকানিক ডিজেল:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স:** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মেকানিক মোটর ভেহিক্যল:** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এ সি:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **পেইন্টার (জেনারেল):** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১,

এরপর ষোলোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

*বর্ষ ৪০ সংখ্যা ১৩ □ ২৩ অক্টোবর ২০১৯*



### ই-মেল ঠিকানা

**সম্পাদকীয় বিভাগ:**
karmakshetra@swarnakshar.in
**বিজ্ঞাপন বিভাগ:**
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

**SBI / HDFC / UCO / YES BANK-এ** স্মার্ট বাংলাভাষী (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,848/- – 35,850/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**SAGAR ELECTRICAL**

**Fluent Spoken English জানা Female** Asst. Manager/ Project Co-Ordinator চাই। (8k-15k). ELV, Electrical, CCTV, FDA, BMS এবং PA System কাজ জানা ইঞ্জিনিয়ার চাই। (8k-12k) (Company Direct Payroll) Mob.: 99039-65630/ 26/27/92315-75791. 36, J.R.C. Road, Kol:8. E-mail: sagar electrical.project@rediffmail.com

□

**মহিলা ও পুরুষ নিয়োগ**

**Airport মেট্রো, BANK (DSA)**

**তে সরাসরি নামসই থেকে স্নাতক নিয়োগ** হবে। GST নং-19AAA543347J কন্ট্রাক্টরের অধীনে L-চেকিং, SV, ট্রলিবয়, Tag বয়, লোডার ও Pvt Bank-এর বিভিন্ন পদে সুযোগ। Ex-Army আবেদনযোগ্য। ESI ও PF-এর সুবিধা। বেতন: 17,200/- – 38,500/-. N. D, টালিগঞ্জ, কলি-৪০। (M): 62959-83084.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

**পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), থাকা, খাওয়ার ব্যবস্থা আছে। (M): 89728-69872, M.J.S, Kol-9.

□

**Naptol / Amazon কাস্টঃ কেয়ারে M/F** সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: MP-HS. বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91. M: 90732-98705, 74509-64662.

□

**বিনা ডোনেশনে Airport মেট্রো, স্থায়ী জব R/L: 0352**

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ এয়ারপোর্ট** ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 172 জন নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,400/- – 48,300/-. বয়স: 18-35. A. J., G. P. Kol-1. M: 74309-99656.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৬ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

৬ নভেম্বর **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**Jio / SBI কাস্টঃ কেয়ারে বাংলাভাষী** M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক - স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group. Salt Lake, Sec-V, Kol-91. 90880-93059, 70440-49492.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি, ব্যাঙ্কের Payroll ও** ব্যাক অফিস PF + ESI (MP-MA) হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 বনগাঁ ও বিরাটি: 84208-88113 দমদম ও গড়িয়া: 86976-16060. N. C.

□

**সরাসরি জয়েনিং ৭ দিনে**

**Pvt. Bank ও এয়ারপোর্টে**

**৮ম থেকে স্নাতক মহিলা ও পুরুষ চাই।** শূন্যপদ: ১৮৬ জন L. No-X25A49. বেতন: ১৬,২০০/- - ৩৮,৭০০/-, প্রতিটি জেলায় Pvt. Bank ও মেট্রো। Airport-এ কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ। পদ: Peon, ক্লার্ক, Office বয়, ট্রলিবয়, SV, চেকিং, Token বয়। ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রিঃ। ND, Nimta, Kol-49. 81018-07883.

□

**সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank**

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

**স্টার হোটেলে চাকরি**

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**পুজোয় আর্জেন্ট ভ্যাকান্সি**

**M: 7431000622**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও Pvt** ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 74 জন M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/ স্নাতক, বেতন: 14,600/- – 42,300-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রীতে। S. C. Pvt. Ltd., C.I.T Rd, Kol-54.

□

**Naptol / Amazon / SBI কাস্টঃ কেয়ারে** M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 96744-97493.

□

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**সরকারি নিয়ম অনুযায়ী বিনা ডোনেশনে** Airport-এ কন্ট্রাক্টরের অধীনে 74 জন M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম / স্নাতক, বেতন: 16,300/- – 45,600/-. S. R. C Pvt. Ltd., G. P. N, Kol-1. M: 75518-35027.

□

**পুজোয় স্পেশ্যাল ভ্যাকান্সি**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport,** মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে ও Pvt. ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 16,400/- – 47,300/-. যোগাযোগ: D. L. C. S. Rd. Kol-110. M: 95638-41366.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**মেট্রোরেলে সরাসরি জয়েনিং। বয়স:** ১৮-৪৫, বেতন: ১৮,৭০০/- - ৪২,৮০০/-, ১২৫ জন কর্মী চাই। থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। সত্বর যোগাযোগ: A. C, সোদপুর, কোল-১২৪, M: 89429-68341.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**

**এয়ারপোর্টেতে সরাসরি নিয়োগ চলছে।** ১৩৫ জন M/F চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: ১৬,৯০০/- - ৪৮,৫০০/-, PF + ESI + OT-সহ অন্যান্য ব্যবস্থা আছে। S. J. S, সোদপুর, Kol-114. M: 98605-94752.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** মধ্যমগ্রাম-এ চাকরির পরীক্ষার সেরা গাইড। PSC, SSC, রেল, ব্যাঙ্ক, CGL. মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**টিচার্স ট্রেনিং**

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। (BSS Govt. of India Approved). Placement Assistance. রবীন্দ্র পাঠ ভবন, হাওড়া, টালিগঞ্জ, শ্যামবাজার। 98308-15220 / 90510-74736.

□

**নার্সিং ট্রেনিং**

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

**GNM/ B.Sc নার্সিং**

**এখন কলকাতায়**

**শেষ 14টি আসন খালি। INC** অনুমোদিত কলেজ, ফ্রী নোটিস, Job Assistance, IASBM, দমদম: 90733-86337.

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঞ্ঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in


**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# সেনাবাহিনীতে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

৪০ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেওয়া হবে ভারতীয় সেনাবাহিনীতে। ১৩১তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে ট্রেনিং হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়। অবিবাহিত তরুণরা শুধু আবেদন করবেন।

১৩১তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সের (টি জি সি) ক্ষেত্রে মোট শূন্যপদ ৪০টি। শাখা অনুসারে শূন্যপদ: সিভিল ৮টি, আর্কিটেকচার ১টি, মেকানিক্যাল ৪টি, ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৫টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স) ১১টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/টেলিকমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/স্যাটেলাইট কমিউনিকেশন ৮টি, ইলেক্ট্রনিক্স ১টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ইনস্ট্রুমেন্টেশন ১টি, অ্যারোনটিক্যাল/ব্যালিস্টিক্স/অ্যাভিওনিক্স ১টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। ফাইনাল ইয়ারের ছাত্ররাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে আগামী বছরের ১ জুলাইয়ের মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

সমতুল শাখাগুলি হল: সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল (মেকাট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স)-এর ক্ষেত্রে ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/টেলিকমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনিকেশনের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি।

**বয়স:** ১-৭-২০২০ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯৩ থেকে ১-৭-২০০০-এর মধ্যে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ৫৬,১০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা-সহ অন্যান্য সুয়োগ-সুবিধা। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড, দু'-দফার পরীক্ষার মাধ্যমে। প্রথম দফার পরীক্ষায় সফল হলে তবেই পরের টেস্টগুলির জন্য ডাক পাওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। সব মিলিয়ে পাঁচ দিনের পরীক্ষা। ইন্টারভিউ হবে এলাহাবাদ বা ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালায়।

৪৯ সপ্তাহের ট্রেনিং। শুরু হবে ২০২০-র জুলাই মাসে। ট্রেনিং হবে দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথম রেজিস্ট্রেশন করতে হবে, তার পর অনলাইন আবেদন। অনলাইন আবেদন করা যাবে ১৪ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় সই করবেন। একটি প্রিন্ট আউট নিজের কাছে রাখবেন। অন্যটি সিলেকশন সেন্টারে নিয়ে যেতে হবে।

### সিলেকশন সেন্টারে প্রিন্ট আউটের সঙ্গে নেবেন

- ✓ প্রত্যয়িত একটি পাসপোর্ট মাপের ফটো। প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় ফটোটি সেঁটে দেবেন।
- ✓ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ প্রত্যেক সেমেস্টারের মার্কশিট-সহ ডিগ্রি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ ফাইনাল ইয়ারের প্রার্থীদের ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রধানের তরফ থেকে চূড়ান্ত বর্ষের পরীক্ষা ১ জুলাই, ২০২০-র মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে— এই মর্মে সার্টিফিকেট।

উপরোক্ত নথিপত্রের মূল কপিগুলিও সঙ্গে আনবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০
শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০
নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির
স্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫
অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০
রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০
শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০
**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# খাম তৈরির স্বয়ংক্রিয় মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** কাগজের ব্যাগ ও খাম তৈরি করে নিজের পায়ে দাঁড়ানোর কথা ভাবতে পারেন। এই মেশিনটির সাহায্যে সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে ৪২ ইঞ্চি পর্যন্ত খাম তৈরি করা যেতে পারে।

**কীভাবে করবেন:** বৈঠকখানা বাজার অঞ্চলে কাগজের রোল কিনতে পাওয়া যায়। কেজিপ্রতি রোলের দাম ২২ টাকা থেকে শুরু। তবে যদি খুব সাধারণ মানের ছোট ছোট খাম তৈরি করতে চান তবে রাজাবাজার অঞ্চল থেকে সস্তায় ছাঁট কাগজ কিনে আনতে হবে। এই কাগজের একদিক ছাপা এবং অন্যদিক সাদা থাকে। ছাপা অংশটি খামের ভেতরের দিকে থাকে।

প্রথমে পছন্দমতো কাগজের শিট নিয়ে তা মেশিনের নির্দিষ্ট জায়গায় রাখতে হবে। যে মাপের খাম তৈরি করতে চান, সেই মাপের ডাইস মেশিনে দিতে হবে। এবার মেশিন চালু করলে সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে কাটিং হয়ে, ভাঁজ হয়ে খাম তৈরি হয়ে বেরিয়ে আসবে। এই মেশিনে মিনিটে ৩০ থেকে ৪০টি খাম তৈরি সম্ভব। মেশিনটি চালাতে মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** সম্পূর্ণ স্বয়ংক্রিয় এই মেশিনটির দাম পড়বে ১৭ লাখ টাকা। এই মেশিনটি হস্ত-চালিত হলে তার দাম পড়বে ৭০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবকটি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি একজন দৈহিক প্রতিবন্ধী। আমি একজনের কাছ থেকে ফিনাইল নিয়ে বাড়ি বাড়ি গিয়ে বিক্রি করে সামান্য উপার্জন করতাম। এখন তিনি আমাকে বিক্রির জন্য ফিনাইল দিচ্ছেন না। ফিনাইল তৈরির সামগ্রী কলকাতার কোথা থেকে কিনতে পাওয়া যায় সে-ব্যাপারেও কোনও খোঁজ দিচ্ছেন না। আপনাদের কাছে ফিনাইল তৈরির উপকরণ কোথা থেকে কিনতে পাওয়া যায় তার সন্ধান পেতে চাইছি। —গোবিন্দপ্রসাদ সেনাপতি, পটাশপুর, পূর্ব মেদিনীপুর।*

□□ কলকাতার বোর্নফিল্ড রোডে (ক্যানিং স্ট্রিটের কাছে, হাওড়া স্টেশন থেকে কাছেই) নানা রাসায়নিক সামগ্রী তৈরির দোকান আছে। এখানে ফিনাইল তৈরির উপকরণও পাবেন।

স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতি-তে নানারকমের ফিনাইল তৈরির প্রশিক্ষণ দেয়। প্রশিক্ষণ ও তথ্যের জন্য এই প্রতিষ্ঠানেও যোগাযোগ করতে পারেন। ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি (বালি হল্ট স্টেশনের দক্ষিণে), হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *পাটের হস্তশিল্পসামগ্রী তৈরির প্রশিক্ষণ নিতে চাই। কোথাও এ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা থাকলে জানাবেন। —লক্ষ্মী দাশ, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ পাটের ব্যাগ, অলঙ্কার ও অন্যান্য হস্তশিল্পসামগ্রী তৈরির প্রশিক্ষণ দেয় কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার টেকনোলজি (নিরজাফট)। মেয়াদ ২ সপ্তাহ। পাটের নানা শৌখিন সামগ্রী তৈরির প্রশিক্ষণ দেওয়া হয় এখানে। ফি ১,২০০ টাকা। দিনপ্রতি ৫০ ও ১০০ টাকার বিনিময়ে প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়া যায়। যোগাযোগের ঠিকানা: ১২, রিজেন্ট পার্ক, কলকাতা-৭০০ ০৪০। ফোন: ৯০৬২১৩২৫২০, ৯০৬২০ ৩২৭৪২।

□ *চান্দেরি শাড়ি নামে একপ্রকার শাড়ি পাওয়া যায়। খোঁজ নিয়ে জেনেছি এই শাড়ি তৈরি হয় মধ্যপ্রদেশে। আমি শাড়ি-সহ মহিলাদের বিভিন্ন পোশাকের ব্যবসা করি। চান্দেরি শাড়ি ঠিক কোথায় তৈরি হয় জানালে উপকৃত হব। —সুজাতা মল্লিক, দমদম, কলকাতা।*

□□ মধ্যপ্রদেশের অশোকনগর জেলায় চান্দেরি। এই চান্দেরি থেকে ২ কিলোমিটার দূরে প্রাণপুর গ্রামে চান্দেরি শাড়ি তৈরি হয়। অশোকনগর থেকে চান্দেরির দূরত্ব ৬৫ কিলোমিটার। ললিতপুর থেকে ৩৭ কিলোমিটার।

□ *ভালো মানের একটি রেস্তোরাঁ খোলার জন্য ট্রেড লাইসেন্স ছাড়া আর কী কী লাইসেন্সের দরকার হতে পারে? —চন্দন সামন্ত, নাগেরবাজার, দমদম।*

□□ রেস্তোরাঁ খোলার জন্য ফুড সেফটি লাইসেন্স এবং হেলথ ট্রেড লাইসেন্স দু'টি অতি আবশ্যিক লাইসেন্স। ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অব ইন্ডিয়া এই লাইসেন্সটি মঞ্জুর করে। আপনার অঞ্চলের পুরসভা অথবা রাজ্যের স্বাস্থ্য বিভাগ থেকে হেলথ লাইসেন্স সংগ্রহ করতে হবে। এ ছাড়াও সংগ্রহে রাখতে হবে অগ্নিনির্বাপণ বিভাগের নো-অবজেকশন সার্টিফিকেট, পুলিশ কর্তৃপক্ষের কাছ থেকে নেওয়া ইটিং হাউস লাইসেন্স। শপ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট অনুসারে রেস্তোরাঁ খোলার ৩০ দিনের মধ্যে এই লাইসেন্সটি হাতে পাওয়ার দরকার হয়। এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্স সার্টিফিকেটেরও দরকার রয়েছে। রেস্তোরাঁর লোগো, নাম ইত্যাদির প্রচারের জন্য সিগনেজ লাইসেন্সের দরকার। আঞ্চলিক পুরসভা থেকেই এই লাইসেন্স সংগ্রহ করা যায়। রেস্তোরাঁয় অতিরিক্ত সুযোগ-সুবিধা যুক্ত হলে সংশ্লিষ্ট ক্ষেত্রের লাইসেন্সের দরকার হবে।


নিশ্চিত চাকুরি মুখী কোর্স

100% Placement Assistance

6 Months /1 Yr. / 2 Yrs. / 3Yrs. courses available

☆Mobile Repairing (Android / I-Phone) / Hardware & Networking / JOURNALISM Mass Comm.

☆Management Courses : ( Office / Tourism / Retail / Export & Import )

☆FASHION Design / INTERIOR Decoration / PARA MEDICAL (X-RAY , OTT, PT, DT )

☆Ast. NURSING (ANM /GNM) / Lab Technology ( DMLT )

Scholarship upto 50%

+ডিগ্রি / ডিপ্লোমা Under UGC Approved University
+Get Salary Up to 3 lacs P.A. + Loan Facility
+A.C Class room + Hostel Facility (Boys / Girls)
+Flexible class timing (Also Sunday)
+International Job Assistance ( IELTS / TOEFL )

Joint Entrance Classes ( কোচিং )
NEET / JEE ( MAIN + ADVANCE )
VOCLET JEXPO WBJEE
JELET CLAT NCHMCT
JENPAUH MAT CET
Scholarship upto 90%

Mindmine
Institute For Skill Training (MIST)
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
Website :www.mindmineskillindia.com
+ মৌলালী (Taltala) + ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656



2019
MBBS
In India and abroad
NEET failed Eligible/ NEET NOT GIVEN also Eligible
FMGE/GNM/BSc Nursing
AS PER BUDGET
2020
MD/MS/MDS
30 LAC ONWARDS
Offer is valid till 31st October
9073027904



NCVT অনুমোদিত
(পশ্চিমবঙ্গ বোর্ড)
ITI ফিটার ইলেক্ট্রিশিয়ান
ক্যাম্পাসিং এবং প্লেসমেন্ট, নিজস্ব কলেজ বাস ও হস্টেল, সরকারি স্কলারশিপ, লাইব্রেরি, ব্যাঙ্ক লোন, ক্যান্টিন, ইউনিফর্ম, ইন্ডাস্ট্রিয়াল ট্যুর ও মাসিক মাহিনা
অরবিন্দ আই.টি.আই
কল্যাণী, নদীয়া
9007011451 / 457



পাবলিকেশন কোম্পানিতে নিম্নের পদগুলির জন্য

• মার্কেটিং স্টাফ, জেলাভিত্তিক (স্থায়ী ও অস্থায়ী)
• মার্কেটিং সুপারভাইজার্স
• ডি.টি.পি. অপারেটার
• Accountant (upto date)

★ স্যালারি, কমিশন, বোনাস, ইনসেনটিভ, অভিজ্ঞতা ও আলোচনা অনুসারে। (বয়স ২৫-৩৫-র মধ্যে)

বুক ইন্ডিয়া
৫৭/২ডি কলেজস্ট্রীট, কলকাতা-৭৩
Mail-id: bookindia2012@gmail.com



পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি এফ ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪

তপশিলী জাতি ও আদিবাসী যুবক/যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ

| বিষয় | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| Automotive Service Technician 2 & 3 wheeler | মাধ্যমিক পাশ |
| Handset Repair Engineer | উচ্চমাধ্যমিক পাশ |

যোগ্যতা : বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর।
পারিবারিক বার্ষিক আয় সর্বাধিক ৩,০০,০০০.০০ টাকা।

প্রশিক্ষণ কেন্দ্র

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| শিলিগুড়ি | Hill Cart Road, Siliguri-734 001 Ph : 8335078359 | Automotive Service Technician 2 & 3 wheeler | 50 |
| | | Handset Repair Engineer | 60 |
| পঃ বর্ধমান | BSNL Building, Bhiringi, Durgapur, Burdwan, Durgapur - 713213 Ph : 9836428286 | Automotive Service Technician 2 & 3 wheeler | 30 |
| | | Handset Repair Engineer | 60 |
| মালদা | Rabindra Avenue, Malda-732101 Ph : 9674165585 | Automotive Service Technician 2 & 3 wheeler | 30 |
| | | Handset Repair Engineer | 60 |
| মুর্শিদাবাদ | 1, R. M. Sen Road, Berhampore, Dist.-Murshidabad, Pin-742101 Ph : 9674165587 | Automotive Service Technician 2 & 3 wheeler | 30 |
| | | Handset Repair Engineer | 30 |
| নদীয়া | Police Club Building, 11 M.N. Ghosh Street, Krishnanagar- 741101 Ph : 9674162462 | Automotive Service Technician 2 & 3 wheeler | 30 |
| | | Handset Repair Engineer | 60 |
| সোনারপুর | 4B, Aghore Sarani, Rajpur Ph : 9073923035 | Automotive Service Technician 2 & 3 wheeler | 30 |
| | | Handset Repair Engineer | 30 |

অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায় : www.wbscstcorp.gov.in
বিশদ জানতে যোগাযোগ করুন 8017009035/9073323344
আবেদনের শেষ তারিখ - ৩১শে অক্টোবর ২০১৯
প্রকল্প রূপায়নে - The George Telegraph Training Institute


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*দারিদ্র শুধুমাত্র অর্থের অভাব নয়, মানুষ হিসেবে একজনের পূর্ণ ক্ষমতা কতটুকু, তা বুঝতে পারার অভাবই হল দারিদ্র।*
*— অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়*
*(সদ্য নোবেল পুরস্কারপ্রাপ্ত অর্থনীতিবিদ)*

***✓ উচ্চমাধ্যমিক পড়ছি কমার্স শাখায়। একটা চাকরির প্রয়োজন খুবই। চাকরির সন্ধান দিলে খুবই উপকৃত হব।***
*নির্মাল্য দে, চুঁচুড়া, হুগলি।*

☐ উচ্চমাধ্যমিক পাশ না করা পর্যন্ত আপনার শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক বলে ধরা হবে। মাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আপনি আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** বেশকিছু নাবিক (কুক, স্টুয়ার্ড) নিয়োগ করবে উপকূলরক্ষী বাহিনী। শিক্ষাগত যোগ্যতা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বয়স হতে হবে ১৮-২২ বছরের মধ্যে। মাধ্যমিকে ৫০ শতাংশ নম্বর এবং নির্দিষ্ট দৈহিক উচ্চতা থাকলে আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ অক্টোবর সংখ্যায় 'কোস্টগার্ডে নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **৩০ অক্টোবর থেকে ৮ নভেম্বরের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

> বেশকিছু নাবিক (কুক, স্টুয়ার্ড) নিয়োগ করবে উপকূলরক্ষী বাহিনী। শিক্ষাগত যোগ্যতা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বয়স হতে হবে ১৮-২২ বছরের মধ্যে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। প্রার্থী বাছাই করে স্টাফ সিলেকশন কমিশন। নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় বিশদে সে খবর জানানো হয়। রেলে লেভেল-ওয়ান পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন সরকারি সংস্থায় গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন।

***✓ আমি একজন স্নাতক। স্টেনোগ্রাফি জানি। মিনিটে ১০০টি শব্দ শর্টহ্যান্ডে লিখতে এবং ৪০টি শব্দ টাইপ করতে পারব। কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করেছি। স্টেনোগ্রাফারের চাকরির খবর পেতে চাই।***
*সুদীপ্ত পাল, ঠাকুরপুকুর, কলকাতা।*

☐ স্টেনোগ্রাফারের চাকরি আছে বিভিন্ন সরকারি সংস্থাতেই। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। লিখিত পরীক্ষায় সফল হলে তবেই স্টেনোগ্রাফি টেস্টের ডাক পাবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট ও সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে দেশের শীর্ষ আদালত সুপ্রিম কোর্ট। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। মিনিটে যথাক্রমে ১০০টি ও ১১০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে। সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদের প্রার্থীদের ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২ অক্টোবর সংখ্যায় 'সুপ্রিম কোর্টে পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **২৪ অক্টোবরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sci.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় স্টেনোগ্রাফার নিয়োগ করা হয়। আপনি আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে স্টেনোগ্রাফার পদে চাকরির সুযোগ আছে। পশ্চিমবঙ্গ বিধানসভায় রিপোর্টার পদে আবেদন করতে পারবেন।

***✓ মাধ্যমিকের পরে মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডে আই টি আই কোর্স করেছি। সরকারি চাকরির ব্যবস্থা থাকলে জানাবেন।***
*তীর্থ মজুমদার, রানাঘাট, নদিয়া।*

☐ চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৫৪০জন মাল্টি স্কিল্ড ওয়ার্কার নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক মোটর ভেহিক্যাল বা ট্রাক্টর ট্রেডে সার্টিফিকেট থাকতে হবে। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। প্রয়োজনীয় দৈহিক উচ্চতা থাকলে আপনি আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল টেস্ট, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে। 'কর্মক্ষেত্র'-র ১৬ অক্টোবর সংখ্যায় 'বর্ডার রোডস অর্গানাইজেশনে ৫৪০ মাল্টি-স্কিল্ড ওয়ার্কার' শীর্ষক সংবাদে এই নিয়োগ সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.bro.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ খামে ভরা দরখাস্ত **২৪ নভেম্বরের মধ্যে** রেজিস্টার্ড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: Commandant, GREF Centre, Dighi Camp, Pune-411 015

> ৫৪০জন মাল্টি স্কিল্ড ওয়ার্কার নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক মোটর ভেহিক্যাল বা ট্রাক্টর ট্রেডে সার্টিফিকেট থাকতে হবে। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে টেকনিশিয়ান ও লেভেল-ওয়ান পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আপনার উপযোগী আরও চাকরির খবর পাবেন।

***✓ আমি মাধ্যমিক পাশ করেছি ২০১৭-য়। তফসিলি জাতিভুক্ত। দরিদ্র পরিবারের তরুণ। বয়স ১৯ বছর। একটি ছোট ওয়ার্কশপে গাড়ি মেরামতের মিস্ত্রির সহযোগী হিসেবে কাজ করি। কোথাও খুব কম খরচে গাড়ি, মোটর সাইকেল ইত্যাদি সারাইয়ের কাজ শেখার সুযোগ থাকলে জানাবেন।***
*উৎপল দাস, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ ২০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে টু-হুইলার, থ্রি-হুইলার রিপেয়ারিংয়ের প্রশিক্ষণ দেবে পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম এবং দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট, যৌথ ভাবে। ট্রেনিং নেওয়ার জন্য কোনও খরচ লাগবে না। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। পারিবারিক বার্ষিক আয় ৩ লক্ষ টাকার নীচে হলে তবেই এই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে।

'কর্মক্ষেত্র'-র ১৬ অক্টোবর সংখ্যায় 'নিখরচায় রাজ্যের ৫০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **৩১ অক্টোবরের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscstcorp.gov.in বার্ষিক পারিবারিক আয় নির্দিষ্ট সীমার মধ্যে থাকলে আপনি এই প্রশিক্ষণ কোর্সে আবেদন করতে পারেন। তথ্যের জন্য ফোন করতে পারেন এই হেল্প লাইন নম্বরে: ৯০৭৩৩-২৩৩৪৪

মোটর বাইক, স্কুটার, স্কুটি প্রভৃতির মতো টু-হুইলার রিপেয়ারিং ও মেন্টেন্যান্সের প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের স্কিল অ্যান্ড এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। এই প্রশিক্ষণ কোর্সটি ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক স্বীকৃত। প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস। আধুনিক পদ্ধতিতে টু-হুইলার রিপেয়ারিংয়ে প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে। প্রশিক্ষণ শেষে পরীক্ষা হবে। সফলরা এন এস ডি সি-র সার্টিফিকেট পাবেন। প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে প্রশিক্ষণ শেষে বিভিন্ন টু-হুইলার প্রস্তুতকারী সংস্থা ও সার্ভিস সেন্টারে চাকরির ব্যাপারে প্রতিষ্ঠানের তরফ থেকে সহায়তা করা হবে। অন্তত ক্লাস এইট পাশ তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ফি ১০০০ টাকা। ভর্তির শেষ তারিখ ২৪ অক্টোবর। প্রশিক্ষণ শুরু হবে ২৬ অক্টোবর থেকে। যোগাযোগের ঠিকানা: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, সাঁকরাইল, ধুলাগড়ী, হাওড়া। ফোন: ৯৬৮১৪-৬৪১৫৬।

> ২০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে টু-হুইলার, থ্রি-হুইলার রিপেয়ারিংয়ে প্রশিক্ষণ দেবে পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম এবং দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট, যৌথ ভাবে। ট্রেনিং নেওয়ার জন্য কোনও খরচ লাগবে না।

## সঠিক পরিকল্পনা, যথার্থ উদ্যোগ ও প্রায়োগিক দক্ষতা কেরিয়ারের মূল কথা



**ডঃ জয়ন্তী দে**, অ্যাসোসিয়েট প্রফেসর, পাবলিক সিস্টেমস বিভাগ, কোর্স কো-অর্ডিনেটর, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট

পরিকল্পনা, উদ্যোগ ও প্রয়োগ— এই তিন স্তরে গড়ে ওঠে সফল কেরিয়ার।

কেমন কাজে আগ্রহ, তা বিচার-বিবেচনা করে সেই কাজ অনুসারী পড়াশোনার ব্যবস্থা পরিকল্পনার অন্তর্ভুক্ত। কাজ মানে এক্ষেত্রে পেশা। সুতরাং পেশা-সংশ্লিষ্ট পড়াশোনার কথাই বলতে চাইছি। একটু অন্যভাবেও বিষয়টি ভাবা যায়। ধরা যাক, ভালোবেসেই একটা বিষয় পড়েছেন। যখন বিষয়টি নিয়ে পড়াশোনা শুরু করেছিলেন তখন পেশার কথা সে-ভাবে ভাবেননি। এক্ষেত্রে বিষয়টি পড়তে পড়তেই পেশা নিয়ে একটা পরিকল্পনা ছকে নেওয়ার দরকার হবে। আপনার ওই বিষয়টির প্রায়োগিক দিকগুলি নিয়ে অবহিত হতে হবে সেক্ষেত্রে। প্রচুর ছেলেমেয়ে কলেজ স্তরে ইংরেজি সাহিত্য নিয়ে পড়াশোনা করেন। ধরা যাক, আপনি ইংরেজি অনার্স পড়ছেন। অন্তত দ্বিতীয় বর্ষে আপনাকে কেরিয়ার অপশনগুলো সম্পর্কে বিচার-বিবেচনা করে পেশার ধরন নিয়ে একটা সিদ্ধান্তে পৌঁছাতে হবে। তাতে সুবিধাটা হল এই যে, নির্দিষ্ট পেশাটির জন্য আপনি প্রস্তুত হওয়ার সময় পাবেন।

এখন দেখা যাক, ইংরেজি অনার্স বা ইংরেজির স্নাতকোত্তর কোর্স সম্পূর্ণ করার পরে আপনি কোন কোন পেশা অবলম্বন করতে পারেন। ইংরেজি স্নাতকোত্তর কোর্স সম্পূর্ণ করার পরে আপনি পাবলিক রিলেশনসের পেশা অবলম্বন করতে পারেন, সাংবাদিকতা করতে পারেন। অনার্সের পরে জার্নালিজম ও মাসকমিউনিকেশন বা পাবলিক রিলেশনস বিষয়ে স্নাতকোত্তর কোর্স করতে পারেন। গ্র্যাজুয়েশনের পরে অ্যাডভার্টাইজিং বিষয়ে আলাদাভাবে পড়াশোনা করে বিজ্ঞাপনের পেশার জন্য প্রস্তুতি নিতে পারেন। ডিজিটাল মার্কেটিং বা সোশ্যাল মিডিয়া মার্কেটিং পেশার জন্য প্রশিক্ষণ নিতে পারেন অনার্স বা পোস্ট-গ্র্যাজুয়েশনের পরে। কনটেন্ট রাইটিং আরেকটি নতুন পেশা। স্নাতক বা স্নাতকোত্তরের পরে এ কাজটি করা যায়। ম্যানেজমেন্ট পড়তে পারেন গ্র্যাজুয়েশনের পরেই। শিক্ষকতার পেশা অবলম্বন করতে পারেন। সেক্ষেত্রে শিক্ষকতার প্রশিক্ষণ নিতে হবে। আর প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সরকারি চাকরির সুযোগ তো আছেই।

পেশার ব্যাপারে পরিকল্পনা ছকে নেওয়ার পরে সেই পেশার উপযোগী করে নিজেকে গড়ে তোলার জন্য আন্তরিক উদ্যোগ নিতে হবে। ধরুন, আপনি বিজ্ঞাপন জগতের পেশাকে বেছে নিলেন। সেখানেও কাজের নানা বিভাগ আছে। পরিকল্পনাটা স্থির হয়ে গেলে আপনি আগে থেকেই বিজ্ঞাপন জগতের পেশা সম্পর্কে অবহিত হওয়ার উদ্যোগ নেবেন, বিজ্ঞাপন সংক্রান্ত বইপত্র পড়বেন, বিজ্ঞাপন সংস্থায় ইন্টার্নশিপের সুযোগ খুঁজবেন। এগুলোই লক্ষ্যভেদী উদ্যোগ।

তারপর কর্মক্ষেত্রে প্রবেশ। এখানে আপনার জ্ঞান-দক্ষতার প্রয়োগ ঘটাতে হবে। কাজ করতে করতে আরও শিখতে হবে। সেই শিক্ষারও যথার্থ প্রয়োগ ঘটিয়ে কাজের দুনিয়ায় আপনার শিক্ষাদীক্ষার ছাপ রাখতে হবে। এটাই তো কেরিয়ার।

> ধরা যাক, ভালোবেসেই একটা বিষয় পড়েছেন। যখন বিষয়টি নিয়ে পড়াশোনা শুরু করেছিলেন তখন পেশার কথা সে-ভাবে ভাবেননি। এক্ষেত্রে বিষয়টি পড়তে পড়তেই পেশা নিয়ে একটা পরিকল্পনা ছকে নেওয়ার দরকার হবে। আপনার ওই বিষয়টির প্রায়োগিক দিকগুলি নিয়ে অবহিত হতে হবে সেক্ষেত্রে।

---

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন?
(যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## কী পড়বেন, কোথায় পড়বেন

### কলকাতা সাইয়ে স্পোর্টস কোচিংয়ের সার্টিফিকেট কোর্স



স্পোর্টস কোচিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পাতিয়ালার নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্সটি করানো হবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার কলকাতা কেন্দ্রে। কোর্স চলবে ২৪ ডিসেম্বর থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত।

ডিপ্লোমা কোর্স করানো হবে এই সব ক্রীড়ায়: তিরন্দাজি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বক্সিং, ক্রিকেট, জিমন্যাস্টিক্স এবং সুইমিং।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ব্যক্তিগত বা দলগত ইভেন্টে জেলা স্তরের প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। অথবা স্টেট বা ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে থাকলেও আবেদন করা যাবে।

ফিজিক্যাল এডুকেশনের শিক্ষক-শিক্ষিকা, আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়, সমাজ সেবক এবং স্পনসর্ড প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ২৪-১২-২০১৯ তারিখে ২০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি প্রার্থীরা ৫ বছরের ছাড় পাবেন।

**কোর্স ফি:** ১৮,৫৫০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsnis.org আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফর্মটি কোনও রেজিস্টার্ড মেডিকেল প্র্যাক্টিশনারকে দিয়ে প্রত্যয়িত করিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক কালেক্টের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.onlinesbi.com ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩১ অক্টোবর। অনলাইন ব্যবস্থায় ফি জমা দিয়ে থাকলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ফি জমা দেওয়ার ই-রিসিপ্ট (অনলাইন) বা রসিদ (অফলাইন)।
- ✓প্রার্থীর এক কপি ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓খেলাধুলা সংক্রান্ত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১০ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer of the Incharge (Academics), Sports Authority of India, Netaji Subhas National Institute of Sports, Old Moti Bagh, Patiala-147001 (Punjab).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১৭৫-২২১১৫৩৯।

### নিখরচায় রাজ্যের সংখ্যালঘু তরুণ-তরুণীকে সরকারি চাকরির প্রশিক্ষণ

রাজ্যের মুসলিম, খ্রিস্টান, শিখ, বৌদ্ধ, পারসি ও জৈন ধর্মাবলম্বী তরুণ-তরুণীকে নিখরচায় বিভিন্ন সরকারি চাকরি পেতে সহায়তা করতে প্রশিক্ষণ দেবে ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রশিক্ষণ শুরু হবে ডিসেম্বরে। প্রশিক্ষণের নাম 'প্রি-রিক্রুটমেন্ট কোচিং ফর মাইনরিটি ইয়ুথ ফর কম্পিটিটিভ এক্সামিনেশনস'।

প্রশিক্ষণ দেওয়া হবে এই সব পরীক্ষার জন্য— ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনস, সাব-ইনস্পেক্টর অব পুলিশ, সাব-ইন্সপেক্টর অব স্কুল, সাব-ইনস্পেক্টর অব ফুড, মিসেলেনিয়াস সার্ভিসেস, ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস, জুডিশিয়াল সার্ভিস, কৃষি প্রযুক্তি সহায়ক, সেন্ট্রাল স্টাফ সিলেকশন কমিশন, কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, পোস্টাল ডিপার্টমেন্ট, ইন্টেলিজেন্স ব্যুরো, বিমা ও ভারতীয় রেল (নন-টেকনিক্যাল)।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** ৩০-৯-২০১৯ তারিখে ২২ থেকে ৩৪ বছরের মধ্যে হতে হবে। নিয়মানুসারে বয়সের ছাড় পাওয়া যাবে।

উভয় ক্ষেত্রেই প্রশিক্ষণের মেয়াদ ৭ মাস। প্রশিক্ষণ দেওয়া হবে শনিবার, রবিবার ও ছুটির দিনগুলিতে। কোর্স শুরু হবে ডিসেম্বরে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmdfc.org আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর অ্যাকনলেজমেন্ট নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই টোল-ফ্রি নম্বরে: ১৮০০-১২০-২১৩০।

# রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ২ ফেব্রুয়ারি



রাজ্যের বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০২০ আয়োজিত হবে ২ ফেব্রুয়ারি (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **ইঞ্জিনিয়ারিং:** ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা বায়োটেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**ফার্মাসি:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজির মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**মেরিন ইঞ্জিনিয়ারিং:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**আর্কিটেকচার:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কাউন্সিল অব আর্কিটেকচার দ্বারা পরিচালিত 'ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার' পরীক্ষা বা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন পেপার-টুয়ে উত্তীর্ণ হতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২০ তারিখে অন্তত ১৭ বছর হতে হবে। মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ক্ষেত্রে বয়স হতে হবে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে।

জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষাটি নেওয়া হবে দু'টি পত্রে— পেপার ওয়ান ও পেপার টু। পেপার ওয়ানে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং পেপার টুয়ে প্রশ্ন হবে ফিজিক্স (৫০ নম্বর) ও কেমিস্ট্রি (৫০ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার সময় পেপার ওয়ানের ক্ষেত্রে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত এবং পেপার টুয়ের ক্ষেত্রে দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: https://wbjeeb.nic.in ২৭ জানুয়ারি (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোডও করা যাবে এই ওয়েবসাইট থেকে। বিভিন্ন জেলায় একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ নভেম্বর পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbjeeb.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, ৩ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা (তফসিলি এবং ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। আবেদনের সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ১৪ নভেম্বর থেকে ১৬ নভেম্বরের মধ্যে। কনফার্মেশন পেজ ডাউনলোড করার শেষ তারিখ ১৬ নভেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরগুলিতে: ১৮০০-১০২৩-৭৮১, ১৮০০-৩৪৫০-০৫০।

## স্কলারশিপের খোঁজখবর

### টাটা ট্রাস্টস মেডিক্যাল অ্যান্ড হেলথকেয়ার স্কলারশিপস ২০১৯-২০

মেডিক্যাল ও হেলথ কেয়ার-সম্পর্কিত বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা ট্রাস্ট। চলতি শিক্ষাবর্ষের মোট ফিয়ের ৩০ থেকে ৮০ শতাংশ খরচ বহন করবে টাটা ট্রাস্ট।

**আবেদনের যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তরের দ্বিতীয় বর্ষে পাঠরতরা আবেদন করবেন।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/TTM4 আবেদনের শেষ তারিখ ৬ নভেম্বর।

### বিড়ি শ্রমিক, সিনে ওয়ার্কার এবং খনি শ্রমিকের সন্তানদের কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ ২০১৯-২০

বিড়ি শ্রমিক, সিনে ওয়ার্কার, লোহা, লাইমস্টোন এবং ডলোমাইটের খনিতে কর্মরতদের ছেলেমেয়েদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার।

**আবেদনের যোগ্যতা:** একাদশ-দ্বাদশ শ্রেণি বা স্নাতক বা আই টি আই বা ডিপ্লোমা বা স্নাতকোত্তরে পাঠরতরা আবেদন করবেন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১ লাখের নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১৫,০০০ টাকা। মহিলারা অতিরিক্ত সুবিধা সুবিধা পাবেন।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/FAF8 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

### দ্য ফার্স্ট স্কলারশিপ, ইউনিভার্সিটি অব কেন্ট ২০১৯

স্নাতক কোর্সে ভর্তি হতে ইচ্ছুক মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইংল্যান্ডের কেন্ট বিশ্ববিদ্যালয়। স্কলারশিপ বাবদ প্রতি বছরে ২ হাজার পাউন্ড দেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/FSU1 অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। আবেদনের যোগ্যতা-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### প্রেসিডেন্টস পি এইচ ডি স্কলারশিপস, ইম্পিরিয়াল কলেজ, লন্ডন, ২০১৯-২০

২০২০-২১ শিক্ষাবর্ষে সায়েন্স, টেকনোলজি এবং মেডিসিনের মধ্যে যে-কোনও একটি বিষয়ে পি এইচ ডি করতে ইচ্ছুক ৫০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেবে লন্ডনের ইম্পিরিয়াল কলেজ।

**আবেদনের যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রিধারীরা আবেদন করবেন।

**স্কলারশিপের পরিমাণ:** টিউশন ফিয়ের খরচ বহন করবে সংশ্লিষ্ট কলেজ। এর পাশাপাশি পি এইচ ডি-র প্রথম তিন বছরে স্টাইপেন্ড বাবদ দেওয়া হবে প্রতি বছরে ২,০০০ পাউন্ড এবং কিছু ছাত্রছাত্রীকে প্রতি মাসে ২১,০০০ পাউন্ড দেওয়া হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/PPSICL298

*(তথ্য সহায়তা: buddy4study)*

## দক্ষিণ ২৪ পরগনায় ডাক্তার

১৮ জন ডাক্তার নিয়োগ করবে দক্ষিণ ২৪ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে বিভিন্ন সরকারি স্বাস্থ্য প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH (SPG)/DH&FWS/9858.

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৫ অক্টোবর।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউ পি এস সি-র মাধ্যমে কেন্দ্রীয় সরকারে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিশদে জানাবেন। —মানিক সরকার, কন্দোলী, পুরুলিয়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন, ২০২০' পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সার্ভিস ও সংস্থায় ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা ৫ জানুয়ারি। প্রথম পর্যায় তথা স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা)। পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। স্টেজ টুয়ে (মেইন পরীক্ষা) সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। তৃতীয় পর্যায়ে থাকবে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষার নির্দিষ্ট সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## স্টাফ সিলেকশন

□ *স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন'-এর মাধ্যমে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —গার্গী সেনগুপ্ত, মল্লিকপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন'-এর মাধ্যমে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। এ ছাড়া ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। অর্থাৎ ঘণ্টায় ইংরেজির ক্ষেত্রে ১০,৫০০ ও হিন্দির ক্ষেত্রে ৯,০০০ কি-ডিপ্রেশনের গতি থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। টিয়ার-ওয়ান কম্পিউটার-বেসড পরীক্ষা হবে ৪টি অংশে— ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল ইন্টেলিজেন্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (অঙ্কের দক্ষতা বিষয়ক) এবং জেনারেল অ্যাওয়্যারনেস। প্রতি অংশে ২৫টি করে মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। মোট ২০০ নম্বরের পরীক্ষা। প্রতিটি অংশে নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। প্রতিটি বিষয়ে আলাদা করে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। নেগেটিভ মার্কিং থাকবে। টিয়ার-টুয়ে ডেসক্রিপ্টিভ প্রশ্নের পরীক্ষায় থাকবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। এতে থাকবে এসে রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং। সময় ১ ঘণ্টা। লিখিত পরীক্ষায় পাশ করলে স্কিল টেস্ট/ টাইপিং টেস্ট নেওয়া হবে। খুঁটিনাটি জানার জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ssconline.nic.in

## নার্সিং

□ *সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শ্রেয়সী ধর, পুখুরিয়া, মালদা।*

□□ সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বি এসসি নার্সিং অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সঙ্গে অধ্যাপনা বা গবেষণার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। ৩১ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ccras.nic.in

□ *ভিলাই স্টিল প্ল্যান্টে জুনিয়র স্টাফ নার্স (ট্রেনি) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মৌমিতা দাশগুপ্ত, শ্যামপুর, হাওড়া।*

□□ ভিলাই স্টিল প্ল্যান্টে জুনিয়র স্টাফ নার্স (ট্রেনি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিল বা নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। এ ছাড়াও সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। খুঁটিনাটি তথ্য বিষয়ে বিশদে জানার জন্য দেখুন এই ওয়েবসাইট: www.sail.co.in

## নেট/সেট

□ *সি এস আই আর নেট পরীক্ষায় কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকলে আবেদন করা যায়? পরীক্ষার বিষয়ে বিস্তারিত জানাবেন। —অরিজিৎ দাস, লোকপুর, বীরভূম।*

□□ সি এস আই আর নেট পরীক্ষায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এম এসসি বা ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা ৪ বছরের ব্যাচেলর অব সায়েন্স (বি এস) বা বি ই বা বি টেক বা বি ফার্মা বা এম বি বি এস বা সমতুল ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। ব্যাচেলর্স ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। সব ক্ষেত্রেই তফসিলিরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। বি এসসি পাশ করে থাকলে বা এম এসসি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও শর্তসাপেক্ষে আবেদন করা যাবে। সি এস আই আর নেট পরীক্ষা দু'টি সেশনে— মর্নিং সেশন সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। আফটারনুন সেশন দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত। মর্নিং সেশনে পরীক্ষা হবে লাইফ সায়েন্সেস ও ফিজিক্যাল সায়েন্সেস বিষয়ের এবং আফটারনুন সেশনে পরীক্ষা হবে কেমিক্যাল সায়েন্সেস, ম্যাথমেটিক্যাল সায়েন্সেস ও আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস বিষয়ের। মোট নম্বর ২০০। প্রতি বিষয়ের তিনটি পার্টে পরীক্ষা হবে। প্রথম পার্টে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। গুরুত্ব দেওয়া হবে লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালিসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজলস ইত্যাদিতে। পার্ট 'বি'-এ থাকবে বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। পার্ট 'সি'-এ থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.csirhrdg.res.in

## উচ্চশিক্ষা

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এবং হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি হতে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? কতদিনের কোর্স? প্রার্থী বাছাই করা হবে কীসের ভিত্তিতে? —দেবপ্রিয় মৌলিক, দেউলিয়া, উত্তর ২৪ পরগনা।*

□□ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এবং হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স করায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিজনেস ম্যানেজমেন্ট বিভাগ। কোর্সটি করানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ের আলিপুর ক্যাম্পাসে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটির ক্ষেত্রে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা সমতুল জাতীয় স্তরের পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট কোর্সটির ক্ষেত্রে ক্যাট বা ম্যাট বা জয়েন্ট এন্ট্রান্স ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (জে-ম্যাট) বা সমতুল স্তরের পরীক্ষার স্কোর থাকতে হবে। প্রাথমিকভাবে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটির ক্ষেত্রে ক্যাট বা ম্যাট অথবা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট কোর্সটির ক্ষেত্রে ক্যাট বা ম্যাট বা জে-ম্যাট বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.caluniv.ac.in

## কোর্স, ট্রেনিং

□ *কল্যাণী বিশ্ববিদ্যালয়ে শারীরশিক্ষার স্নাতক কোর্সে ভর্তি হতে চাই। এই কোর্সে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —অনিন্দ্য ভট্টাচার্য, কালীগঞ্জ, নদিয়া।*

□□ কল্যাণী বিশ্ববিদ্যালয়ে শারীরশিক্ষার স্নাতক কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ বা ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃ আঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা মোট অন্তত ৪৫ নম্বর-সহ ফিজিক্যাল এডুকেশনে ব্যাচেলর্স ডিগ্রি। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। স্নাতক স্তরে প্রার্থীকে আবশ্যিক বিষয় হিসেবে ফিজিক্যাল এডুকেশন পড়ে থাকতে হবে। অন্যথায়, স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় বা আন্তঃরাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে অথবা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকলেও আবেদন করতে পারেন। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। খুঁটিনাটি তথ্য বিষয়ে বিশদে জানার জন্য দেখুন এই ওয়েবসাইট: www.klyuniv.ac.in

□ *ইন্ডিয়ান ইনস্টিটিউশন অব ফরেন ট্রেডে ইন্টারন্যাশনাল বিজনেসে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —পায়েল কুণ্ডু, গোপালনগর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইন্টারন্যাশনাল বিজনেসে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেড। প্রার্থী বাছাই করা হবে 'আই আই এফ টি এম বি এ (আই বি) এন্ট্রান্স এক্সামিনেশন'-এর মাধ্যমে। পরীক্ষা পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১ ডিসেম্বর। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nta.ac.in আবেদনের শেষ তারিখ ২৫ অক্টোবর। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো, কালো কালির সই, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

## অন্যান্য চাকরি

□ *ভারতীয় সেনাবাহিনীতে কার্টোগ্রাফার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দীপক মণ্ডল, মথুরাপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ভারতীয় সেনাবাহিনীতে কার্টোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বি এ বা বি এসসি, স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। উচ্চমাধ্যমিকে সায়েন্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৬৯ সেমি। ওজন অন্তত ৫০ কেজি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি। প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক, দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সর্বাধিক ৫.৪৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড় (আগে দৌড় শেষ করলে বোনাস নম্বর পাওয়া যাবে), জিগজ্যাগ ব্যালান্স, ৬টি বিম ও ৯ ফুট লং জাম্প (ডিচ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা নেওয়া হবে। ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ম্যাথমেটিক্স এবং ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয়ে। পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি। ৩০ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in

□ *কোস্টগার্ডে নাবিক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —দীপঙ্কর শেঠ, ঘাটাল, পশ্চিম মেদিনীপুর।*

□□ কোস্টগার্ডে নাবিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ। তফসিলি, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড় এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন। সেই সঙ্গে উচ্চতা থাকতে হবে অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি ভালো ও খারাপ উভয় চোখে ৬/৩৬ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

□ *চণ্ডীগড়ে স্টেনো-টাইপিস্ট (ইংলিশ) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —রাখী সাহা, পুরন্দরপুর, মুর্শিদাবাদ।*

□□ চণ্ডীগড়ে স্টেনো-টাইপিস্ট (ইংলিশ) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট, স্টেনোগ্রাফি টেস্ট ও ট্রান্সক্রিপশন টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় দু'টি পত্র থাকবে। প্রথম পত্রের পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা। পরীক্ষায় থাকবে উচ্চমাধ্যমিক স্তরের ইংলিশ (৪০ নম্বর), জেনারেল নলেজ (৪০ নম্বর), কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট (২০ নম্বর)। দ্বিতীয় পত্রের পরীক্ষা হবে দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। পরীক্ষায় থাকবে মাধ্যমিক স্তরের অঙ্ক (৪০ নম্বর) ও স্ট্যাটিস্টিক্স (৩০ নম্বর), অ্যাপ্টিটিউড (রিজনিং ভার্বাল ও নন-ভার্বাল) (৩০ নম্বর)। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: http://chdrectt2019.in

□ *ইস্টার্ন কোলফিল্ডসে অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অলোকানন্দ মিত্র, আন্দুল, হাওড়া।*

□□ ইস্টার্ন কোলফিল্ডসে অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: আই সি ডব্লু এ বা সি এ-র ইন্টারমিডিয়েট এক্সামিনেশন পাশ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস, এরিথমেটিক, জেনারেল ইংলিশ এবং সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ২৩ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.easterncoal.gov.in

□ *ম্যাঙ্গালোর রিফাইনারিতে ইনস্ট্রুমেন্টেশন শাখায় টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মলয় ভঞ্জ, দক্ষিণ রাজ্যধরপুর, হুগলি।*

□□ ম্যাঙ্গালোর রিফাইনারিতে ইনস্ট্রুমেন্টেশন শাখায় টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্ট টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। বিশদে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.mrpl.co.in

□ *সি আই এস এফে কনস্টেবল পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানাবেন। —শঙ্কর মণ্ডল, ইসলামপুর, উত্তর দিনাজপুর।*

□□ কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীতে কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৭০ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে ভালো চোখে দৃষ্টিশক্তি হতে হবে ৬/৬, খারাপ চোখে ৬/৯। প্রার্থী বাছাই করা হবে শারীরিক মাপজোক যাচাই, শারীরিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, লিখিত পরীক্ষা ও মেডিকেল এক্সামিনেশনের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে হাইট বার টেস্ট এবং ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড়। লিখিত পরীক্ষায় জেনারেল অ্যাওয়্যারনেস বা জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স, অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, এবিলিটি টু অবজার্ভ অ্যান্ড ডিসটিংগুইশ প্যাটার্নস, জেনারেল ইংলিশ বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। খুঁটিনাটি জানার জন্য দেখুন এই ওয়েবসাইট: http://cisfrectt.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## অল ইন্ডিয়া রেডিও-য় আংশিক সময়ের সাংবাদিক

৭ জন সাংবাদিক (পার্ট টাইম করসপন্ডেন্ট) নেবে অল ইন্ডিয়া রেডিও-র কলকাতা অফিস। আংশিক সময়ের জন্য চুক্তিতে নিয়োগ হবে বাঁকুড়া, মালদা, উত্তর চব্বিশ পরগনা, কালিম্পং, আলিপুরদুয়ার, ঝাড়গ্রাম এবং পশ্চিম বর্ধমান জেলায়।

**শিক্ষাগত যোগ্যতা:** মাস মিডিয়া বা জার্নালিজমে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিপ্লোমা। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে সাংবাদিকতায় অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৪ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ৪,২৫০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.newsonair.nic.in প্রার্থীর সাম্প্রতিক তোলা এক কপি ফটো ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র ২৫ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। ঠিকানা: হেড অফিস, অল ইন্ডিয়া রেডিও, আকাশবাণী, কলকাতা-৭০০ ০০১।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অস্ত্র কারখানায় ৪৮০৫

*প্রথম পাতার পর*

**বয়স:** নির্দিষ্ট তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

এই প্রশিক্ষণের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে ডিসেম্বরের শেষ সপ্তাহে। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে কর্মক্ষেত্র-য় সে খবর জানানো হবে। আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ofb.gov.in

## আর্মিতে উচ্চমাধ্যমিক

*প্রথম পাতার পর*

বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের (৩-৫ দিন) জন্য। প্রথমবার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেলভাড়া পাওয়া যাবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪৩তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৫ বছর। প্রথমে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুনে বা সেকেন্দ্রাবাদ বা মোহাউ-এ ৩ বছরের প্রি কমিশন ট্রেনিং এবং আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ১৩ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর পাওয়া যাবে। রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

**ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন:** ✓২০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো। ✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓সচিত্র পরিচয়পত্রের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত মূল সার্টিফিকেটগুলিও সঙ্গে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইন্ডিয়ান অয়েলে ১৩১

*প্রথম পাতার পর*

অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে নির্দিষ্ট শাখায় ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা।

ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে নির্দিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ।

**বয়স:** ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৬ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের পাঁচ কপি রঙিন ফটো, কালো কালির সই, জন্মতারিখের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র ও কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

## ফল বেরোল

**বিজ্ঞপ্তি নম্বর 3/2019 অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত ২০১৯-এর ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশনের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.pscwbonline.gov.in

## এয়ার ইন্ডিয়ায় ১৭০

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা ডেটা এন্ট্রি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া ইঞ্জিনিয়ারিং বা এয়ার ক্রাফ্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যারের কাজকর্মে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

হিউম্যান রিসোর্স বা ফিনান্স বা মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা লাইব্রেরি সায়েন্স বা স্টেনোগ্রাফিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অথবা কোনও শিডিউলড এয়ারলাইন্সে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যার বা সিস্টেমস অ্যাপ্লিকেশনস প্রোডাক্টস (এস এ পি) সফটওয়্যারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ১৯,৫৭০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন স্কিল টেস্টের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। স্কিল টেস্ট হবে ২৪ নভেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১০ নভেম্বর থেকে ১৫ নভেম্বরের মধ্যে।

এই নিয়োগের রেফারেন্স নম্বর: AIESL/AS/2019/Corrigendum-I.

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in দরখাস্ত করা যাবে ৫ নভেম্বর পর্যন্ত। প্রার্থী যে-রিজিয়নের শূন্যপদে আবেদন করতে চান তা দরখাস্তের সময় উল্লেখ করে দেবেন। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো আপলোড করতে হবে (তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না)।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

দরখাস্তের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এনার্জি এফিশিয়েন্সি সার্ভিসেসে ২১১

*প্রথম পাতার পর*

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টেকনিক্যাল):** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক, সঙ্গে পাওয়ার সেক্টর বা এনার্জি এফিশিয়েন্সি বা সোলার এনার্জি বা ইলেক্ট্রিক্যাল অ্যাপ্লায়েন্সেস ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মার্কেটিং বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

**অফিসার (ফিনান্স):** ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা আই সি ডব্লু এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট অফিসার (ফিনান্স):** ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: এম কম। বয়স: ১-১১-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

**অফিসার (হিউম্যান রিসোর্স):** ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আইনে স্নাতক বা লেবার ল-এ স্নাতকোত্তর ডিপ্লোমা অথবা এস এ পি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**ইঞ্জিনিয়ার (আই টি):** ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা আই টিতে বি ই বা বি টেক অথবা এম সি এ অথবা সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে মাস্টার অব সায়েন্স কোর্স পাশ। সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এম বি এ অথবা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ, এম এস পি, এস সি জে পি বা কোনও নেটওয়ার্কিং-সম্পর্কিত বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট অফিসার (কন্ট্র্যাক্টস):** ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেটেরিয়াল ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (পাবলিক রিলেশনস):** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে জার্নালিজম বা পাবলিক রিলেশনস বা মাস কমিউনিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

**অফিসার (পাবলিক রিলেশনস):** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে জার্নালিজম বা পাবলিক রিলেশনস বা মাস কমিউনিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট (জেনারেল):** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ২১,৫০০ টাকা।

**ডেটা এন্ট্রি অপারেটর:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে এম এস অফিসের ব্যবহার জানা থাকা চাই। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ২০,৫০০ টাকা।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা নেওয়া হবে দেশের বিভিন্ন বড় শহরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://eeslindia.org দরখাস্ত করা যাবে ১ নভেম্বর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় অ্যাপ্লিকেশন সিকোয়েন্স নম্বর (ইউজার আই ডি) এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা) এবং কালো কালিতে করা সই আপলোড করতে হবে। উভয়েরই সাইজ হতে হবে ১০০ কেবি-র মধ্যে। তিন সপ্তাহের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড এবং নেট ব্যাঙ্কিংয়ের বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া পেমেন্ট অ্যাকনলেজমেন্ট স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২) ৬৮২০২৭০৫ (সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)।

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট

*প্রথম পাতার পর*

উভয়ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয়ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

সাধারণত এই পরীক্ষার মাধ্যমে এই পদগুলি ছাড়াও অন্যান্য বিভিন্ন পদে নিয়োগ করা হয়ে থাকে।

**দৃষ্টিশক্তি:** সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর এবং ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে এক চোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮।

সাধারণত পশ্চিমবঙ্গের এইসব কেন্দ্রে পরীক্ষা আয়োজিত হয়: কলকাতা, বারাসত, বহরমপুর, চুঁচুড়া, জলপাইগুড়ি, মালদা, মেদিনীপুর, শিলিগুড়ি।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ প্রশ্ন হয় সাধারণত এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি প্রার্থীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পাবেন। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত জেনারেল স্টাডিজ (ফিনান্স ও ইকনমিক্স)। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি প্রার্থীরা ৪০ মিনিট করে বেশি সময় পাবেন। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

টিয়ার-৩ খাতায়-কলমে পরীক্ষা। পরীক্ষায় থাকবে ইংরেজিতে এসে রাইটিং, প্রেসি রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং ইত্যাদি। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি প্রার্থীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পাবেন।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড ইনকাম ট্যাক্স) পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। প্রার্থীর ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হয়। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস ও মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট (মিনিস্ট্রি অব কর্পোরেট অ্যাফেয়ার্স ও মিনিস্ট্রি অব মাইনস) পদের ক্ষেত্রে নেওয়া হয়ে থাকে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট।

ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা নেওয়া হয়। ছেলেদের ক্ষেত্রে থাকে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। মহিলাদের ক্ষেত্রে থাকে ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটা, ২৫ মিনিটে ৩ কিলোমিটার সাইক্লিং।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২২ নভেম্বর পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ১ থেকে ১২ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

এখনও এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়নি। আগ্রহী পাঠকদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য-সহ পূর্ণাঙ্গ খবরটি 'কর্মক্ষেত্র'-য় জানানো হবে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কারেন্ট অ্যাফেয়ার্স

১০ অক্টোবর-১৪ অক্টোবর

**১০ অক্টোবর** প্রায় দুই মাস পরে পর্যটকদের জন্য খুলে দেওয়া হল কাশ্মীরের দরজা। জম্মু-কাশ্মীরে পর্যটকদের যাতায়াতের উপরে গত অগস্ট মাসে নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল। এ দিন তা প্রত্যাহার করে নেওয়া হল। পর্যটকেরা কাশ্মীরে বেড়াতে এলে তাদের সব ধরনের সহায়তার আশ্বাস দিয়েছে রাজ্য প্রশাসন। যদিও সেনা বাহিনীতে মুড়ে রাখা মোবাইল-ইন্টারনেট বন্ধ থাকা কাশ্মীরকে পর্যটকদের জন্য খুলে দেওয়া আসলে লোক দেখানো পদক্ষেপ বলে মনে করছেন উপত্যকার ব্যবসায়ীদের একাংশ। কাশ্মীর হোটেল শিল্প সংগঠনের সভাপতি আসিফ বুরজা সরকারের সিদ্ধান্তকে ইতিবাচক জানিয়েও বলেছেন, 'পর্যটন শিল্পের ঘুরে দাঁড়াতে বহু সময় লেগে যাবে। এক দিকে মোবাইল-ইন্টারনেট বন্ধ। অন্য দিকে উত্তপ্ত পরিস্থিতি। পর্যটকেরা যে বেশ কিছুদিন মুখ ফিরিয়ে থাকবেন সেটা নিশ্চিত।' প্রশাসনের অবশ্য পাল্টা দাবি, রাজ্যের পরিস্থিতি শান্ত। পর্যটকদের আস্থা ফেরাতে তাই দেশ জুড়ে প্রচারে দ্বিগুণ জোর দেওয়া হচ্ছে। দেশের প্রতিটি বিমানবন্দরে হোর্ডিং ছাড়াও পর্যটকদের তথ্য দিতে বসছে কিয়স্ক। বিদেশি পর্যটক টানতে বিশেষ প্রচার চালানো হবে বাংলাদেশ, থাইল্যান্ড ও মালয়শিয়ায়।

## অর্থনীতিতে নোবেল বাঙালির



**১৪ অক্টোবর:** ১৯৯৮ সালের পর আবার অর্থনীতির নোবেল পেলেন মার্কিন প্রবাসী বাঙালি অভিজিৎ বন্দ্যোপাধ্যায়। এ বছর অর্থনীতিতে যে তিনজনকে নোবেল দেওয়া হয়েছে তার মধ্যে রয়েছেন অভিজিৎ ও তাঁর স্ত্রী এস্থার ডুফলো। অপর নোবেল প্রাপক মাইকেল ক্রেমার হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতিবিদ। সস্ত্রীক অভিজিৎ বন্দ্যোপাধ্যায় যুক্ত ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির সঙ্গে। অভিজিৎ ও এস্থার হলেন 'আবদুল লতিফ জামিলা পভার্টি অ্যাকশন ল্যাব' নামক গবেষণাকেন্দ্রের যুগ্ম-প্রতিষ্ঠাতা। নোবেল পুরস্কারের ইতিহাসে অভিজিৎ আর এস্থার ষষ্ঠ দম্পতি। নোবেলজয়ী অ-শ্বেতাঙ্গ অর্থনীতিবিদ হিসেবে অভিজিৎ তৃতীয়। সেই তিনজনের মধ্যে আবার দু'জনই বাঙালি।

**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক প্রতারণায় অভিযুক্ত** ব্যবসায়ী মেহুল চোক্সীকে অপরাধী ঘোষণা করার আর্জি জানাল সিবিআই। মুম্বইয়ের সিবিআই আদালতের বিচারক ভি সি বারদে-র কাছে কেন্দ্রীয় গোয়েন্দারা বলেন, 'মেহুল ফেরার। জামিন-অযোগ্য পরোয়ানা সত্ত্বেও তিনি হাজির হননি। উল্টে পিএনবি কাণ্ডে প্রথম এফআইআর দায়েরের আগেই নিজেকে লুকোতে দেশ ছেড়েছিলেন। তারপরে অ্যান্টিগার নাগরিকত্ব নিয়েছেন।'

**যুদ্ধ না থামলে ২০২২ সালের মধ্যে** বিশ্বের দরিদ্রতম দেশে পরিণত হবে ইয়েমেন। বুধবার রাষ্ট্রপুঞ্জের প্রকাশিত একটি রিপোর্টে এ কথা বলা হয়েছে। ২০১৪ সালে ইয়েমেনের ৪৭ শতাংশ মানুষ দারিদ্রসীমার নীচে ছিলেন। যুদ্ধের কারণে তা এখন ৭৫ শতাংশে দাঁড়িয়েছে। রাষ্ট্রপুঞ্জের মতে, ২০২২ সালে তা ৭৯ শতাংশে পৌঁছবে। হুথি জঙ্গি ও সৌদি সরকারের মদতপ্রাপ্ত সেনাজোটের লড়াইয়ে অনেক বছর ধরেই বিধ্বস্ত ইয়েমেন।

## ভারত চিন ঘরোয়া বৈঠক মমল্লপুরমে



**১১ অক্টোবর:** দক্ষিণ ভারতের মমল্লপুরমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে ঘরোয়া আলোচনায় যোগ দিলেন চিনা রাষ্ট্রপতি শি চিনফিং। বৈঠকে মোদী ও চিনফিং 'খুবই ভালো সময় কাটিয়েছেন' বলে সাংবাদিক বৈঠকে জানিয়েছেন ভারতের বিদেশসচিব বিজয় গোখলে। দুই রাষ্ট্রনেতার দীর্ঘ আলোচনায় কথা হয়েছে দ্বিপাক্ষিক বাণিজ্যে ভারতের ঘাটতি, নতুন বিনিয়োগের ক্ষেত্র খুঁজে বার করা নিয়ে। দু'দেশই মৌলবাদ এবং সন্ত্রাসবাদের শিকার। স্থির হয়েছে, সন্ত্রাসবাদ যাতে দু'দেশের বহুস্তরীয় সংস্কৃতি ও সমাজকে বিনষ্ট না করতে পারে সে জন্য একত্রে কাজ করা হবে। বিদেশসচিবের বক্তব্য, দুই নেতাই একে অপরকে তাঁদের জাতীয় দর্শন কী তা জানিয়েছেন এবং দ্বিপাক্ষিক সহযোগিতার পথে কী ভাবে এগোনো যায়, তা নিয়ে কথা বলেছেন।

ছবি: পি টি আই



> "আমার মতে (ভারতের) অর্থনীতির হাল এখন খুব খারাপ। ... অস্বস্তিকর সব পরিসংখ্যানকেই সরকার ভুল বলে থাকে। তা সত্ত্বেও আমার মনে হয়, কোথাও যে একটা ভুল হচ্ছে সরকারও সেটা বুঝতে পারছে। অর্থনীতির গতি খুব দ্রুত শ্লথ হচ্ছে।"
>
> **অভিজিৎ বন্দ্যোপাধ্যায়**, *নোবেলজয়ী অর্থনীতিবিদ*

নোবেল পাওয়ার ঘোষণার পরই ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজিতে এক সাংবাদিক বৈঠকে

**১১ অক্টোবর** কাশ্মীরের সঙ্গে হংকংয়ের বিক্ষোভের তুলনা টানলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। হংকংয়ের পরিস্থিতি নিয়ে আন্তর্জাতিক সংবাদমাধ্যম যতটা হইচই করছে কাশ্মীর নিয়ে ততটা করছে না বলে তাঁর দাবি। বিষয়টি নিয়ে সংবাদমাধ্যম কেন চুপ, সোশ্যাল মিডিয়ায় সে প্রশ্ন তুলে ইমরান একটি টুইট করে লিখেছেন, 'দু'মাসেরও বেশি সময় ধরে গোটা বিশ্ব থেকে বিচ্ছিন্ন কাশ্মীর। হাজার হাজার মানুষ বন্দি। সেই তালিকায় রয়েছেন রাজনৈতিক ব্যক্তিত্ব থেকে শিশুরাও। আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলি হংকংয়ের বিক্ষোভ নিয়ে খবর করছে। অথচ কাশ্মীরে যে ভীষণ ভাবে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে, তা নিয়ে বেশির ভাগই চুপ।'

**১২ অক্টোবর** মমল্লপুরমের ঘরোয়া বৈঠক নিয়ে সন্তোষ প্রকাশ করলেন মোদী ও চিনফিং। দু'দিন মিলিয়ে মোট ছ'ঘন্টা শি-র সঙ্গে একান্ত আলোচনার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'আমরা প্রতিজ্ঞা করেছি, নিজেদের মধ্যে মতবিরোধ বাড়িয়ে তাকে গোটা বিশ্বের আলোচ্য করে তুলব না। 'উহান স্পিরিট' আমাদের সম্পর্ককে নতুন গতিবেগ দিয়েছিল। 'চেন্নাই কানেক্ট' নতুন যুগের সূচনা করল।' চিনা প্রেসিডেন্টও বলেছেন, 'আমরা বন্ধু হিসেবেই মন খুলে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে স্পষ্ট আলোচনা করেছি। গভীর এবং ভাল আলোচনা হয়েছে।' বৈঠকে একবারের জন্যও ওঠেনি কাশ্মীর প্রসঙ্গ। এছাড়া বৈঠকে দ্বিপাক্ষিক বাণিজ্যে ভারতের ঘাটতি কমানোর একটি নতুন বন্দোবস্ত তৈরির সিদ্ধান্ত নয়াদিল্লিকে স্বস্তি দিয়েছে। চিনের সরকারি সংবাদ-মাধ্যমেও লেখা হয়েছে, 'সীমান্ত সমস্যার ক্ষেত্রে দু'পক্ষের কাছেই গ্রহণযোগ্য সমাধান খুঁজতে হবে। পরস্পরের মূল বিষয়গুলি নিয়ে এগোতে হবে সতর্ক ভাবে। যে সমস্যাগুলির এক বারে সমাধান সম্ভব নয়, সেগুলিকে যথাযথ ভাবে নিয়ন্ত্রণ করতে হবে।'

**আমেরিকায় জলবায়ু পরিবর্তন নিয়ে** প্রতিবাদ কর্মসূচিতে অংশ নিয়ে গ্রেপ্তার হলেন অশীতিপর হলিউড অভিনেত্রী জেন ফন্ডা। লস অ্যাঞ্জেলেসের বাড়ি থেকে চার মাসের জন্য ওয়াশিংটনে এসেছিলেন জলবায়ু পরিবর্তন নিয়ে নানা প্রতিবাদ কর্মসূচিতে অংশ নেবেন বলে। দু'-দু'টো অ্যাকাডেমি পুরস্কার জয়ী ৮১ বছর বয়সি অভিনেত্রীকে হাতকড়া পরিয়ে গ্রেপ্তার করে নিয়ে যায় ওয়াশিংটন পুলিশ। অভিযোগ, মার্কিন কংগ্রেসের ভবন ক্যাপিটল হিলের পূর্ব গেটের সামনে একটি প্রতিবাদ কর্মসূচিতে অংশ নিয়েছিলেন তিনি। তাঁর সঙ্গে গ্রেপ্তার হয়েছেন আরও ১৫ জন।

**কার্যনির্বাহী মার্কিন হোমল্যান্ড** সিকিয়োরিটির কার্যকরী প্রধানের পদ থেকে ইস্তফা দিলেন কেভিন ম্যাকআলিনান। দু'দিন আগেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প টুইটারে জানান, হোমল্যান্ড সিকিয়োরিটির কার্যকরী প্রধানের পদে ভাল কাজ করেছেন কেভিন। এ বার তিনি পরিবারের সঙ্গে সময় কাটাতে চান।

## নোবেল শান্তি পুরস্কার পেলেন আবি আহমেদ আলি



**১১ অক্টোবর:** ২০১৯-এর নোবেল শান্তি পুরস্কার জিতে নিলেন ইথিয়োপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলি। প্রতিবেশী রাষ্ট্র এরিট্রিয়ার সঙ্গে যুদ্ধ মিটিয়ে নজির গড়েছেন আলি। এদিন নরউইজীয় নোবেল কমিটি জানিয়েছে, প্রধানমন্ত্রী আলি বেশিদিন ক্ষমতায় আসেননি। কিন্তু এই অল্প সময়ের মধ্যেই প্রতিবেশী রাষ্ট্রের সঙ্গে শান্তি ফেরাতে তিনি যে পদক্ষেপ করেছেন তাকে স্বীকৃতি ও উৎসাহ দেওয়া দরকার। শুধু ইথিয়োপিয়াতেই নয়, গোটা উত্তর-পূর্ব আফ্রিকাতেই শান্তি ফেরাতে আবির অবদানের উল্লেখ করা হয়েছে নোবেল কমিটির বিবৃতিতে। গত বছর ২ এপ্রিল ক্ষমতায় আসেন আহমেদ। এসেই এক গুচ্ছ সাহসী সিদ্ধান্ত নেন তিনি। দেশের বেশির ভাগ রাজনৈতিক বন্দিকে মুক্তি দেন, বন্দি সাংবাদিকদেরও মুক্তি দেওয়া হয়। আদিস আবাবা-র কুখ্যাত মেকেলয়াওয়ি কারাগারও বন্ধ করে দেন প্রধানমন্ত্রী। এমনকি যে সব রাজনৈতিক নেতা গত কয়েকবছরে দেশ ছেড়ে পালিয়েছিলেন তাঁদের দেশে ফেরাতে পদক্ষেপ করেন আবি।

**১৩ অক্টোবর** দেশের মাটিতে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে পর পর দুই টেস্ট জিতে সিরিজও দখল করে নিল ভারত। পুণেয় দ্বিতীয় টেস্টে দক্ষিণ আফ্রিকাকে ইনিংস ও ১৩৭ রানে হারিয়ে দেশের মাঠে টানা এগারোটা সিরিজ জিতে নিল তারা। ভারত প্রথম ইনিংসে ৫ উইকেট হারিয়ে ৬০১ রান তুলে ইনিংস ডিক্লেয়ার করে। বিরাট কোহলি ডাবল সেঞ্চুরির সঙ্গে সঙ্গে টেস্ট ক্রিকেটে ৭,০০০ রানও পূর্ণ করেন। দক্ষিণ আফ্রিকা তাদের দুই ইনিংসে ২৭৫ ও ১৮৯ রান করে। অপরাজিত ২৫৪ রানের ইনিংসের জন্য ম্যাচের সেরা হয়েছেন কোহলি।

**কেরলের প্রয়াত সন্ন্যাসিনী সিস্টার মরিয়ম** থ্রেসিয়াকে 'সন্ত' ঘোষণা করলেন পোপ ফ্রান্সিস। বিদেশ মন্ত্রকের প্রতিমন্ত্রী ভি মুরলীধরণের নেতৃত্বে ভারতীয় প্রতিনিধিদের একটি দল উপস্থিত ছিলেন সেন্ট পিটার'স ব্যাসিলিকায় এক অনুষ্ঠানে। মাত্র ১৬ বছর বয়স থেকে হার্পিস আক্রান্ত রোগীদের সেবা শুরু করেছিলেন সিস্টার থ্রেসিয়া। গত ফেব্রুয়ারি মাসে পোপ ফ্রান্সিস তাঁর 'অলৌকিক ক্ষমতা'-র স্বীকৃতি দেন। এরপরই তাঁকে সন্ত ঘোষণার তোড়জোড় শুরু হয়।

**টাইফুন হাগিবিসের দাপটে বিপর্যস্ত হল** জাপানের বিস্তীর্ণ এলাকা। প্রবল ঝড়-বৃষ্টির সঙ্গে ধস নেমে, নদীর পাড় ভেঙে আচমকা প্লাবনে ৭২ জনের মৃত্যু হয়েছে। জখমের সংখ্যা ২০০ ছাড়িয়েছে। সরকারি হিসেবে বেশ কিছু মানুষ এখনও নিখোঁজ। রাজধানী টোকিয়োর দক্ষিণ-পশ্চিমে ইজু উপদ্বীপ সংলগ্ন হনসু দ্বীপের কাছে আছড়ে পড়ে হাগিবিস। ৯টি নদীর পাড় ভেঙে যায়। বিস্তীর্ণ এলাকায় ভেঙে পড়ে ঘরবাড়ি। গ্রেটার টোকিয়ো এলাকায় জারি হয়েছে জরুরি অবস্থা।

**নেপালকে সাহায্যের পাশাপাশি** তিব্বতিদের নিয়ে সে দেশকে হুঁশিয়ারিও দিলেন চিনা প্রেসিডেন্ট শি চিনফিং। গত ২৩ বছরে এই প্রথম নেপালে গেলেন কোনও চিনা রাষ্ট্রনেতা। নেপালের রাষ্ট্রপতি বিদ্যাদেবী ভাণ্ডারী ও প্রধানমন্ত্রী কে পি ওলির সঙ্গে বৈঠক করেন শি। আগামী দু'বছরে নেপালকে ৫,৬০০ কোটি টাকা অর্থসাহায্য দেওয়ার কথা বলেন তিনি। তবে এ কথা ঘোষণার পাশাপাশি চিনা প্রেসিডেন্ট সে দেশে দলাই লামার অনুগামী তিব্বতিদের নিয়ন্ত্রণে রাখার জন্য সতর্কও করেছেন প্রধানমন্ত্রী ওলিকে।

## সাহিত্যে দেওয়া হল দু'বছরের নোবেল



**১০ অক্টোবর:** গত বছর সাহিত্যে নোবেল পুরস্কার দেওয়া স্থগিত থাকায় ২০১৮ ও ১৯ সালের প্রাপকদের নাম ঘোষণা করল সুইডিশ অ্যাকাডেমি। পোলিশ ঔপন্যাসিক ওল্গা তোকারচুক ও অস্ট্রীয় লেখক পিটার হান্টকে এই দু'বছরের নোবেল পুরস্কার পেলেন। সুইডিশ অ্যাকাডেমি জানিয়েছে, মানুষের জীবন যে নানা ধরনের সীমানা অতিক্রমের কাহিনী, সেটাই ২০১৮-র বিজেতা ওল্গা তোকারচুক তাঁর লেখার মধ্যে ফুটিয়ে তুলেছেন। ২০১৯-এর বিজেতা সম্পর্কে অ্যাকাডেমির বক্তব্য, পিটার হান্টকে আমাদের মানব-অস্তিত্বের একদম খাদে নিয়ে যান। তাঁর ভাষা ব্যবহার অনন্য, স্বতন্ত্র। উল্লেখ্য, পোলিশ সাহিত্যের দুনিয়ায় ৫৭ বছর বয়সি ওল্গা তোকারচুক অতি পরিচিত নাম। 'বিগুনি' উপন্যাসটির জন্য গত বছর ম্যানবুকার পুরস্কার পেয়েছেন তিনি। তাঁর প্রথম বই প্রকাশিত হয়েছিল ১৯৮৯ সালে। অন্যদিকে, সোভিয়েত-অধিকৃত বার্লিনে শৈশব কাটানোর পরে ছ'বছর বয়সে মায়ের সঙ্গে অস্ট্রিয়া চলে এসেছিলেন পিটার হান্টকে। ৯ বছর বয়সে আত্মহত্যা করেন তাঁর মা। ছেলেবেলার নানা না-পাওয়াকে নিজের বিভিন্ন উপন্যাসের বিষয়বস্তুও করেছেন পিটার। তাঁর অবাধ বিচরণ নাটক ও অনুবাদ সাহিত্যেও। বেশ কিছু সিনেমার চিত্রনাট্যও লিখেছেন। তবে অতি দক্ষিণপন্থী মতাদর্শের জন্য পিটার হান্টকের নোবেল প্রাপ্তির সমালোচনাও চলছে বিশ্বজুড়ে।

## ক্রিকেট বোর্ডের শীর্ষে সৌরভ



**১৩ অক্টোবর:** ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড বিসিসিআইয়ের প্রেসিডেন্ট হলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। মুম্বইয়ের একটি পাঁচতারা হোটেলে গভীর রাত পর্যন্ত বিসিসিআইয়ের কর্মকর্তাদের বৈঠকে শেষ পর্যন্ত সৌরভকেই প্রেসিডেন্ট হিসেবে বেছে নেওয়া হয়। বোর্ড সচিব হয়েছেন বিজেপি সভাপতি অমিত শাহ পুত্র জয় শাহ। বোর্ডে বহু যুদ্ধের পোড় খাওয়া প্রশাসক শ্রীনিবাসন প্রেসিডেন্ট পদে তাঁর প্রার্থী ব্রিজেশ প্যাটেলকে বোর্ড প্রেসিডেন্ট করার প্রচেষ্টা চালাচ্ছিলেন। তবে শেষ মুহূর্তে প্যাটেলকে সরিয়ে দেন তিনি।

ছবি: পি টি আই

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## অভিজ্ঞ মানুষদের পরামর্শ চাও, তাতে কাজের দিশা ও উদ্যম পাবে



সুশান্ত পান্ডা
হেড-সেলস
সর্বভারতীয় রেডিও সংস্থায় কর্মরত
প্রাক্তন সিনিয়র ম্যানেজার-কনজিউমার বিজনেস, ভোডাফোন

সাবলীল কথা বলার দক্ষতা, উপস্থিত বুদ্ধি এবং ডিজিটাল জ্ঞান এখন প্রাথমিক ভাবে চাকরি পাওয়ার অন্যতম প্রধান শর্ত। তাই এই তিনটে বিষয়ে নিজেকে গড়েপিটে তৈরি করা প্রয়োজন। লেখা ও পড়তে পারার দক্ষতাও আবশ্যিক।

এরপর যে-বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তা হল, যে-কাজটি করতে চলেছ, তার সঙ্গে মানসিক ভাবে মানিয়ে নিতে পারবে কিনা সেটা আগেভাগেই বিচার করা। ঘনঘন এবং বারবার চাকরি বদল করলে সিভিতে নেতিবাচক প্রভাব পড়ে। তাই আগে একটু দেখে নেওয়া ভালো।

ইন্টারভিউ নেওয়ার সময় সামনে বসা প্রার্থীকে আমার প্রথম প্রশ্নই থাকে জব রোল সম্পর্কে। কেন প্রার্থী এই কাজ করতে চায়? অনেক ইন্টারভিউয়ারই এই বিষয়টায় গুরুত্ব দেন। যুক্তিপূর্ণ উত্তর পেলে তবেই পরবর্তী ধাপের প্রশ্ন করা হয়। ব্যক্তিগত অভিজ্ঞতায় দেখেছি, বেশিরভাগ ছেলেমেয়েই জানে না তারা কী কাজের জন্য এসেছে এবং কেন এসেছে।

### সিস্টেমের মধ্যে থেকেই তৈরি হতে হবে

কলেজে কমার্স নিয়ে যখন ভর্তি হই, আলাদা করে বিষয় বা নিজের পছন্দ নিয়ে মাথা ঘামানোর কথা ভাবিইনি। পরিচিত দাদাকে কমার্স পড়ে ভালো চাকরি করতে দেখে মনে হয়েছে কমার্স নিয়ে পড়লে সহজে কাজ পাওয়া যাবে, তাই পড়েছি। পরে ম্যানেজমেন্ট নিয়ে স্নাতকোত্তর পড়ার সময়ও একই ঘটনা ঘটে। তখন এম বি এ-র বাজার খুব ভালো, তাই দেখেই পড়া। তবে ততদিনে নিজের কথা বলা এবং 'স্ট্রিট স্মার্টনেস' সম্পর্কে সচেতন হয়ে উঠেছি। ফলে কোন ধরনের কাজ ভালো করতে পারব তাই নিয়ে একটা ধারণা তৈরি হচ্ছে। তারপর নিজের পছন্দ অনুযায়ী রাস্তা খুঁজে এগিয়েছি। আমাদের সিস্টেমে বেশির ভাগ ছেলেমেয়ে এই রাস্তা ধরেই এগোয়।

কী পড়বে, কোথায় পড়বে, কোন চাকরি তোমার জন্য ভালো— এই গাইডলাইন মূলত পাওয়া যায় বাড়ি ও পরিচিত মহল থেকে। বাড়িতে যদি বিভিন্ন কোর্সের পড়াশোনা এবং কাজ নিয়ে কথা হয় তাহলে ছেলেমেয়েরাও জানতে পারে বিভিন্ন বিষয়। বাড়ি ছাড়া খবরাখবর নেওয়ার আরেকটি জায়গা হল তোমার 'পিয়ার গ্রুপ' বা পরিচিত মহল। বন্ধু এবং আত্মীয়দের মধ্যে কে, কী নিয়ে পড়ছে, তারপর কোন ধরনের চাকরি পাচ্ছে— তার থেকেও নিজের একটা ভবিষ্যৎ রূপরেখা তৈরি হয়ে যায়। এই ধরনের সুযোগ না পেলে বাঁধা পথে স্নাতকস্তরের পড়াশোনা শেষ করে চাকরির চিন্তাই ছাপ ফেলে শিক্ষার্থীর মনে। একথা না মেনে উপায় নেই যে, বেশির ভাগ ছেলেমেয়েই জ্ঞান অর্জনের জন্য পড়ে না, জীবনে ঠিকঠাক সেটল হওয়া অর্থাৎ একটা ভালো মানের চাকরির জন্য পড়াশোনার প্রয়োজন— তাই পড়ে। সেজন্যই নিজেকে বুঝতে, নিজের আগ্রহের বিষয়বস্তুগুলি চিহ্নিত করতে অনেক বেশি সময় লেগে যায়।

এই প্রচলিত সামাজিক পদ্ধতিটার মধ্যে থেকেই নিজেকে তৈরি করতে হবে। নিজের ভালোলাগার জায়গাটা ধরতে পারলেই সেই অনুযায়ী দক্ষতা বৃদ্ধির এবং শংসাপত্র জোগাড়ের চেষ্টা করতে থাকো। বেসিক পড়াশোনা ভুল পথে হয়েছে বা ভালো করে হয়নি বলে দুঃখ কোরো না। যে-পর্যায়ে দাঁড়িয়ে আছো সেখান থেকেই ছোট-ছোট মাপে প্রস্তুতি শুরু করে দাও। পরিশ্রম করলে উন্নতি নিজের নিয়মে হবে, পথ বদলে যেতে সময় লাগবে না।

> নিজের ভালোলাগার জায়গাটা ধরতে পারলেই সেই অনুযায়ী দক্ষতা বৃদ্ধির এবং শংসাপত্র জোগাড়ের চেষ্টা করতে থাকো। বেসিক পড়াশোনা ভুল পথে হয়েছে বা ভালো করে হয়নি বলে দুঃখ কোরো না। যে-পর্যায়ে দাঁড়িয়ে আছো সেখান থেকেই ছোট-ছোট মাপে প্রস্তুতি শুরু করে দাও।

### নিজেই নিজেকে মোটিভেট করো

আমি প্রায় সতেরোটা ইন্টারভিউ দিয়েছিলাম। তার মধ্যে সফল হয়েছিলাম মাত্র পাঁচটায়। সেই সময় নিজেকে মোটিভেটেড রাখাটা খুব জরুরি ছিল। কারণ পরের দিনই হয়ত আরেকটা ইন্টারভিউ। অবসাদের কবলে পড়লে কোথাও সেটার ছাপ পড়বেই কথা বলার সময়। তাই নিজেকে প্রস্তুতিতে ব্যস্ত রাখতাম। ব্যর্থ দিনগুলোর শেষে বাড়ি ফিরে ভাবতে চেষ্টা করতাম কোথায় কোথায় ভুল করেছি। পরিচিত, অভিজ্ঞ মানুষজনের সঙ্গে কথা বলতাম। অভিজ্ঞ লোকজনের সঙ্গে কথা বললেও অনেক সময় মোটিভেশন চলে আসে।

ইন্টারভিউয়ে তুমি সফল হতেও পারো, না-ও হতে পারো। কিন্তু ঘর ছেড়ে বেরোনোর আগে ইন্টারভিউয়ারের ফিডব্যাক চাওয়ার সঙ্গে তার কোনও সম্পর্ক নেই। কথোপকথন শেষ হওয়ার পর তুমি প্রশ্ন করতে পারো, কেমন হয়েছে তোমার ইন্টারভিউ। কী করলে ভবিষ্যতে আরও ভালো করা সম্ভব সেই কথাও জানতে চাও। চাকরি পাওয়া-না-পাওয়া তো তোমার হাতে নেই। তবে অভিজ্ঞ ব্যক্তিদের পরমর্শ সরাসরি পাওয়ার এই সুযোগের সদ্ব্যবহার ভবিষ্যতে কাজে দেবে।

## মাদ্রাজ ফার্টিলাইজার্সে ট্রেনি

৮২ জন গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং ট্রেনি/ম্যানেজমেন্ট ট্রেনি এবং টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি/ল্যাব অ্যানালিস্ট ট্রেনি নেবে মাদ্রাজ ফার্টিলাইজার্স। এক থেকে দু'বছরের ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন শাখায়। সফলভাবে প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট সংস্থায় চাকরির সুযোগ আছে।

আসনসংখ্যার বিবরণ: **গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং ট্রেনি/ম্যানেজমেন্ট ট্রেনি:** প্রোডাকশন: ১৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। মার্কেটিং: ৭টি (সাধারণ ৫, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে বি এসসি অথবা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। কমার্শিয়াল অ্যান্ড মেটেরিয়ালস ম্যানেজমেন্ট: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে মেটেরিয়ালস ম্যানেজমেন্টে ডিপ্লোমা অথবা মেটেরিয়ালস ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ।

বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। সফলভাবে প্রশিক্ষণ শেষে নিয়োগ করা হবে ই ওয়ান স্কেলে। বেতনক্রম ১৬,৪০০-৪০,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি/ল্যাব অ্যানালিস্ট ট্রেনি:** অপারেশনস: ২৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৯)। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ডিপ্লোমা। মেকানিক্যাল: ১০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল: ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ইনস্ট্রুমেন্টেশন: ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**অ্যাডমিনিস্ট্রেটিভ পার্সোনেল:** জুনিয়র অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল অ্যান্ড মেটেরিয়ালস ম্যানেজমেন্ট: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। জুনিয়র মার্কেটিং অ্যাসিস্ট্যান্ট: ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: কমার্শিয়াল প্র্যাকটিস বা মডার্ন অফিস প্র্যাকটিসে ডিগ্রি বা ডিপ্লোমা। এর পাশাপাশি টাইপিং, এম এস অফিস এবং ইন্টারনেটের ব্যবহার জানা থাকা চাই।

বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে।

প্রশিক্ষণের মেয়াদ ২ বছর। সফলভাবে প্রশিক্ষণ শেষে নিয়োগ করা হবে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল অ্যান্ড মেটেরিয়ালস ম্যানেজমেন্ট এবং জুনিয়র মার্কেটিং অ্যাসিস্ট্যান্ট-এর ক্ষেত্রে গ্রেড থ্রি বি (মূল বেতন ৯,২৭০ টাকা) এবং অন্যান্য ক্ষেত্রে গ্রেড ফোর স্কেলে (মূল বেতন ৯,৮৩০ টাকা)।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.madrasfert.co.in আবেদনের শেষ তারিখ ২৫ অক্টোবর।

**আবেদনের সময় আপলোড করতে হবে এই সব স্ক্যান্ড নথি:** ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓সাম্প্রতিকতম পে স্লিপের স্বপ্রত্যয়িত নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Company: Companion Placements
Position Title: HR Recruiter
Experience, Location: 0 year - 10 year, Kolkata
To apply for this job, log on to www.shine.com

GOLDMAN CONSULTANTS
Company: Goldman Consultants
Position Title: HR Recruiter
Experience, Location: 0 year - 5 year, Kolkata
To apply for this job, log on to www.shine.com

Company: PS Aviation Academy Pvt Ltd
Position Title: Ground staff and Cabin crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword.

Emirates Manpower
Company: Emirates Manpower
Position Title: Telecaller
Experience, Location: 0-2 Years, Kolkata
To apply for this job, log on to www.shine.com

Ability Games
Company: Ability Games
Position Title: Jr Database Assistant
Experience, Location: 2 year - 5 year, Kolkata
To apply for this job, log on to www.shine.com and search using 10382295 as keyword.

AAR Technologies & Software Solution Pvt Ltd
Company: AAR Technologies & Software Solution Pvt Ltd
Position Title: Java Developer
Experience, Location: 1 - 3 year, Kolkata
To apply for this job, log on to www.shine.com and search using 10306289 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
shine.com Great careers start here

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 4):** *Choose the correct alternatives which are synonymous to the underlined idioms/phrases.*

1. He stood his ground with firmness.
(a) built a wall (b) built a house (c) dug up the ground (d) maintained his position

2. I did not notice in him anything out of the way.
(a) charming (b) strange (c) attractive (d) familiar

3. The screen is in character with the rest of the furniture.
(a) joining (b) in keeping (c) complementing (d) contrasting

4. He is not a great lawyer but he has the gift of the gab.
(a) a silent nature (b) a pleasant face (c) a talent for speaking (d) a serious bearing

**Direction (5 and 6):** *Choose the opproriate word to complete the given sentence.*

5. The odds against us were indeed _____.
(a) heavy (b) colourful (c) light (d) cheerful

6. The thief disappeared in a _____.
(a) trick (b) hurry (c) run (d) day

**Direction( 7 to 11 ):** Choose the best words to fill in the gaps in the given sentences.

7. In company we must always be _____ .
(a) courteous (b) sociable (c) social (d) friendly

8. The building does not _____ to safety regulations.
(a) conform (b) agree (c) comply (d) follow

9. He made a ____ promise in front of the temple.
(a) sober (b) serious (c) solemn (d) grave

10. A _____ of savages attacked the explorer.
(a) band (b) crowd (c) gang (d) horde

11. We do not have words strong enough to condemn such a foul and _____ act of murder.
(a) timorous (b) timid (c) hateful (d) dastardly

**Direction (12 to 14):** *Choose the correct word from the given options.*

12. One who acquires a bad name is:
(a) infamous (b) notorious (c) famous (d) evil

13. That which is not permissible is:
(a) impermanent (b) wrong (c) evil (d) prohibited

14. One who leaves his country for another is:
(a) a reguge (b) an immigrant (c) a traitor (d) an emigrant

**Direction (15 to 20):** *Fill in the blank with appropriate prepositions.*

15. There is an exception _____ every rule.
(a) of (b) in (c) at (d) to

16. I have no desire _____ fame.
(a) to (b) in (c) of (d) for

17. He hinted ____ some loss treasure.
(a) in (b) of (c) at (d) for

18. Ram was waiting _____ the train.
(a) with (b) for (c) in (d) of

19. He is addicted ____ gambling.
(a) of (b) in (c) to (d) for

20. He is _____ the phone right now.
(a) to (b) on (c) for (d) in

**Direction (21 to 23):** *Choose the word opposite in meaning to the one underlined below.*

21. His point was lost amid the cacophony.
(a) crowd (b) silence (c) music (d) discordance

22. The possibility of failure was imminent.
(a) immediate (b) inherent (c) remote (d) None of these

23. There is abundant scope for improvement.
(a) eternal (b) scarce (c) copious (d) ample

24. He said, 'I drink water' (Change the mode of Narration)
(a) He said that I drink water (b) He said that he drink water (c) He said that he will drink water (d) None of these

*Choose the correct alternatives for the underlined words.*

25. He could not check his temper.
(a) Hold with (b) Hold to (c) Hold on (d) Hold in

26. Some workers of the factory:
(a) Safer places (b) At home (c) Fell ill (d) Swallowed

এরপর এগারোর পাতায়

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

50. এক অসৎ ব্যবসায়ী দাঁড়িপাল্লায় কারচুপি করে 1 কিলোগ্রামের পরিবর্তে 950 গ্রাম মাল দেয়। ওই ব্যবসায়ীর শতকরা লাভের হার:
(a) 5% (b) $4\frac{1}{6}$ % (c) $5\frac{5}{19}$ % (d) $6\frac{1}{4}$ %

51. 5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর গড় বয়স ছিল 23 বছর। বর্তমানে স্বামী, স্ত্রী ও একমাত্র সন্তানের গড় বয়স 20 বছর। সন্তানের বর্তমান বয়স:
(a) 1 বছর (b) 2 বছর (c) 3 বছর (d) 4 বছর

52. একটি শ্রেণির 24 জন ছাত্রের গড় ওজন 20 কিলোগ্রাম। শ্রেণি শিক্ষকের ওজন ছাত্রদের ওজনের সঙ্গে যোগ করলে গড় ওজন 1 কিলোগ্রাম বৃদ্ধি পায়। শ্রেণি শিক্ষকের ওজন:
(a) 45 কিলোগ্রাম (b) 54 কিলোগ্রাম (c) 55 কিলোগ্রাম (d) 65 কিলোগ্রাম

53. P : Q = 2 : 3, Q : R = 5 : 8 এবং R : S = 9 : 10, S-এর মান 56 হলে, P-র মান:
(a) 21 (b) 24 (c) 30 (d) 32

54. A -র আয়ের $1\frac{1}{5}$ অংশ এবং C-র আয় B -র আয়ের $\frac{3}{4}$ অংশ। A ও B-র আয়ের অনুপাত:
(a) 5 : 6 (b) 6 : 5 (c) 10 : 9 (d) 9 : 10

55. 12 লিটার মিশ্রণে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 5। ওই মিশ্রণে আরও কত লিটার অ্যাসিড ঢাললে নতুন মিশ্রণে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 8 হবে?
(a) 5 (b) 4 (c) 5 (d) 6

56. একটি সমিতিতে পুরুষ ও মহিলা সদস্যের অনুপাত 5 : 4। ওই সমিতিতে আরও 45 জন মহিলা সদস্যা যোগ দেওয়ায় পুরুষ ও মহিলার অনুপাত পূর্বের বিপরীত হয়। সমিতিতে পুরুষের সংখ্যা:
(a) 175 (b) 100 (c) 125 (d) 120

57. দু'টি সংখ্যার গ.সা.গু. 20 এবং অনুপাত 3 : 4 হলে, সংখ্যা দু'টির যোগফল:
(a) 320 (b) 280 (c) 180 (d) 140

58. 2 + 4 + 6 + ... + 50 এই সংখ্যা শ্রেণিটির যোগফল:
(a) 660 (b) 650 (c) 680 (d) 620

59. একটি সংখ্যাকে 264 দ্বারা ভাগ করায় ভাগফল হয় 197 এবং অবশিষ্ট থাকে 183। ওই সংখ্যাটিকে 132 দ্বারা ভাগ করলে ভাগফল হবে:
(a) 395 (b) 393 (c) 289 (d) 145

60. একটি বাসস্ট্যান্ডের থেকে A, B ও C তিন রুটের বাস যথাক্রমে প্রতি 4, 15 ও 16 মিনিট অন্তর ছাড়ে। তিনটি রুটের বাস সকাল 6টায় একসঙ্গে ছাড়ার পর পুনরায় কোন সময়ে তিনটি রুটের বাস একসঙ্গে ছাড়বে?
(a) সকাল 8টায় (b) সকাল 7টায় (c) সকাল 10টায় (d) দুপুর 12টায়

61. 42টি কমলালেবু কয়েকজন বালক-বালিকার মধ্যে ভাগ করে দেওয়া হল। প্রত্যেক বালক 3টি করে যদি পায়, তবে প্রত্যেক বালিকা পাবে 6টি। কিন্তু প্রত্যেক বালক 5টি পেলে, প্রত্যেক বালিকা পায় 3টি। বালিকার সংখ্যা কত?
(a) 2 জন (b) 4 জন (c) 6 জন (d) 8 জন

62. একজন লোক 24 বছর বয়সে চাকরিতে যোগদান করে কর্মরত অবস্থায় মারা যান। তিনি যদি তাঁর জীবৎকালীন বয়সের $\frac{4}{5}$ অংশ চাকুরি করেন, তাহলে তিনি বেঁচে ছিলেন:
(a) 32 বছর (b) 42 বছর (c) 56 বছর (d) কোনওটিই নয়

63. দু'প্রকার তরল 3 : 2 অনুপাতে মিশ্রিত করে 11 টাকা লিটার দরে বিক্রয় করায় 10% লাভ হয়। প্রতি লিটার প্রথম প্রকার তরলের মূল্য দ্বিতীয় প্রকার তরল অপেক্ষা 2 টাকা বেশি হলে, প্রতি লিটার প্রথম প্রকার তরলের মূল্য:
(a) 11.75 টাকা (b) 11 টাকা (c) 10.80 টাকা (d) 10.40 টাকা

64. আকাশ পরিচ্ছন্ন থাকলে একটি ঘড়ি প্রতি ঘণ্টায় 8.5 সেকেন্ডে পিছিয়ে যায়। এবং আকাশ মেঘাচ্ছন্ন থাকলে ঘড়িটি প্রতি ঘণ্টায় 5.1 সেকেন্ড এগিয়ে যায়। ঘড়িটি সকালে ঠিক করে চালিয়ে দেওয়ার 12 ঘণ্টা পরে দেখা যায় ঘড়িটি সঠিক সময় নির্দেশ করছে। দিনের কত অংশ আকাশ পরিচ্ছন্ন ছিল?
(a) $\frac{1}{6}$ (b) $\frac{3}{8}$ (c) $\frac{5}{8}$ (d) $\frac{7}{8}$

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. সাঁওতাল বিদ্রোহে অংশগ্রহণকারী দু'টি উপজাতি গোষ্ঠী হল:
(a) মুন্ডা ও হো (b) ওঁরাও ও মুন্ডা (c) হো ও ভুয়ান (d) মাল ও ভুয়ান

2. মুন্ডা বিদ্রোহ হয়েছিল:
(a) 1810-11 সালে (b) 1855 সালে (c) 1899-1900 সালে (d) 1885 সালে

3. বিরসা মুন্ডা মারা যান:
(a) কলেরা রোগে (b) যক্ষ্মা রোগে (c) কুষ্ঠ রোগে (d) অনাহারে

4. 'ডিং খরচা' নামে চাঁদা সংগ্রহ করা হত:
(a) কোল বিদ্রোহে (b) ভিল বিদ্রোহে (c) রংপুর বিদ্রোহে (d) পাবনা বিদ্রোহে

5. রংপুর বিদ্রোহ একটি:
(a) কৃষক বিদ্রোহ (b) শ্রমিক বিদ্রোহ (c) উপজাতি বিদ্রোহ (d) জমিদার বিদ্রোহ

6. সন্ন্যাসী-ফকির বিদ্রোহকে 'পেশাদার ডাকাতদের উপদ্রব' বলেছেন:
(a) উইলিয়ম বেন্টিঙ্ক (b) ওয়ারেন হেস্টিংস (c) লর্ড কর্নওয়ালিস (d) উইলিয়াম হান্টার

7. কে বলেছেন 'পবিত্র কোরানে ফিরে যাও'?
(a) তিতুমির (b) শরিয়ৎউল্লাহ (c) দুখু মিত্রা (d) সৈয়দ আহমেদ

8. হাজি শরিয়ৎউল্লাহ ফরাজি সম্প্রদায়ের প্রতিষ্ঠা করেন:
(a) 1818 সালে (b) 1820 সালে (c) 1850 সালে (d) 1855 সালে

9. ফরাজি আন্দোলনের মূল কেন্দ্র:
(a) বসিরহাট (b) নারকেলবেড়িয়া (c) জালালাবাদ (d) বাহাদুরপুর

10. সাঁওতাল বিদ্রোহ হয়েছিল:
(a) নারকেলবেড়িয়ায় (b) চট্টগ্রামে (c) ভগনাডিহিতে (d) বারাসতে

11. বাংলাদেশের 'ওয়াট-টাইলার' নামে পরিচিত ছিলেন:
(a) দিগম্বর বিশ্বাস ও বিষ্ণুচরণ বিশ্বাস (b) ভবানী পাঠক (c) মজনু শাহ (d) দীনবন্ধু মিত্র

12. 'বাংলার নানাসাহেব' বলা হয়:
(a) রামরতন মল্লিককে (b) হরিশচন্দ্র মুখোপাধ্যায়কে (c) দিগম্বর বিশ্বাসকে (d) দীনবন্ধু মিত্রকে

13. পাবনা বিদ্রোহের খবর প্রকাশিত হয়:
(a) গ্রামবার্তা প্রকাশিকা পত্রিকায় (b) বঙ্গদর্শন পত্রিকায় (c) সমাচারদর্পণ পত্রিকায় (d) বামাবোধিনী পত্রিকায়

14. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| a. চুয়াড় বিদ্রোহ | 1. জোয়া ভগত |
| b. কোল বিদ্রোহ | 2. বিরসা মুন্ডা |
| c. সাঁওতাল বিদ্রোহ | 3. দুর্জন সিংহ |
| d. মুন্ডা বিদ্রোহ | 4. সিধু |

(a) 3, 1, 4, 2 (b) 1, 4, 3, 2 (c) 3, 2, 1, 4 (d) 4, 1, 2, 3

15. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| (a) 1763 সাল | (1) সাঁওতাল বিদ্রোহ |
| (b) 1798 সাল | (2) সন্ন্যাসী-ফকির বিদ্রোহ |
| (c) 1831 সাল | (3) চুয়াড় বিদ্রোহ |
| (d) 1855 সাল | (4) কোল বিদ্রোহ |

(a) 2, 3, 4, 1 (b) 1, 2, 3, 4 (c) 4, 3, 2, 1 (d) 3, 2, 4, 1

16. উনিশ শতকে কোম্পানি ভারতে বনজসম্পদ সংরক্ষণের উদ্যোগ নেয়, কারণ:
(a) ভারতবর্ষের মাটি ছিল উর্বর এবং উন্নত কাঠ উৎপাদন কেন্দ্র (b) ভারত থেকে কাঠ বাণিজ্যের উদ্দেশ্যে রপ্তানি বৃদ্ধির জন্য (c) ভারতের রেলপথ নির্মাণ ও বিস্তারের কাজে ব্যবহারের জন্য (d) কোনওটিই নয়

17. সরকার 'জঙ্গলমহল' নামে একটি পৃথক জেলা গঠন করে:
(a) বনাঞ্চলের সুরক্ষার উদ্দেশ্যে (b) আদিবাসীদের সুরক্ষার উদ্দেশ্যে (c) চুয়াড় বিদ্রোহের কারণে (d) কোনওটিই নয়

18. আদিবাসী কোলরা দিকুদের উপর ক্ষুব্ধ ছিল, কারণ:
(a) দিকুরা কোলদের উপর তীব্র শোষণ চালাত (b) দিকুরা কোলদের নীলচাষে বাধ্য করত (c) বহিরাগত জমিদার ও মহাজনরা দিকু নামে পরিচিত ছিল (d) কোনওটিই নয়

19. পাগলাপন্থী আন্দোলন ছিল কৃষকদের বলিষ্ঠ সংগ্রাম, কারণ:
(a) পাগলাপন্থীরা একটি ধর্মরাজ্য প্রতিষ্ঠা করতে চেয়েছিল (b) জমিদার ও কোম্পানির শাসনের অধিকার থেকে নিষ্কৃতি চেয়েছিল (c) বিভিন্ন এলাকা দখল করা তাদের উদ্দেশ্য ছিল (d) কোনওটিই নয়

20. দীনবন্ধু মিত্র 'নীলদর্পণ' নাটকে:
(a) কৃষকদের অত্যাচারের কাহিনি তুলে ধরেন (b) নীলচাষিদের উপর হওয়া অত্যাচারের কাহিনি তুলে ধরেন (c) সাধারণ মানুষের অত্যাচারের কাহিনি তুলে ধরেন (d) কোনওটিই নয়

21. কার্ল মার্কস 1857 সালের বিদ্রোহকে বলেছেন:
(a) সেনা বিদ্রোহ (b) সামন্ত বিদ্রোহ (c) অভিজাত বিদ্রোহ (d) জাতীয় অভ্যুত্থান বা বিদ্রোহ

22. '১৮৫৭ ও বাংলাদেশ' গ্রন্থটি রচনা করেন:
(a) সুকুমার মিত্র (b) দীনবন্ধু মিত্র (c) তারকনাথ পালিত (d) রাধারমণ মিত্র

23. ভারতসভার প্রাণপুরুষ বলা হয়:
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে (b) রাধাকান্ত দেবকে (c) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে (d) দ্বারকানাথ ঠাকুরকে

24. ভারতসভার প্রথম সভাপতি ছিলেন:
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (b) আনন্দমোহন বসু (c) রেভাঃ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় (d) শিবনাথ শাস্ত্রী

এরপর তেরোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

*Which 'WH' form is applicable to make the following assertive sentence, a proper interrogative sentence.*

27. I shall go to Delhi tomorrow.
(a) What (b) When (c) Who (d) Which

*Replace the underlined word with the right alternative from the options given below.*

28. Many children develop fears of imaginary dangers.
(a) plentiful (b) cheap (c) fanciful (d) absurd

*Choose from the following, the correct indirect form of the sentence given.*

29. He said, 'I went.'
(a) He said that he went (b) He said that he has gone (c) He said that he had gone (d) He said that he will go

*Change the voice of the verb and select the correct answer.*

30. We can gain nothing without labour.
(a) Nothing can be gained without labour (b) Nothing is gained without labour by us (c) Without labour, nothing can be gained (d) None of these

31. গদর পার্টি কবে এবং কোথায় প্রতিষ্ঠিত হয়?
(a) ডেনমার্ক, 1921 (b) স্কটল্যান্ড, 1925 (c) আমেরিকা, 1913 (d) কোনওটিই নয়

32. ভারতের লৌহমানব কাকে বলা হত?
(a) লালা লাজপত রায় (b) সর্দার বল্লভভাই প্যাটেল (c) বিপিনচন্দ্র পাল (d) সুরেন্দ্রনাথ ব্যানার্জি

33. ইবাদৎখানা ছিল প্রকৃতপক্ষে:
(a) ভোজনালয় (b) বসবাসের জন্য সুরম্য অট্টালিকা (c) সকল ধর্ম সম্বন্ধে আলোচনার জন্য নির্মিত গৃহ (d) ওপরের কোনওটিই নয়

34. খুতবা কী?
(a) রাজার দেওয়া শাস্তি (b) রাজাদেশ (c) শুক্রবারে নামাজের সময় শাসনকর্তা বা রাজার নামে উপদেশমূলক প্রশস্তি পাঠ (d) কোনওটিই নয়

35. যুগান্তর পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?
(a) বিপিনচন্দ্র পাল (b) বারীন্দ্র ঘোষ (c) যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (d) কেউই নন

36. জাতীয় মেলা কে প্রতিষ্ঠা করেন?
(a) অক্ষয়কুমার দত্ত (b) নবগোপাল মিত্র (c) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর (d) রাজনারায়ণ বসু

37. কে প্রথম ফ্যাক্টরি আইন (1881) প্রবর্তন করেন?
(a) লর্ড রিপন (b) লর্ড কার্জন (c) লর্ড কর্নওয়ালিশ (d) লর্ড আরউইন

38. গান্ধীজির কাছে অহিংসা ছিল:
(a) কোনও উদ্দেশ্য অর্জনের একটি উপায় (b) একমাত্র উদ্দেশ্য (c) নিষ্ক্রিয় প্রতিরোধ (d) বিরোধীকে বিচলিত করার পন্থা

39. 1925 সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন মহিলা সদস্য প্রথম সভাপতিত্ব করেন?
(a) প্রীতিলতা ওয়াদ্দেদার (b) পদ্মজা নাইডু (c) সরোজিনী নাইডু (d) অ্যানি বেসান্ত

40. বেসিনের চুক্তি স্বাক্ষরিত হয়েছিল কোন বছর?
(a) 1805 (b) 1792 (c) 1802 (d) 1765

41. জাতীয় গৌরব সম্পাদনী সভা কে প্রতিষ্ঠা করেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) রাজনারায়ণ বসু (c) ঈশ্বরগুপ্ত (d) প্রিন্স দ্বারকানাথ

42. যে কৃষ্ণ লাভা মৃত্তিকায় সর্বাধিক উন্নত মানের তুলো চাষ হয়, তা হল:
(a) রাঙা মাটি (b) রেগুর (c) রেগোলিথ (d) ল্যাটেরাইট

43. নাগাল্যান্ডের পাহাড়গুলি দ্রুত অনুর্বর হয়ে পড়ছে, এর কারণ:
(a) স্থানান্তর কৃষি (b) নগরায়ণ (c) দ্রুত জনসংখ্যার বৃদ্ধি (d) ইনসারজেন্সি

44. ভারতের কোন রাজ্যে Tank Irrigation-এর শতকরা হার সর্বাধিক?
(a) কর্নাটক (b) কেরল (c) তামিলনাড়ু (d) কোনওটিই নয়

45. নর্মদা নদীর উৎপত্তি কোথায়?
(a) পালনি পর্বত (b) মৈকাল পর্বতমালা (c) অমরকন্টক মালভূমি (d) বিন্ধ্য পর্বতমালা

46. উত্তরবঙ্গের পূর্বতম নদী কোনটি?
(a) মেচি (b) পাগলা (c) তোর্সা (d) রায়ডাক

47. রাডার কোন কাজে ব্যবহৃত হয়?
(a) বেতার থেকে সংকেত গ্রহণে (b) ভূসমলয় উপগ্রহের অবস্থান নির্ণয়ে (c) কোনও বস্তু যেমন উড়োজাহাজের অবস্থান নির্ণয়ে (d) নিমজ্জিত ডুবোজাহাজের অবস্থান নির্ণয়ে

48. স্যার ক্রিক সংক্রান্ত বিবাদ যে দেশগুলির সঙ্গে সম্পর্কিত:
(a) ভারত ও শ্রীলঙ্কা (b) ভারত ও নেপাল (c) ভারত ও বাংলাদেশ (d) ভারত ও পাকিস্তান

49. নিমগাছ হল:
(a) ক্রান্তীয় শুষ্ক পর্ণমোচী গাছ (b) ক্রান্তীয় চিরহরিৎ গাছ (c) ক্রান্তীয় আর্দ্র পর্ণমোচী গাছ (d) ক্রান্তীয় আর্দ্র চিরহরিৎ গাছ

50. Aerial photographs নীচের যে যন্ত্রের সাহায্যে বিশ্লেষণ করা হয়:
(a) থিওডোলাইট (b) মাইক্রোস্কোপ (c) প্যারাল্যাক্সবার (d) স্টিরিয়োস্কোপ

51. নীচের নদীগুলির কোনটি আরব সাগরে পতিত হয়নি?
(a) তাপ্তি (b) মহানদী (c) নর্মদা (d) শরাবতী

52. টোডো উপজাতি দেখতে পাওয়া যায়:
(a) ছত্তিশগড়ে (b) নীলগিরি পর্বতে (c) ঝাড়খণ্ডে (d) উত্তরাখণ্ডে

53. কত সালে SAARC প্রতিষ্ঠিত হয়?
(a) 1984 (b) 1985 (c) 1983 (d) 1982

54. বর্গাদার প্রথা প্রথম যে রাজ্যে প্রয়োগ করা হয়:
(a) বিহার (b) কেরল (c) কর্নাটক (d) পশ্চিমবঙ্গ

55. ভারতে সমষ্টি উন্নয়ন কর্মসূচি আরম্ভ হয়:
(a) 1972 সালে (b) 1956 সালে (c) 1980 সালে (d) 1952 সালে

56. ভারতে পরিকল্পনা কমিশনের সভাপতি হলেন:
(a) প্রধানমন্ত্রী (b) অর্থমন্ত্রী (c) রাষ্ট্রপতি (d) উপরাষ্ট্রপতি

57. ভূমি সংস্কারের উদ্দেশ্য হল:
(a) আর্থিক উন্নতিসাধনের সঙ্গে সম্পদের সমবণ্টন (b) উৎপাদন বৃদ্ধি (c) গ্রামাঞ্চলের মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি (d) ওপরের সবক'টি

58. DNA-তে যে নাইট্রোজেন বেস অনুপস্থিত থাকে তা হল:
(a) সাইটোসিন (b) থাইমিন (c) ইউরাসিল (d) অ্যাডিনিন

59. পেডাংকেল হল একটি:
(a) পাতার বৃন্ত (b) ফুলের বৃন্ত (c) ফলের বৃন্ত (d) ওপরের কোনওটিই নয়

60. নীচের কোনটি পলিমর্ফিক প্রজাতি?
(a) পিপীলিকা (b) মাকড়সা (c) গোরিলা (d) গিরগিটি

61. চিংড়ির রেচন অঙ্গ কোনটি?
(a) সবুজ গ্রন্থি (b) ম্যাপিজিয়ান নালিকা (c) লালাগ্রন্থি (d) ইংক গ্রন্থি

62. হ্যাভারশিয়ান তন্ত্র যার অংশবিশেষ:
(a) মস্তিষ্ক (b) বৃক্ক (c) অস্থি (d) হৃৎপিণ্ড

63. সর্বাপেক্ষা কম সালোকসংশ্লেষ হয়:
(a) সবুজ আলোয় (b) কমলা আলোয় (c) লাল আলোয় (d) নীল আলোয়

64. ভিরিয়ন হল:
(a) ভাইরাসের সংক্রামক দশা (b) ভাইরাসের সংক্রমণ যোগ্য একক (c) ব্যাক্টেরিওফাজের সংক্রামক কণা (d) কোনওটিই নয়

65. সরল দোলগতিতে গতিশক্তি:
(a) কখনওই শূন্য হয় না (b) সাম্য অবস্থায় শূন্য হয় (c) সর্বদা সমান থাকে (d) প্রতি পর্যায়ে দু'বার শূন্য হয়

66. কোনও তারের দৈর্ঘ্য দ্বিগুণ ও প্রস্থচ্ছেদ দ্বিগুণ করলে ওর রোধ:
(a) চারগুণ বাড়বে (b) চারগুণ কমবে (c) দ্বিগুণ বাড়বে (d) অপরিবর্তিত থাকবে

67. একটি P জাতীয় অর্ধপরিবাহীতে প্রধান তড়িৎ পরিবাহী কোনটি?
(a) নেগেটিভ আয়ন (b) পজিটিভ গহ্বর (c) ইলেকট্রন (d) পজিটিভ আয়ন

68. একটি 100 W, 220 V বিজলি বাতির প্রবাহমাত্রা হবে:
(a) $\frac{5}{11}$ A (b) 2200 A (c) 1.1 A (d) 2.2 A

69. নীচের মধ্যে কোনটি মাপক যন্ত্র নয়?
(a) হাইগ্রোমিটার (b) পিকোমিটার (c) ব্যারোমিটার (d) থার্মোমিটার

70. হাবল হল একটি:
(a) বাদ্যযন্ত্র (b) নক্ষত্র (c) পারমাণবিক অস্ত্র (d) মহাকাশ দূরবীক্ষণ যন্ত্র

71. সঞ্চয়ক কোষে কী সঞ্চিত হয়?
(a) তড়িৎ বিভব (b) তড়িৎ আধান (c) সীসা (d) রাসায়নিক শক্তি

72. 0° C উষ্ণতায় 10 গ্রাম বরফ ও 10° C উষ্ণতায় 10 গ্রাম জল মেশানো হল। মিশ্রণের উষ্ণতা হবে:
(a) 6° C (b) 10° C (c) 5° C (d) 1° C

73. নীচের কোনটি ধাতু নয়?
(a) সিলিকন (b) নিকেল (c) পারদ (d) প্ল্যাটিনাম

74. কোন ধাতুটি সর্বাধিক তাপ ও তড়িৎ-এর পরিবাহী?
(a) পটাশিয়াম (b) রুপো (c) সোডিয়াম (d) তামা

75. অক্সিজেন আবিষ্কার করেন:
(a) বয়েল (b) চার্লস (c) ল্যাভয়সিয়ের (d) প্রিস্টলে

76. রাম তার টাকার 10% খরচ করল এবং অবশিষ্টের 30% হারিয়ে গেল। এখন তার কাছে 160 টাকা আছে। রামের মূল টাকার পরিমাণ:
(a) 2300 টাকা (b) 2200 টাকা (c) 2100 টাকা (d) 2000 টাকা

77. $\frac{2}{3}$-এর সঙ্গে $\frac{5}{4}$-এর অনুপাত কত?
(a) $\frac{20}{6}$ (b) $\frac{8}{15}$ (c) $\frac{10}{12}$ (d) $\frac{1}{4}$

78. রীতা, সীতা ও গীতার বয়সের যোগফল 73 বছর, 10 বছর পর তাদের বয়সের যোগফল কত হবে?
(a) 88 বছর (b) 83 বছর (c) 98 বছর (d) 103 বছর

79. রিমা দু'টি রেডিও প্রতিটি 2000 টাকা দরে বিক্রয় করে। একটিতে সে 16% লাভ এবং অন্যটিতে 16% ক্ষতি করল। তাহলে সামগ্রিকভাবে তার শতকরা লাভ বা ক্ষতি হল:
(a) 8.01 (b) 4.68 (c) 2.56 (d) 5.28

80. 270 টাকায় একটি ঘড়ি বিক্রয় করে 10% ক্ষতি হল, 5% লাভে বিক্রি করতে হলে বিক্রয়মূল্য হবে:
(a) 330.00 টাকা (b) 315.00 টাকা (c) 320.00 টাকা (d) 300.00 টাকা

81. 5টি সংখ্যার প্রথম চারটির গড় 26 ও শেষ চারটির গড় 25; প্রথম ও পঞ্চম সংখ্যা দু'টির পার্থক্য:
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

82. 5 বছর পূর্বে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 44 হলে বর্তমানে তাদের বয়সের সমষ্টি হবে:
(a) 59 (b) 64 (c) 63 (d) 54

83. এক দোকানদার 375 টাকায়, 580 টাকায় এবং 428 টাকায় কিছু জিনিস কিনল। সে জিনিসগুলি যথাক্রমে 436 টাকায়, 635 টাকায় এবং 375 টাকায় বিক্রি করল। তার মোট কত লাভ বা ক্ষতি হল?
(a) 38 টাকা ক্ষতি (b) 38 টাকা লাভ (c) 40 টাকা ক্ষতি (d) 40 টাকা লাভ

84. এক টুকরো কাপড়ের দৈর্ঘ্য 24.5 মিটার। ওই কাপড় থেকে 1.75 মিটার দৈর্ঘ্যের কতগুলো টুকরো কাটা যাবে?
(a) 17 (b) 16 (c) 15 (d) 14

*এরপর তেরোর পাতায়*

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

65. 53টি চারাগাছ 2756 মিটার লম্বা রাস্তায় একই সরলরেখায় বসালে পরপর দু'টি গাছের মধ্যে দূরত্ব হবে:
(a) 52 মিটার (b) 53 মিটার (c) 54 মিটার (d) 53.5 মিটার

66. একটি শহরের কিছু লোক কেবলমাত্র বাংলায়, কিছু লোক কেবলমাত্র হিন্দিতে এবং কিছু লোক উভয় ভাষাতে কথা বলে। যদি বাংলায় 74.8% এবং হিন্দিতে 82.4% লোক কথা বলে তাহলে, শতকরা কতজন লোক উভয় ভাষাতেই কথা বলতে পারে না?
(a) 57.2 (b) 25.2 (c) 42.8 (d) 17.6

67. একটি মালগাড়ি ঘণ্টায় 30 কিমি গতিতে 6 কিমি চলে যাওয়ার পর একটি যাত্রীবাহী ট্রেন একই অভিমুখে যাত্রা করে 15 মিনিটে মালগাড়িকে ধরে ফেলে। যাত্রীবাহী ট্রেনের গতি ঘণ্টায়:
(a) 56 কিমি (b) 54 কিমি (c) 52 কিমি (d) 45 কিমি

68. ত্রুটিযুক্ত একটি মাপার স্কেলে 1 মিটার হলে, প্রকৃত মাপ হয় 99 সেমি, প্রকৃত মাপ 50 মিটার ওই ত্রুটিযুক্ত স্কেলে মাপলে হবে:
(a) $49\frac{1}{200}$ মিটার (b) $50\frac{50}{99}$ মিটার (c) $49\frac{49}{99}$ মিটার (d) $50\frac{49}{99}$ মিটার

69. 15 টাকা লিটার দরে 60 লিটার দুধের সঙ্গে কত লিটার জল মিশ্রিত করে 12 টাকা লিটার দরে বিক্রয় করলে, কোনও লাভ বা ক্ষতি হবে না?
(a) 15 লিটার (b) 12 লিটার (c) 18 লিটার (d) 20 লিটার

70. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য 57 মিটার ও প্রস্থ 36 মিটার। যদি আয়তাকার ক্ষেত্রটির দৈর্ঘ্য 1% বৃদ্ধি ও প্রস্থ 1% হ্রাস পায় তাহলে, ক্ষেত্রফল:
(a) একই থাকবে (b) 0.01% বাড়বে (c) 1% কমবে (d) 0.01% কমবে

71. BZA, DYC, FXE, _____ JVI.
(a) HUG (b) HWG (c) UHG (d) WHG

72. abd ___ ac ____ da ____ cddcb ____ dbc ____ cbda.
(a) bccda (b) cbbaa (c) ccbba (d) bbcad

73. রঞ্জন মনে করল তার সঙ্গে মায়ের দেখা হয়েছিল মাসের 13 তারিখের পরের শনিবার। যদি ওই মাসের প্রথম দিন শুক্রবার হয় তবে রঞ্জনের সঙ্গে তার মায়ের ওই মাসের কততম দিনে দেখা হয়েছিল?
(a) 16তম (b) 15তম (c) 19তম (d) 22তম

74. গীতা সীতার চেয়ে লম্বা কিন্তু রাধার চেয়ে লম্বা নয়। রাধা ও রানি সমান উচ্চতার। গীতা পারুর চেয়ে বেঁটে। সবগুলো মেয়ের মধ্যে সবচেয়ে বেঁটে কে?
(a) গীতা (b) সীতা (c) রাধা ও রানি (d) পারু

75. যদি দিল্লির কোড HJPLM হয় তবে QEHVEW এই কোড কীসের?
(a) কানপুর (b) মাদ্রাজ (c) নাগপুর (d) মুম্বই

76. IMAGINATION শব্দটির বাঁদিকের থেকে অষ্টম ও ডানদিকের থেকে ষষ্ঠ অক্ষরের মাঝের অক্ষর কোনটি?
(a) M (b) G (c) I (d) A

77. যদি A + B = × C = ÷ D = − হয়, তবে, 144 C 12 A 18 D 4 B 6 = ?
(a) 18 (b) 12 (c) 8 (d) 6

**নির্দেশ (78 to 80):** *পাঁচ বন্ধু PQRST মুম্বই থেকে পাঁচটি ভিন্ন শহর কলকাতা, চেন্নাই, দিল্লি, বেঙ্গালুরু ও হায়দ্রবাদ যায় পাঁচটি ভিন্ন যান— বাস, ট্রেন, উড়োজাহাজ, ট্যাক্সি, নৌকা করে।*

*(i) যে দিল্লি যায় সে নৌকা চড়ে না।*

*(ii) R ট্যাক্সি করে বেঙ্গালুরু ও উড়োজাহাজে কলকাতা যায়।*

*(iii) S ও T যথাক্রমে নৌকা ও বাসে যাত্রা করে।*

*(iv) মুম্বই থেকে দিল্লি ও চেন্নাইয়ের বাসের যোগাযোগ নেই।*

78. নীচের কোন জোড়টি ঠিক নয়?
(a) R ট্যাক্সি (b) S নৌকা (c) T উড়োজাহাজ (d) কোনওটিই নয়

79. নীচের কোন জোড়াটি ঠিক?
(a) চেন্নাই-বাস (b) দিল্লি-ট্যাক্সি (c) চেন্নাই-নৌকা (d) বেঙ্গালুরু-ট্রেন

80. দিল্লি যাওয়ার জন্য কোন যান ব্যবহার করা হয়?
(a) ট্যাক্সি (b) বাস (c) নৌকা (d) ট্রেন

81. একটি ঘড়িতে সকাল 9.45 বাজে। ঘড়ির বিপরীতে থাকা আয়নায় তখন কত সময় দেখাবে?
(a) 3 : 15 (b) 2 : 45 (c) 7 : 15 (d) 2 : 15

82. দু'টি আয়নাকে পরস্পরের সঙ্গে 30° কোণে রাখা হলে, আয়নাদু'টির মাঝে রাখা কোনও বস্তুর প্রতিবিম্বের সংখ্যা ক'টি হবে?
(a) 12টি (b) 7টি (c) 11টি (d) 6টি

83. যদি মেঘকে বলা হয় বৃষ্টি, বৃষ্টিকে বলা হয় জল, জলকে বলা হয় মাছ, মাছকে বলা হয় জাল এবং জালকে বলা হয় বাতাস, তবে জেলেরা কী দিয়ে মাছ ধরে?
(a) জাল (b) মাছ (c) জল (d) বাতাস

84. নীচের কোন ভেন চিত্রটি মানুষ, বাঘ ও মাংসাশি প্রাণীর মধ্যে সম্পর্ক প্রকাশ করে?



(a) (b) (c) (d)

85. নীচে তিন ধরনের চিত্র আছে। প্রত্যেক চিত্রকে একবার ব্যবহার করে শ্রেণিগুলিকে শনাক্ত করুন।




*এরপর বারোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

(a) 1, 3, 5; 2, 6, 9; 7, 4, 8 (b) 2, 3, 4; 6, 8, 9; 9, 1, 7 (c) 1, 3, 5; 2, 6, 8; 7, 4, 9 (d) 3, 2, 4; 6, 5.8; 7, 9, 1

86. শুধুমাত্র 1টি ঘরে কোণ সংখ্যাটি আছে?




(a) 1 (b) 3 (c) 5 (d) 7

87. একট মেয়েদের সারিতে রবিনা বাঁদিক থেকে 15তম স্থানে ও মোহিনী ডানদিক থেকে 18তম স্থানে আছে। যদি তারা নিজেদের মধ্যে স্থান পরিবর্তন করে, তাহলে মোহিনী বাঁদিক থেকে 15তম স্থানে থাকে। সারিতে কতজন আছে?

(a) 33 (b) 48 (c) 47 (d) তথ্য অসম্পূর্ণ

88.




এই ছকটি দিয়ে ঘনক তৈরি করলে D-এর বিপরীতে কী আসবে?

(a) B (b) C (c) F (d) A

89. ? চিহ্ন স্থানে সঠিক সংখ্যাটি বসান।




(a) 539 (b) 265 (c) 585 (d) 593

90. সুবীর পূর্বমুখী দাঁড়িয়ে আছে। সে ঘড়ির কাঁটার দিকে 150 ডিগ্রি কোণ করে একবার এবং তারপর পুনরায় 165 ডিগ্রি কোণ করে ঘড়ির কাঁটার অভিমুখে ঘুরে দাঁড়াল। তার মুখ কোনদিকে থাকবে?

(a) উত্তর-পূর্ব (b) উত্তর-পশ্চিম (c) দক্ষিণ-পূর্ব (d) দক্ষিণ-পশ্চিম

91. AMAZE

Matrix-I

| | 0 | 1 | 2 | 3 | 4 |
|---|---|---|---|---|---|
| 0 | M | N | L | O | R |
| 1 | P | G | D | E | O |
| 2 | R | B | C | T | S |
| 3 | T | A | D | B | O |
| 4 | L | Z | W | N | E |

Matrix-II

| | 5 | 6 | 7 | 8 | 9 |
|---|---|---|---|---|---|
| 5 | E | T | A | M | Z |
| 6 | B | S | R | A | B |
| 7 | T | N | R | K | C |
| 8 | O | C | G | E | D |
| 9 | Q | R | S | V | F |

(a) 31, 58, 86, 95, 88 (b) 68, 00, 31, 14, 13 (c) 57, 58, 13, 59, 31 (d) 31, 58, 57, 41, 13

92. রাজন হয় শচীনের ভাই এবং মানিক হয় রাজনের বাবা। জগৎ হয় প্রিয়ার ভাই এবং প্রিয়া হয় শচীনের কন্যা। তবে জগৎ-এর কাকা কে?

(a) রাজন (b) শচীন (c) মানিক (d) কোনওটিই নয়

93. Statement: 1. কিছু টাইপিস্ট স্টেনোগ্রাফার (Some typists are stenographers)

2. কিছু স্টেনোগ্রাফার হয় বালক (Some stenographers are boys)

Conclustion: I. সমস্ত বালক হয় স্টেনোগ্রাফার। (All boys are stenographers).

II. সমস্ত বালক হয় টাইপিস্ট (All boys are typists).

III. কিছু টাইপিস্ট হয় বালক (Some typists are boys).

IV. কোনও টাইপিস্টই বালক নয় (No typist is boy).

(a) শুধু I সঠিক (b) শুধু II ও III সঠিক (c) I অথবা III সঠিক (d) I অথবা IV সঠিক (e) III অথবা IV সঠিক

94. Statement: কিছু টুপি হয় ট্যাঙ্ক (Some caps are tanks).

কিছু ট্যাঙ্ক হয় বাল্ব (Some tanks arebulbs).

Conclusions: I. কিছু ট্যাঙ্ক হয় টুপি (Some tanks are caps)

II. কিছু বাল্ব হয় ট্যাঙ্ক (Some bulbs are tanks)

III. কিছু টুপি হয় বাল্ব (Some caps are bulbs)

IV. কোনও বাল্বই হয় না টুপি (No bulb is a cap)

(a) I, II, III সঠিক (b) I, II, IV সঠিক (c) I, II এবং III অথবা IV সঠিক (d) এর কোনওটিই নয় (e) সবকটিই সঠিক

95. নীচের স্তূপে ক'টি ব্লক আছে?



(a) 15 (b) 14 (c) 10 (d) 5

96. Question figure



Answer figure



(a) (b) (c) (d)

97. নীচের ছক্কাটি থেকে '2B'-এর বিপরীতে কোন সংখ্যাটি হবে?




(a) 4D (b) 6F (c) 5E (d) 1A

98. Question figure



Answer figure



(a) (b) (c) (d)

99. 'TRANSLOCATION' অক্ষরগুলি দিয়ে কোন শব্দটি তৈরি করা যাবে না?

(a) START (b) COAL (c) TRANCTOR (d) TALCUM

100. নীচের শব্দগুলিকে দেওয়ালের উল্টোদিকে থাকা কোনও আয়নার মধ্য দিয়ে যদি দেখা যায় তাহলে কোনটি সরাসরি দেখার মতোই একইরকম দেখাবে?

(a) BOOK (b) TOOT (c) NOON (d) MOON

### উত্তর

1(a), 2(c), 3(c), 4(d), 5(c), 6(a), 7(d), 8(d), 9(a), 10(c), 11(c), 12(c), 13(c), 14(d), 15(c), 16(b), 17(b), 18(c), 19(a), 20(a), 21(b), 22(c), 23(b), 24(d), 25(d), 26(c), 27(b), 28(d), 29(c), 30(b), 31(b), 32(b), 33(b), 34(c), 35(d), 36(a), 37(b), 38(b), 39(c), 40(b), 41(d), 42(a), 43(c), 44(a), 45(b), 46(b), 47(b), 48(c), 49(d), 50(c), 51(d), 52(a), 53(a), 54(d), 55(d), 56(b), 57(d), 58(b), 59(a), 60(c), 61(b), 62(c), 63(c), 64(b), 65(b), 66(c), 67(b), 68(b), 69(a), 70(b), 71(b), 72(b), 73(a), 74(b), 75(b), 76(d), 77(d), 78(c), 79(c), 80(d), 81(d), 82(c), 83(d), 84(b), 85(c), 86(c), 87(d), 88(c), 89(d), 90(a), 91(d), 92(a), 93(c), 94(c), 95(b), 96(b), 97(b), 98(c), 99(d), 100(b).

### সমাধান

46(b): *TRICK:* কোনটি খায় না = {(100 – (60 + 50 – 20)} = 10%.

47(b): পুরুষ ও স্ত্রী লোকের সংখ্যার অনুপাত = 32980 : 16490 = 2 : 1

∴ গড় শিক্ষিতের হার $= \frac{(2\times75)+(1\times50)}{(2+1)} = 66\frac{2}{3}$ %.

48(c): ক্রয়মূল্য 100 টাকা হলে, ধার্যমূল্য 120 টাকা

∴ বিক্রয়মূল্য $= \left(120-120\times8\frac{1}{3}\%\right) = 110$ টাকা

∴ নির্ণেয় লাভের হার = (110 – 100)% = 10%.

49(d): প্রথম ছাড় দেওয়ার পর বিক্রয়মূল্য $= \left(160\times\frac{90}{100}\right) = 144$ টাকা

অর্থাৎ, দ্বিতীয় ছাড় = (144 – 122.40) = 21.60 টাকা

∴ দ্বিতীয় ছাড়ের হার $= \left(21.60\times\frac{100}{144}\right) = 15\%$.

50(c): নির্ণেয় লাভের হার $= \left(\frac{1000-950}{950}\right)\times100 = 5\frac{5}{19}\%$.

51(d): সন্তানের বয়স = (3 × 20) – 2 (23 + 5) = 4 বছর।

52(a): শিক্ষকের ওজন = 20 +1(24 + 1) = 45 Kg.

53(a): P : S = 3 : 8 ∴ $P = 56\times\frac{3}{8} = 21$.

54(d): A : C = 6 : 5 B : C = 4 : 3

∴ A : B = (6 × 3) : (5 × 4) : (5 × 4) = 9 : 10.

55(d): আরও $= 12\times\frac{(8-5)}{(1+5)} = 6$ লিটার অ্যাসিড ঢালতে হবে।

56(b): পুরুষ ও মহিলার সংখ্যা যথাক্রমে 5x ও 4x ধরা হলে,

$\frac{5x}{4x+45} = \frac{4}{5}$ বা, 25x – 16x = 4 × 45 ∴ x = 20 জন

∴ সমিতিতে পুরুষ সদস্যের সংখ্যা (5x) = 5 × 20 = 100 জন।

57(d): *TIP:* দু'টি সংখ্যার যোগফল = অনুপাত সমষ্টি × গ.সা.গু.

∴ সংখ্যাদু'টির যোগফল = (3 + 4) × 20 = 140.

58(b): *TIP:* সংখ্যা শ্রেণির যোগফল = (প্রথম সংখ্যা + শেষ সংখ্যা) × $\frac{N}{2}$

এখানে N = 25 কারণ 2 থেকে 50 পর্যন্ত 25টি জোড় সংখ্যা

∴ সংখ্যাসারির যোগফল $= (2+50)\times\frac{25}{2} = 26\times25 = 650$.

59(a): *TIP:* ভাজক অর্ধেক হলে, ভাগফল 2 গুণ হবে

(264 × 197) + 183 = (132 × 2 × 197) + (132 × 1 + 51)

= {132 × (394 + 1)} + 51 = (132 × 395) + 51

132 দ্বারা ভাগ করলে ভাগফল হয় 395.

60(c): 4, 15, 16 মিনিটের ল.সা.গু. = (16 × 15) মিনিট = 4 ঘণ্টা

∴ সকাল 6 টা + 4 ঘণ্টা = সকাল 10টায় তিন রুটের বাস একসঙ্গে ছাড়বে।

61(b): বালকের সংখ্যা = x এবং বালিকার সংখ্যা = y ধরা হলে—

3x + 6y = 42 বা, 15x + 30y = 210

আবার, 5x + 3y = 42 বা, 15x + 9y = 126

বা, (30y – 9y) = 210 – 126 বা, 214 = 84

∴ y = 84 ÷ 21 = 4.

62(c): $\left(1-\frac{4}{7}\right)$ বা, $\frac{3}{4}$ অংশ = 24 বছর

∴ 1 অংশ $= 24\times\frac{7}{3} = 56$ বছর।

63(c): ধরি প্রতি লিটার প্রথম প্রকার তরলের দাম = x টাকা

তাহলে, $3x + 2(x-2) = 11(3+2)\times\frac{100}{110}$

বা, 5x – 4 = 50 টাকা ∴ x = 54 ÷ 5 = 10.80 টাকা।

64(b): পরিচ্ছন্ন ও মেঘাচ্ছন্ন আকাশের সময়ের অনুপাত = 5 : 1 : 8 : 5 = 3 : 5

∴ আকাশ পরিচ্ছন্ন ছিল $= \frac{3}{3+5} = \frac{3}{8}$ অংশ সময়।

65(b): পরপর দু'টি গাছের মধ্যে দূরত্ব = 2756 ÷ (53 – 1) = 53 মিটার।

66(c): উভয় ভাষায় কথা বলতে পারে = (74.8 + 82.4) – 100 = 57.2%

∴ উভয় ভাষায় কথা বলতে পারে না = (100 – 57.2)% = 42.8%.

67(b): মাল ট্রেনটি 15 মিনিটে যায় $= \left(30\times\frac{15}{60}\right) = 7.5$ কিমি

যাত্রীবাহী ট্রেন 15 মিনিটে যায় = (6 + 7.5) কিমি = 13.5 কিমি

∴ যাত্রীবাহী ট্রেনের গতি ঘণ্টায় $= \left(13.5\times\frac{60}{15}\right) = 54$ কিমি।

68(b): ত্রুটিযুক্ত স্কেলে মাপলে হবে $= \frac{100\times50}{99} = 50\frac{50}{99}$ মিটার।

69(a): দুধ ও জলের অনুপাত = 12 : (15 – 12) = 4 : 1

∴ জল $= 60\times\frac{1}{4} = 15$ লিটার।

70(b): ট্রেনটি 4 সেকেন্ডে যায় $= \left(4\frac{2}{7}\times7\right) = 30$ মিটার

∴ ট্রেনের গতি ঘণ্টায় $= \left(\frac{30}{7}\times\frac{3600}{1000}\right) = 27$ কিমি।

71(b):

প্রথম অক্ষরগুলির শ্রেণি ⇒ B $\xrightarrow{+2}$ D $\xrightarrow{+2}$ F $\xrightarrow{+2}$ [H] $\xrightarrow{+2}$ J

দ্বিতীয় অক্ষরগুলির শ্রেণি ⇒ Z $\xrightarrow{-1}$ Y $\xrightarrow{-1}$ X $\xrightarrow{-1}$ [W] $\xrightarrow{-1}$ V

তৃতীয় অক্ষরগুলির শ্রেণি ⇒ A $\xrightarrow{+2}$ C $\xrightarrow{+2}$ E $\xrightarrow{+2}$ [G] $\xrightarrow{+2}$ J

72(b): abd c a c b d a b c d/d c b a d b c a c d b a

∴ cbbaa.

73(a): '1' তারিখ শুক্রবার হলে '2' তারিখ শনিবার হবে

∴ 2, 9, 16 তারিখগুলিও শনিবার হবে

∴ 13 তারিখের পর শনিবার হবে 16 তারিখ।

74(b): রাধা > গীতা > সীতা ... (i)

রাধা > রানি ... (ii), পারু > গীতা ... (iii)

i, ii, iii, থেকে সবচেয়ে বেঁটে গীতা।

75(b):

```
H    J    P    L    M
–4↓  –4↓  –4↓  –4↓  –4↓
D    E    L    H    I        = দিল্লি

Q    E    H    V    E    W
–4↓  –4↓  –4↓  –4↓  –4↓  –4↓
M    A    D    R    A    S
```

76(d):

বাঁদিক থেকে অষ্টম

I M A G I [N] A [T] I O N

ডানদিক থেকে ষষ্ঠ

77(d): A = +, C = ÷, B = ×, D = –

144 C 12 A 18 D 4 B 6 চিহ্ন পরিবর্তনের পর

144 ÷ 12 + 18 – 4 × 6 = 12 ÷ 8 – 24 = 6.

**নির্দেশ (78 to 80):**

| | কলকাতা | চেন্নাই | দিল্লি | বেঙ্গালুরু | হায়দ্রাবাদ |
|---|---|---|---|---|---|
| P | | | ট্রেন | | |
| Q | উড়োজাহাজ | | | | |
| R | | | | ট্যাক্সি | |
| S | | নৌকা | | | |
| T | | | | | বাস |

78(c): T উড়োজাহাজ নয় বাসে হায়দ্রাবাদ যাবে।

79(c): S চেন্নাই যায় নৌকা করে।

80(d): দিল্লি যাওয়ার জন্য ট্রেন ব্যবহার করা হয়।

81(d): 11.60 – 9.45 = 2.15

[বিশেষ দ্রষ্টব্য: সব সময় 11.60 থেকে বিয়োগ করতে হবে ]

82(c): দু'টি আয়না পরস্পরের সঙ্গে θ কোণে থাকলে, আয়না দু'টির মাঝে রাখা কোনও বস্তুর প্রতিবিম্ব সংখ্যা $= \left(\frac{360^\circ}{\theta}-1\right)$

∴ নির্ণেয় প্রতিবিম্ব সংখ্যা $= \frac{360^\circ}{30} - 1 = 12 - 1 = 11$.

83(d): জেলেরা জাল দিয়ে মাছ ধরে, এখানে জাল = বাতাস

সুতরাং, জেলেরা বাতাস দিয়ে মাছ ধরে।

84(b):




*এরপর তেরোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

85. কোনও এক শহরে 120000 জন ভোটদাতা আছে। এদের মধ্যে 75% A এবং B-র মধ্যেকার নির্বাচনে ভোট দেয়। যদি B 45% ভোট পায় তবে A কত ভোট পায়?
(a) 47,900 (b) 47,000 (c) 49,500 (d) 49,000
86. $\sqrt{3}$ -এর মান:
(a) 1.732 (b) 1.372 (c) 1.273 (d) 1.700
87. 270 গ্রাম 3 কিলোগ্রামের কত অংশ?
(a) $\frac{9}{100}$ (b) $\frac{9}{80}$ (c) $\frac{3}{50}$ (d) $\frac{7}{50}$
88. কোনও টাইপিস্ট 3 ঘণ্টা 30 মিনিটে 70 পাতা টাইপ করে। 300 পাতা টাইপ করতে তার কত সময় লাগবে?
(a) 15 ঘণ্টা (b) 16 ঘণ্টা (c) 14 ঘণ্টা (d) 12 ঘণ্টা
89. x, 6, 9 ক্রমিক সমানুপাতি হলে, x-এর মান কত?
(a) 4 (b) 3 (c) 2 (d) 1
90. 4, 6 এবং x পরস্পর সমানুপাতি হলে, x-এর মান কত?
(a) 9 (b) 8 (c) 10 (d) 7
91. 20% ছাড় দেওয়ার ফলে একটি বইয়ের দাম 40 টাকা হয়। 10% ছাড় দিলে ওই বইয়ের দাম কত হবে?
(a) 50 টাকা (b) 45 টাকা (c) 49 টাকা (d) 47 টাকা
92. যদি 3টি পেয়ারাকে 4টির ক্রয়মূল্যে বিক্রয় করা হয় তবে লাভ হয়:
(a) $33\frac{1}{4}$ % (b) $33\frac{1}{3}$ % (c) $40\frac{1}{2}$ % (d) $66\frac{1}{3}$ %
93. 12 : 20 = ? : 25, লুপ্ত সংখ্যাটি হবে:
(a) 18 (b) 15 (c) 24 (d) 16
94. একটি গোলকের তলের ক্ষেত্রফল (বর্গসেমি) তলটির ঘনফলের (ঘনসেমি) তিনগুণ। গোলকের ব্যাস হবে:
(a) 1 সেমি (b) 2 সেমি (c) 3 সেমি (d) π সেমি
95. দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 5 : 4 হলে, এদের ক্ষেত্রফলের অনুপাত কত?
(a) 5 : 4 (b) 6 : 7 (c) 9 : 13 (d) 25 : 16
96. বাস ও ট্রেন ভাড়ার অনুপাত 4 : 5। বাসের ভাড়া 10% এবং ট্রেনের ভাড়া 20% বর্ধিত হলে, বাস ও ট্রেন ভাড়ার নতুন অনুপাত হবে:
(a) 7 : 13 (b) 5 : 9 (c) 11 : 15 (d) 15 : 11
97. রমা অনির থেকে 10% বেশি পায়, ফলে অনি রমার থেকে x% কম পায়। তাহলে x-এর মান:
(a) $10\frac{1}{11}$ (b) $8\frac{1}{11}$ (c) $9\frac{1}{11}$ (d) $7\frac{1}{11}$
98(c): পচা আপেলের জন্য এক আপেল বিক্রেতা 10% ক্ষতিতে আপেল বিক্রি করে। আপেলের ক্রয়মূল্য 250 টাকা হলে, বিক্রয়মূল্য হবে:
(a) 230 টাকা (b) 240 টাকা (c) 225 টাকা (d) 235 টাকা
99. কোনও খনিজ আকরিকে 2% তামা আছে; 8.7 কিলোগ্রাম তামার জন্য কত পরিমাণ খনিজ আকরিক প্রয়োজন?
(a) 440 কিলোগ্রাম (b) 435 কিলোগ্রাম (c) 445 কিলোগ্রাম (d) 430 কিলোগ্রাম
100. কোনও সংখ্যার 10% কমালে হয় 54, শতকরা কত বাড়ালে 72 হবে?
(a) 20% (b) 25% (c) 22% (d) 15%

#### উত্তর

1(d), 2(b), 3(b), 4(c), 5(a), 6(b), 7(b), 8(a), 9(c), 10(d), 11(d), 12(b), 13(d), 14(d), 15(d), 16(d), 17(c), 18(b), 19(c), 20(b), 21(b), 22(c), 23(b), 24(d), 25(d), 26(c), 27(b), 28(c), 29(c), 30(a), 31(c), 32(b), 33(c), 34(c), 35(b), 36(b), 37(a), 38(a), 39(c), 40(c), 41(b), 42(b), 43(a), 44(c), 45(c), 46(d), 47(b), 48(d), 49(c), 50(d), 51(b), 52(b), 53(b), 54(d), 55(d), 56(a), 57(d), 58(c), 59(b), 60(d), 61(a), 62(c), 63(a), 64(b), 65(b), 66(d), 67(b), 68(d), 69(b), 70(d), 71(d), 72(c), 73(a), 74(d), 75(d), 76(d), 77(b), 78(d), 79(c), 80(b), 81(c), 82(d), 83(b), 84(d), 85(c), 86(a), 87(a), 88(a), 89(a), 90(a), 91(b), 92(b), 93(b), 94(a), 95(d), 96(c), 97(c), 98(c), 99(b), 100(a).

**সমাধান**

76(d): ধরি, মূল টাকার পরিমাণ হল x
∴ খরচ করার পর রামের কাছে টাকার পরিমাণ $= \frac{(110-10)\times x}{100} = 0.9x$
∴ 30% টাকা হারিয়ে যাওয়ার পর তার কাছে অবশিষ্ট টাকা $= (0.9 \times 0.7)x = 0.63x$
শর্তানুসারে, $0.63x = 1260$ ∴ $x = \frac{1260}{0.63} = 2000$ টাকা।
77(b): $\frac{2}{3} : \frac{5}{4} = \frac{2}{3} \times \frac{4}{5} = \frac{8}{15}$.
78(d): তাদের বয়সের যোগফল হবে $73 + 3 \times 10 = 73 + 30 = 103$ বছর।
79(c): ক্ষতি $= \frac{16\times16}{100} = 2.56\%$.
80(b): ঘড়িটির ক্রয়মূল্য হবে $\frac{270\times100}{90} = 300$ টাকা
সুতরাং এর 5% বর্ধিত মূল্য হবে $= \frac{300\times105}{100} = 315$ টাকা।
81(c): $26 \times 4 = 25 \times 4 = 104 - 100 = 4$.
82(d): $44 + 5 \times 2 = 44 + 10 = 54$.

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

85(c): 1, 3, 5 বৃত্ত অথবা অর্ধবৃত্ত; 2, 6, 8 ত্রিভুজ এবং 4, 7, 9 চতুর্ভুজ।
86(c): শুধুমাত্র একটি চিত্র (বর্গক্ষেত্র)-এর মধ্যে আছে 5।
87(d): তথ্য সম্পূর্ণ নয়। সারিতে কতগুলি মেয়ে আছে বলা সম্ভব নয়।
88(c): সোজাসুজি গেলে প্রতিক্ষেত্রে তৃতীয় সংখ্যাটি বিপরীত সংখ্যা বলে বিবেচিত হবে।
এক্ষেত্রে A-এর বিপরীতে C এবং B-এর বিপরীতে E আছে।
সুতরাং, D-এর বিপরীতে হবে F.
89(d): $6^3 + 7^2 = 265$, $4^3 + 5^2 = 89$, $2^3 - 32 = 17$, $8^3 - 9^2 = 593$.
90(a):




∴ ঘড়ির কাঁটার দিকে সুবীর মোট ঘোরে $(150 + 165) = 315°$
∴ বর্তমান অবস্থা থেকে $(360 - 315)° = 45°$ ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরে অবস্থিত।
92(a):




93(e):




94(c):




95(b): মোট $(5 + 5 + 4) = 14$টি ব্লক।
97(b): ছক্কাগুলিতে '6F'-এর পাশাপাশি 1A, 4D ও 5E আছে
আবার, 2B-এর পাশাপাশি 3C আছে।
সুতরাং, 2B -এর বিপরীতে 6F এবং 6F -এর বিপরীতে 2B হবে।
99(d): TALC U M অক্ষর দু'টি মূল শব্দে নেই।
100(b): 'TOOT'-এর প্রতিবিম্বও একইরকম হয়।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

---

83(b): প্রশ্নানুসারে, $(436 + 635 + 350) - (375 + 580 + 428) = 1421 - 1383 = 38$ টাকা লাভ।
84(d): প্রশ্নানুসারে, $\frac{24.5}{1.75} = 14$টি।
85(c): $1{,}20{,}000 \times \frac{75}{100} \times \frac{55}{100} = 49{,}500$.
86(a): $\sqrt{3} = 1.732$.
87(a): প্রশ্নানুসারে, $\frac{270}{3000}$ অংশ $= \frac{9}{100}$ অংশ।
88(a): প্রশ্নানুসারে, $3\frac{1}{2} \times \frac{300}{70} = \frac{7}{2} \times \frac{30}{7} = 15$ ঘণ্টা।
89(a): x : 6 : : 6 : 9
or, $\frac{x}{6} = \frac{6}{9}$ or, $x = 4$.
90(a): প্রশ্নানুসারে, 4 : 6 : : 6 : x
or, $\frac{4}{6} = \frac{6}{x}$ or, $x = 9$.
91(b): বইটির ক্রয়মূল্য $= 40 \times \frac{100}{80}$ টাকা = 50 টাকা
10% ছাড় দিলে বইটির দাম হবে $= 50 \times \frac{90}{100}$ টাকা = 45 টাকা।
92(b): লাভ% $= \frac{4-3}{3} \times 100\% = \frac{100}{3}\% = 33\frac{1}{3}\%$.
93(b): প্রশ্নানুসারে, 12 : 20 = x : 25
$\frac{12}{20} = \frac{x}{25}$ বা, $x = \frac{12\times25}{20} = 15$.
94(a): মনে করি, গোলকের ব্যাসার্ধ r সেমি
প্রশ্নানুসারে, $2\pi r^2 = 3 \times \frac{4}{3}\pi r^3$ বা, $2r = 1$ ∴ ব্যাস = 1 সেমি।
95(d): ক্ষেত্রফলের অনুপাত $= \pi r_1^2 : \pi r_2^2$ বা, $r_1^2 : r_2^2$ বা, $5^2 : 4^2$ বা, 25 : 16.
96(c): প্রশ্নানুসারে, $4x \times 110\% : 5x \times 120\% = 44x : 60x = 11 : 15$.
97(c): রমা 110 হলে অনি 10 কম
রমা 100 হলে অনি $\frac{10}{110} \times 100$ কম $= 9\frac{1}{11}$ কম।
98(c): বিক্রয়মূল্য $= \frac{250}{100} \times 90 = 225$ টাকা।
99(b): আকরিক আছে $= \frac{100}{2} \times 8.7$ কিলোগ্রাম = 435 কিলোগ্রাম।
100(a): বাড়াতে হবে $= \frac{90}{54} \times 72\% - 100\% = 120\% - 100\% = 20\%$.

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

25. 'বেঙ্গলী' পত্রিকার প্রতিষ্ঠাতা-সম্পাদক ছিলেন:
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (b) রাধাকান্ত দেব (c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (d) রবীন্দ্রনাথ ঠাকুর
26. 'Surrender Not' বলা হত:
(a) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে (c) দাদাভাই নওরোজিকে (d) গোপালকৃষ্ণ গোখলেকে
27. 'জাতীয়তাবাদের গীতা' বলা হয়:
(a) নীলদর্পণকে (b) আনন্দমঠকে (c) গোরাকে (d) বর্তমান ভারতকে
28. দেশকে 'মা' বলে কল্পনা করা হয়েছে:
(a) পথের দাবী উপন্যাসে (b) আনন্দমঠ উপন্যাসে (c) গোরা উপন্যাসে (d) বর্তমান ভারত গ্রন্থে
29. সত্যানন্দ চরিত্রটির উল্লেখ পাওয়া যায়:
(a) গোরা-তে (b) আনন্দমঠ-এ (c) কমলাকান্তের দপ্তর-এ (d) ঘরেবাইরে-তে
30. 'ভারতমাতা' চিত্রটি আঁকেন:
(a) অবনীন্দ্রনাথ ঠাকুর (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) নন্দলাল বসু (d) গগনেন্দ্রনাথ ঠাকুর
31. ভারতমাতা চিত্রটির পূর্বনাম ছিল:
(a) বঙ্গমাতা (b) দেশমাতা (c) বিশ্বমাতা (d) রাষ্ট্রমাতা
32. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| a. মঙ্গল পান্ডে | 1. শ্রীরামপুর মিশন |
| b. মহারানির ঘোষণাপত্র | 2. এলাহাবাদ দরবার |
| c. বন্দেমাতরম | 3. আনন্দমঠ |
| d. সমাচার দর্পণ | 4. ব্যারাকপুর সেনানিবাস |

(a) 2, 3, 4, 1 (b) 1, 4, 3, 2 (c) 3, 2, 1, 4 (d) 4, 2, 3, 1
33. এনফিল্ড রাইফেল ছিল 1857 সালের বিদ্রোহের প্রত্যক্ষ কারণ:
(a) এটি অনেক ভারী ছিল (b) এটির কোনও কার্যক্ষমতা ছিল না (c) এটিতে গরু ও শূকরের চর্বিমিশ্রিত কার্তুজ দাঁতে কেটে বন্দুকে ভরতে হত (d) কোনওটিই নয়
34. শিক্ষিত বাঙালি সমাজ 1857 সালের বিদ্রোহকে সমর্থন করেনি, কারণ
(a) বিদ্রোহীরা সাধারণ মানুষের উপর অত্যাচার করত (b) শিক্ষিতরা নিজেদের সিপাহিদের হাত থেকে বাঁচাতে চেয়েছিল (c) শিক্ষিত মধ্যবিত্ত বাঙালি সমাজ ব্রিটিশ শাসনকে কল্যাণকর বলে মনে করত (d) কোনওটিই নয়
35. 'হর্ষবর্ধন' এবং 'গোবর্ধন' এই দুই চরিত্র সৃষ্টি করেছেন:
(a) নারায়ণ দেবনাথ (b) নারায়ণ বন্দ্যোপাধ্যায় (c) শিবরাম চক্রবর্তী (d) শৈল চক্রবর্তী
36. 'অধীনতামূলক মিত্রতা নীতি' কে প্রবর্তন করেছিলেন?
(a) ডালহৌসি (b) ওয়েলেসলি (c) রিপন (d) মিন্টো
37. মুসলিম লিগ কোন সালে প্রথম পৃথক রাষ্ট্র পাকিস্তানের জন্য ডাক দিয়েছিল?
(a) 1939 (b) 1940 (c) 1941 (d) 1942
38. 'ইন্ডিকা' কে রচনা করেন?
(a) ফা-হিয়েন (b) হিউয়েন সাং (c) ই-সিং (d) মেগাস্থিনিস
39. নিম্নলিখিত কোন হিন্দু ব্যক্তি 'দীন-ই-ইলাহি' গ্রহণ করেছিলেন?
(a) মান সিং (b) টোডর মল (c) তানসেন (d) বীরবল
40. বুদ্ধ কবে জন্মগ্রহণ করেছিলেন?
(a) 523 খ্রিস্টপূর্বাব্দে (b) 563 খ্রিস্টপূর্বাব্দে (c) 623 খ্রিস্টপূর্বাব্দে (d) 602 খ্রিস্টপূর্বাব্দে
41. শেষ মৌর্য সম্রাট কে ছিলেন?
(a) অশোক (b) বৃহদ্রথ (c) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (d) পুষ্যমিত্র শুঙ্গ
42. কোন মধ্যযুগীয় শাসক প্রথম ঐশ্বরিক নরপতিত্বের আদর্শ প্রচার করেছিলেন?
(a) ইলতুৎমিস (b) বলবন (c) ফিরোজ তুঘলক (d) আলাউদ্দিন খলজি
43. ক্রিকেটের বিখ্যাত মাঠ 'গ্রিন পার্ক' কোথায় অবস্থিত?
(a) চেন্নাই (b) আমেদাবাদ (c) কানপুর (d) জোহানেসবার্গ
44. তুঙ্গভদ্রা যার উপনদী তা হল:
(a) কৃষ্ণা নদী (b) কাবেরী নদী (c) গোদাবরী নদী (d) মহানদী
45. সূর্যের নিকটতম গ্রহটি হল:
(a) মঙ্গল (b) শুক্র (c) বুধ (d) শনি
46. সিয়াচেন হিমবাহ কোন পর্বতশ্রেণিতে অবস্থিত?
(a) হিমালয়ান রেঞ্জ (b) পামির রেঞ্জ (c) কারাকোরাম রেঞ্জ (d) পির পাঞ্জাল রেঞ্জ
47. এলবুর্জ ও জাগ্রোসের মধ্যে অবস্থিত:
(a) আরবের মালভূমি (b) তিব্বতের মালভূমি (c) আনাটোলিয়া মালভূমি (d) ইরানের মালভূমি
48. রাজস্থানের সত্যিকারের মরু অঞ্চলকে বলে:
(a) বাগার (b) খাদার (c) মরুস্থলী (d) রোহিলখণ্ড
49. নিম্নলিখিত রাজ্যগুলির মধ্যে কোনটি পূর্বে নেফা (NEFA) নামে পরিচিত ছিল?
(a) নাগাল্যান্ড (b) মণিপুর (c) মিজোরাম (d) অরুণাচল প্রদেশ
50. ভারতের সবুজ বিপ্লবের প্রভাব নিম্নলিখিত কোন ফসলের উপর সবচেয়ে বেশি পড়েছে?
(a) ধান (b) গম (c) তৈলবীজ (d) পাট
51. পৃথিবীর অপসূর অবস্থান ঘটে থাকে:
(a) 4 জুলাই (b) 3 জানুয়ারি (c) 21 মার্চ (d) 23 সেপ্টেম্বর
52. নিম্নলিখিত বস্তুগুলির কোনটিতে অক্সিজেন নেই?
(a) বক্সাইট (b) ক্রয়োলাইট (c) ডলোমাইট (d) এপসাম লবণ
53. ওয়াঘা সীমান্ত চেকপোস্ট কোন সীমান্তে অবস্থিত?
(a) ইন্দো-পাক সীমান্ত (b) ইন্দো-নেপাল সীমান্ত (c) ইন্দো-বাংলাদেশ সীমান্ত (d) ইন্দো-শ্রীলঙ্কা সামুদ্রিক সীমান্ত

*এরপর চোদ্দোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

54. সংবিধানের 25 নং ধারায় দেওয়া আছে:
(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) ধর্মীয় অধিকার (d) শোষণের বিরুদ্ধে অধিকার

55. সংবিধানের কোন সংশোধনে নবম তপশিল সন্নিবেশিত হয়?
(a) প্রথম সংশোধন (b) তৃতীয় সংশোধন (c) দশম সংশোধন (d) চতুর্দশ সংশোধন

56. সংবিধানের কোন ধারানুযায়ী কেন্দ্র রাজ্যগুলিকে বৈদেশিক আক্রমণ ও অভ্যন্তরীণ গোলযোগের হাত থেকে রক্ষা করতে পারে?
(a) 355 ধারা (b) 356 ধারা (c) 359 ধারা (d) 360 ধারা

57. সংবিধানের কত নম্বর ধারায় একজন নাগরিক তার মৌলিক অধিকার রক্ষার্থে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হতে পারে?
(a) 5 নং ধারা (b) 226 নং ধারা (c) 32 নং ধারা (d) 356 নং ধারা

58. কয়টি মৌলিক কর্তব্য সংবিধানে দেওয়া আছে?
(a) পাঁচটি (b) সাতটি (c) এগারোটি (d) বারোটি

59. ভারতীয় সংবিধানে কয়টি মৌলিক অধিকার দেওয়া আছে?
(a) ছয়টি (b) চারটি (c) সাতটি (d) নয়টি

60. গত 24 জুন মোটর ভেহিকেল সংক্রান্ত বিলে আনা সংশোধনী অনুসারে অ্যাম্বুলেন্সের পথরোধ করা হয়ে থাকলে সংশ্লিষ্ট ব্যক্তিকে কত টাকা জরিমানা করা হবে?
(a) 10,000/- (b) 50,000/- (c) 1,00,000/- (d) 500/-

61. পাকিস্তানের বালাকোটে জৈশ-এ-মহম্মদ ঘাঁটির উপর মিরাজ-২০০০ যুদ্ধবিমানের সাহায্যে ভারতীয় বিমানবাহিনী পরিচালিত আক্রমণটির নাম ছিল:
(a) অপারেশন কামব্যাক (b) অপারেশন জঈশ (c) অপারেশন বন্দর (d) অপারেশন আমন

62. বি বি সি হিস্ট্রি ম্যাগাজিন পাঠকদের নির্বাচন অনুসারে কাকে ইতিহাসের সবচেয়ে প্রভাবশালী মহিলা হিসেবে নির্বাচিত করা হয়েছে?
(a) ফ্লোরেন্স নাইটিঙ্গেল (b) মেরি কুরি (c) মাদার টেরেসা (d) মেরিলিন মনরো

63. কোনও একদিন বায়ুর উষ্ণতা এবং চাপ বৃদ্ধি পায়। তাহলে বায়ুতে শব্দের বেগ:
(a) বৃদ্ধি পায় (b) হ্রাস পায় (c) অপরিবর্তিত থাকে (d) প্রথমে বৃদ্ধি পায় এবং পরে হ্রাস পায়

64. বৃক্ক থেকে নিঃসৃত প্রধান হরমোনটি হল:
(a) সিক্রেটিন (b) রেনিন (c) গ্যাসট্রিন (d) ভিলিকাইনিন

65. নীচের কোনটি একক শর্করা?
(a) ল্যাকটোজ (b) গ্যালাকটোজ (c) মলটোজ (d) সুক্রোজ

66. কোন প্রাণীটির ক্ষেত্রে অসম্পূর্ণ রূপান্তর দেখা যায়?
(a) মশা (b) প্রজাপতি (c) আরশোলা (d) মৌমাছি

67. নীচের কোন লবণটি জলে ব্যতিক্রান্ত দ্রাব্যতা দেখায়?
(a) $KNO_2$ (b) NaCl (c) $FeSO_4$, $7H_2O$ (d) $NH_4Cl$

68. নীচের কোন মৌলের প্রকৃতিজাত কোনও আইসোটোপ নেই?
(a) অক্সিজেন (b) ক্লোরিন (c) টিন (d) সোডিয়াম

69. নিম্নোক্ত কোন রোগটি মশার কামড়ে হয় না?
(a) এনকেফেলাইটিস (b) ডেঙ্গু (c) ম্যালেরিয়া (d) বার্ড ফ্লু

70. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি তৃতীয় শ্রেণির লিভার?
(a) ঢেঁকি (b) মানুষের চোয়াল (c) হাতে টানা গাড়ি (d) সাধারণ তুলাযন্ত্র

71. CGS পদ্ধতিতে বরফ গলনের লীন তাপ:
(a) 540 ক্যালোরি/গ্রাম (b) 250 ক্যালোরি/গ্রাম (c) 100 ক্যালোরি/গ্রাম (d) 80 ক্যালোরি/গ্রাম

72. একটি উত্তল লেন্সের দ্বারা কোনও বস্তুর সমান মাপের সদ-প্রতিবিম্ব পাওয়ার জন্য বস্তুটিকে রাখতে হবে লেন্সের:
(a) ফোকাসে (b) ফোকাসের বাইরে (c) দ্বিগুণ ফোকাস-দূরত্বে (d) অসীমে

73. বায়ুতে শব্দের বেগ কীসের উপর নির্ভরশীল নয়?
(a) তাপমাত্রা (b) আর্দ্রতা (c) ঘনত্ব (d) চাপ

74. যে যন্ত্রে ফ্লেমিং-এর বামহস্ত নিয়ম প্রযোজ্য, সেই যন্ত্রটি হল:
(a) ডায়নামো (b) জেনারেটর (c) মোটর (d) কোনওটিই নয়

75. কোন দেশের মহিলা ক্রিকেট টিম একদিবসীয় আন্তর্জাতিকে সর্বোচ্চ রান (490) করেছে?
(a) ওয়েস্ট ইন্ডিজ (b) নিউজিল্যান্ড (c) ইংল্যান্ড (d) দক্ষিণ আফ্রিকা

76. কোন সংখ্যার বর্গের সঙ্গে এর এক-চতুর্থাংশ যোগ করলে 147 হয়?
(a) 12 (b) 23 (c) 32 (d) 50

77. দু'টি সংখ্যার যোগফল 24 এবং বর্গের যোগফল 386 হলে একটি সংখ্যা:
(a) 5 (b) 6 (c) 7 (d) 8

78. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 6, 10, 15, 16 দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে 5 অবশিষ্ট থাকবে, কিন্তু 29 দ্বারা ভাগ করলে মিলে যাবে?
(a) 145 (b) 245 (c) 725 (d) 675

79. দু'টি সংখ্যার যোগফল সংখ্যাদু'টির বিয়োগফলের 5 গুণ। বড় সংখ্যাটি 36 হলে ছোট সংখ্যাটি হবে:
(a) 20 (b) 24 (c) 22 (d) 28

80. 200 এবং 300-এর মধ্যে বৃহত্তম কোন সংখ্যাকে 6, 8 এবং 9 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রেই 5 ভাগশেষ থাকবে?
(a) 228 (b) 283 (c) 293 (d) 278

81. দু'টি সংখ্যার অনুপাত 8 : 7, তাদের সমষ্টি 450 হলে, সংখ্যা দুটি:
(a) 208, 240 (b) 240, 210 (c) 235, 215 (d) 215, 235

82. একটি মিশ্রণে দুধ ও জলের অনুপাত 12 : 5, ওই মিশ্রণে 8 লিটার জল মিশ্রিত করলে নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত 4 : 3 হয়। মিশ্রণে দুধের পরিমাণ কত?
(a) 24 লিটার (b) 10 লিটার (c) 14 লিটার (d) 16 লিটার

83. 180 টাকার 0.12% = কত?
(a) 16 পয়সা (b) 22 পয়সা (c) 24 পয়সা (d) কোনওটিই নয়

84. প্রথম সংখ্যা দ্বিতীয় সংখ্যা অপেক্ষা $16\frac{2}{3}$% বেশি। দ্বিতীয় সংখ্যা প্রথম সংখ্যা অপেক্ষা শতকরা কত কম?
(a) $14\frac{2}{7}$% (b) 15% (c) $26\frac{2}{3}$% (d) $14\frac{1}{7}$%

85. 27-কে এমন দু'টি অংশে ভাগ করুন, যার একটি অংশ অপরটির 35% হয়। তবে সংখ্যা দু'টি:
(a) 18, 9 (b) 21, 6 (c) 24, 3 (d) 20, 7

86. একটি দ্রব্য 210 টাকায় বিক্রয় করায় 40% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 250 টাকা (b) 150 টাকা (c) 170 টাকা (d) 120 টাকা

87. A একটি বাইসাইকেল B-কে 15% লাভে এবং B ওই বাইসাইকেল C-কে 20% লাভে বিক্রয় করে। প্রকৃত লাভের শতকরা হার কত?
(a) 38% (b) 35% (c) 36% (d) 34%

88. এক ব্যক্তি 515 টাকায় একটি দ্রব্য বিক্রয় করে যত পরিমাণ লাভ করে, 475 টাকায় সেই দ্রব্য বিক্রয় করলে সমপরিমাণ ক্ষতি হয়। দ্রব্যটি 40% লাভে বিক্রয় করলে বিক্রয়মূল্য কত হবে?
(a) 693 টাকা (b) 707 টাকা (c) 683 টাকা (d) 673 টাকা

89. এক ব্যক্তি একটি দ্রব্য 10% লাভে বিক্রয় করে। যদি ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য উভয়ই 25 টাকা করে কম হত, তখন আরও 5% বেশি লাভ হয়। তাহলে দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 65 টাকা (b) 60 টাকা (c) 75 টাকা (d) 72 টাকা

90. A ও B একটি কাজ 30 দিনে এবং B ও C 40 দিনে করতে পারে। যদি C একাই ওই কাজটি 60 দিনে শেষ করে, তবে A একা কাজটি কতদিনে করবে?
(a) 40 দিনে (b) 60 দিনে (c) 30 দিনে (d) 20 দিনে

91. একটি কাজ A 40 দিনে করে, সেই কাজটি B 60 দিনে করে। দু'জনে একত্রে শুরু করার 21 দিন পরে B চলে যায়। অবশিষ্ট কাজ শেষ করতে A-এর কতদিন সময় লাগবে?
(a) 4 দিন (b) 5 দিন (c) 6 দিন (d) 7 দিন

92. একটি চৌবাচ্চা A নল দ্বারা 15 মিনিটে জলপূর্ণ হয় এবং B নল দ্বারা 10 মিনিটে খালি হয়। দু'টি নল একসঙ্গে খুললে কতক্ষণে ভর্তি চৌবাচ্চা খালি হবে?
(a) 25 মিনিটে (b) 5 মিনিটে (c) 20 মিনিটে (d) 30 মিনিটে

93. দুই ব্যক্তি একই স্থানে পৌঁছনোর জন্য একসঙ্গে বের হয়। প্রথম ব্যক্তি ঘণ্টায় $3\frac{3}{4}$ কিলোমিটার গতিতে এবং দ্বিতীয় ব্যক্তি ঘণ্টায় 3 কিলোমিটার গতিতে যাত্রা করে। দ্বিতীয় ব্যক্তি 30 মিনিট দেরিতে গন্তব্যস্থলে পৌঁছায়। গন্তব্যস্থলের দূরত্ব কত ছিল?
(a) $7\frac{1}{2}$ কিলোমিটার (b) 15 কিলোমিটার (c) $15\frac{1}{2}$ কিলোমিটার (d) 7 কিলোমিটার

94. 12 টাকা লিটার দরে খাঁটি দুধ কিনে 25 লিটার জলের সঙ্গে কত লিটার দুধ মেশালে 2 টাকা লিটার দরে বিক্রি করা যাবে?
(a) 5 লিটার (b) 7 লিটার (c) 6 লিটার (d) 4 লিটার

95. 1 থেকে 42 পর্যন্ত জোড়সংখ্যাগুলির গড় কত?
(a) 20 (b) 24 (c) 22 (d) 18

96. A নল B নলের 6 গুণ ক্ষমতাসম্পন্ন। একটি চৌবাচ্চা A নল 28 মিনিটে জলপূর্ণ করতে পারে। একত্রে দু'টি নল দ্বারা চৌবাচ্চাটি জলপূর্ণ করতে কত সময় লাগে?
(a) 20 মিনিট (b) 24 মিনিট (c) 18 মিনিট (d) 12 মিনিট

97. ঘণ্টায় 54 কিলোমিটার বেগে একটি ট্রেন 270 মিটার লম্বা সেতুকে অতিক্রম করে 30 সেকেন্ডে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
(a) 100 মিটার (b) 150 মিটার (c) 180 মিটার (d) 200 মিটার

98. স্রোতের অনুকূলে 15 কিলোমিটার পথ অতিক্রম করতে 3 ঘণ্টা 45 মিনিট এবং স্রোতের প্রতিকূলে 5 কিলোমিটার পথ অতিক্রম করতে 2 ঘণ্টা 30 মিনিট সময় লাগে। স্থির জলে নৌকার গতিবেগ ঘণ্টায় কত?
(a) 2 কিমি/ঘণ্টা (b) 3 কিমি/ঘণ্টা (c) 4 কিমি/ঘণ্টা (d) 6 কিমি/ঘণ্টা

99. A, B ও C একটি যৌথ ব্যবসায় 4 : 5 : 6 অনুপাতে টাকা বিনিয়োগ করে। যদি তাদের লভ্যাংশের অনুপাত 2 : 3 : 4 হয়, তবে তাদের বিনিয়োগের সময়ের অনুপাত কত?
(a) 15 : 20 : 18 (b) 20 : 18 : 15 (c) 15 : 18 : 20 (d) 18 : 20 : 15

100. বার্ষিক 4% সরল সুদে কত বছরে 725 টাকার সুদ 87 টাকা হবে?
(a) 3 বছরে (b) 4 বছরে (c) 6 বছরে (d) 7 বছরে

### উত্তর

1(d), 2(c), 3(a), 4(c), 5(a), 6(a), 7(a), 8(b), 9(d), 10(c), 11(a), 12(a), 13(a), 14(a), 15(a), 16(c), 17(c), 18(a), 19(b), 20(b), 21(d), 22(a), 23(a), 24(c), 25(a), 26(b), 27(b), 28(b), 29(b), 30(a), 31(a), 32(d), 33(c), 34(c), 35(c), 36(b), 37(b), 38(d), 39(d), 40(b), 41(b), 42(b), 43(c), 44(a), 45(c), 46(c), 47(d), 48(c), 49(d), 50(b), 51(a), 52(b), 53(a), 54(c), 55(a), 56(a), 57(c), 58(c), 59(a), 60(c), 61(c), 62(b), 63(d), 64(b), 65(b), 66(b), 67(a), 68(c), 69(d), 70(b), 71(d), 72(c), 73(d), 74(a), 75(b), 76(a), 77(a), 78(c), 79(b), 80(c), 81(b), 82(a), 83(b), 84(a), 85(d), 86(b), 87(a), 88(a), 89(c), 90(b), 91(b), 92(d), 93(a), 94(a), 95(c), 96(b), 97(c), 98(b), 99(c), 100(a).

### সমাধান

76(a): সংখ্যাটি x ধরা হলে,

$x^2 = \frac{x}{4} = 147 = \left(12^2 + \frac{12}{4}\right)$ ∴ x = 12.

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

78(b): $\frac{(3^5)^{n/5} \times 3^{2n+1}}{(3^2)^n \times 3^{n-1}} = \frac{3^n \times 3^{2n+1}}{3^{2n} \times 3^{n-1}} = \frac{3^{n+2n+1}}{3^{2n+n-1}} = \frac{3}{1}^{3n+1-3n+1} = 3^2$ = 9.

79(c): 0.96 = a, 0.1 = b

$= \frac{a^3 - b^3}{a^2 + ab + b^2} = \frac{(a-b)(a^2 - ab + b^2)}{(a^2 + ab + b^2)} = (a - b) = 0.96 - 0.1 = 0.86.$

80(d): $\sqrt{\frac{25 \times 9 \times 1000000}{9 \times 36 \times 10000}} = \frac{5 \times 10}{6} = \frac{25}{3} = 8\frac{1}{3}.$

81(a): R = r + 5

$\frac{2\pi R}{2\pi r} = \frac{23}{22} = \frac{R}{r} \Rightarrow \frac{23}{22} = \frac{r+5}{r} \Rightarrow r = 110.$

82(a): $\frac{1}{2}(5x + 3x) \times 24 = 1440$

বা, 12 × 8x = 1440 বা, x = 15 মিটার, 5x = 5 × 15 = 75 মিটার।

83(a): $AB = \frac{120}{4} = 30$ মিটার

∴ 2r = 30, $r = \frac{30}{2} = 15$ মিটার, ক্ষেত্রফল $= \pi r^2 = \frac{22}{7} \times (15)^2$.

84(d): $\frac{x}{\frac{5}{2}} - \frac{x}{\frac{7}{2}} = \frac{6}{60} + \frac{6}{60}$ বা, $2 \times 2x = \frac{35}{5}$, $x = \frac{7}{4} = 1\frac{3}{4}$ কিলোমিটার।

85(c): $\frac{x}{25} + \frac{x}{4} = 5 + \frac{48}{60}$ বা, $\frac{4x + 25x}{100} = \frac{29}{5}$ বা, x = 20 কিলোমিটার।

86(b): ফুটবল বা ক্রিকেট খেলে = 325 + 175 − (450 − 50) = 100 জন

87(d): 476 × 21 = 9996, 476 × 22 = 10472.

88(a): $2 + 0.03 - 0.2 - \frac{75}{100} \times 2.80 = 2.3 - 0.2 - 2.1 = 0$

89(b): $\frac{4}{3}\pi(7)^3 = \pi r^2 \times \frac{7}{3}$

∴ $r^2 = \frac{4 \times 7 \times 7 \times 7 \times 3}{7 \times 3} = 4 \times 7 \times 7$, r = 2 × 7 = 14

r = 2 × 7 = 14, ব্যাস = 2r = 14 × 2 = 28.

90(b): $x + y + \frac{xy}{100} = -10 + 10 - \frac{10 \times 10}{100} = 1\%$.

91(c): মোট জল ধরে = 6 × 4 × 1.25 ঘনলিটার = 0.03 লিটার

92(c): তাদের আপেক্ষিক বেগ $\left(\frac{120}{10} + \frac{120}{15}\right) = 12 + 8 = 20$ মি/সেকেন্ড

∴ সময় লাগবে $= \frac{2 \times 120}{20} = 12$ সেকেন্ড।

93(a): $\frac{(5 + \sqrt{6})^2}{(5)^2 - (\sqrt{6})^2} = \frac{25 + 6 + 2.5.\sqrt{6}}{25 - 6} = \frac{31 + 10\sqrt{6}}{19}$

প্রশ্নানুযায়ী, $\frac{31 + 10\sqrt{6}}{19} = a + 10\sqrt{6}$ বা, $a = \frac{31}{19}$.

94(c): $\frac{\text{প্রথম বেগ}}{\text{দ্বিতীয় বেগ}} = \frac{\sqrt{b}}{\sqrt{a}} = \frac{\sqrt{2}}{\sqrt{1}} = \sqrt{2} : 1.$

95(a): ধরি, ক্রয়মূল্য = 100 টাকা

∴ মুদ্রিত দাম = 120 টাকা, অর্ধেকের বিক্রয়মূল্য = 60

$\frac{1}{4}$ অংশের বিক্রয়মূল্য $= (120 \times 80\%) \times \frac{1}{4} = 24$ টাকা

বাকি $\frac{1}{4}$ অংশের বিক্রয়মূল্য $= (120 \times 60\%) \times \frac{1}{4} = 18$ টাকা

মোট বিক্রয়মূল্য = 60 + 24 + 18 = 102 টাকা

লাভ = (102 − 100) = 2 টাকা

শতকরা লাভ $= \frac{2}{100} \times 100 = 2\%$

96(c): 500 টাকার 12% সরল সুদ 4 বছরে = 240 টাকা

মনে করি 10% সরল সুদে x টাকা বিনিয়োগ করা হয়েছে

সুদ হবে $= \frac{4x}{10}$, প্রশ্নানুসারে, $\frac{4x}{10} = 240$ বা, x = 600.

97(b): 17 কিলোগ্রাম 500 গ্রাম মিশ্র ধাতুতে

তামা $= 17500 \times \frac{5}{7} = 12{,}500$, জিঙ্ক $= 17500 \times \frac{2}{7} = 5000$

নতুন মিশ্রণে জিঙ্ক = (5000 + 1250) = 6250 গ্রাম

তামা : জিঙ্ক = 12500 : 6250 = 2 : 1.

98(c): x − y = w + z + 6 ...(i), x + y = w − z − 3 ... (ii)

(i) + (ii)

2x = 2w + 3 বা, 2x − 2w = 3 বা, $(x - w) = \frac{3}{2} = 1.5$

99(d): গতির অনুপাত = A : B = 2 : 1

সময়ের অনুপাত = A : B = 3 : 1, এখন দূরত্ব = গতি × সময় = 6 : 1.

100(c): সঠিক গড় $= \frac{(40 \times 72) + (63 + 70 + 82) - (73 + 78 + 80)}{40}$

$= \frac{(40 \times 72) - 16}{40} = 71.6.$

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ২৫৯০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ২,৫৯০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেল। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলের একাধিক ইউনিটের ডিভিশন ও ওয়ার্কশপে এক বছরের ট্রেনিং দেওয়া হবে মেশিনিস্ট, ওয়েল্ডার, ফিটার-সহ বিবিধ ট্রেডে। এই প্রশিক্ষণের নোটিফিকেশন নম্বর: NF/ACT APPRENTICES/01/2019 (Shortfall of 2018).

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। ম্যাসন ট্রেডের ক্ষেত্রে বিল্ডিং কনস্ট্রাক্টর, লাইনম্যান ট্রেডের ক্ষেত্রে ওয়্যারম্যান ট্রেড গ্রাহ্য হবে।

কোন ডিভিশনে কত আসন: **ডিভিশন আলিপুরদুয়ার: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: ওয়েল্ডার:** ১৪টি (সাধারণ ১৩, তফসিলি উপজাতি ১)। **ফিটার:** ৩৩টি (সাধারণ ১৮, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১০)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৫টি (সাধারণ ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৯০টি (সাধারণ ৫৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৩)। **লাইনম্যান:** ২৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৪৯টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: কার্পেন্টার:** ৪২টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। **ম্যাসন:** ৮৫টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৩)। **পেইন্টার:** ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)।

মোট আসনের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন রঙ্গিয়া: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: ওয়েল্ডার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। **ফিটার:** ৫৫টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ১২টি (সাধারণ ২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৬৫টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১৫, ও বি সি ১২)। **লাইনম্যান:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৩৯টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ম্যাসন:** ১১২টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৩১)।

মোট আসনের মধ্যে ১২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫০টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন লামডিং: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ২২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, ও বি সি ৬)। **ওয়েল্ডার:** ৩৭টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। **ফিটার:** ২৪০টি (সাধারণ ১৩২, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৭)। **ডিজেল মেকানিক:** ২৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৯)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৪০টি (সাধারণ ৭০, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৮)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ২৯টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, ও বি সি ৯)। **লাইনম্যান:** ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৮৩টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২১)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ওয়ার্কশপ: ফিটার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **মেশিনিস্ট:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ওয়েল্ডার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **কার্পেন্টার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **পেইন্টার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ম্যাসন:** ১২৮টি (সাধারণ ৬৪, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৫)। **পেইন্টার:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)।

মোট আসনের মধ্যে ৩৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১২৬টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন তিনসুকিয়া: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ২টি (তফসিলি জাতি)। **ওয়েল্ডার:** ২৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, ও বি সি ২)। **ফিটার:** ১৩৪টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩২)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৪২টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, ও বি সি ৩)। **লাইনম্যান:** ১৮টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৪৩টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২)।

মোট আসনের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপ: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার:** ৬৫টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২১)। **ফিটার:** ২৯টি (সাধারণ ১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **কার্পেন্টার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ডিজেল মেকানিক:** ৯টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৬টি (তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। **পেইন্টার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টার্নার:** ৩টি (তফসিলি জাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ডিপার্টমেন্ট ই ডব্লু এস/বি এন জি এন: ওয়েল্ডার:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **মেশিনিস্ট:** ৪২টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪)। **ফিটার স্ট্রাকচারাল:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ফিটার:** ১৬টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **মেশিনিস্ট (গ্রাইন্ডার):** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **ইলেক্ট্রিশিয়ান:** ২টি (তফসিলি জাতি ১, ও বি সি ১)।

মোট আসনের মধ্যে ৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন ডিব্রুগড় ওয়ার্কশপ: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার:** ৩৬টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ফিটার:** ৪০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, ও বি সি ৮)। **কার্পেন্টার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ২৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **পেইন্টার:** ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **টার্নার:** ১টি (তফসিলি জাতি)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

মোট আসনের মধ্যে ৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১৯টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১৮-৯-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ন্যূনতম ৬,৯৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nfr.indianrailways.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে। যে-কোনও একটি ইউনিটের জন্য আবেদন করবেন।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটো দু'টি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে আবেদনপত্র ও কল লেটার কাম অ্যাডমিট কার্ডের (অ্যানেক্সচার এ ও বি) নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
- ✓ফি বাবদ ১০০ টাকার ক্রসড পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। পোস্টাল অর্ডার 'Principal Financial Adviser, N.F. Railway, Maligaon'-এর অনুকূলে 'GPO/ Guwahati'-তে প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফট 'F.A. & C.A.O., N.F. Railway'-এর অনুকূলে 'SBI/Maligaon Branch'-এ প্রদেয় হতে হবে।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓যথাযথভাবে পূরণ করা কল লেটার-কাম-অ্যাডমিট কার্ড।
- ✓নিজের নাম ও ঠিকানা লেখা ১১×৫ ইঞ্চি মাপের একটি খাম। খামের উপর ৫ টাকার ডাকটিকিট সেঁটে দেবেন। তফসিলিদের ডাকটিকিট সাঁটতে হবে না।

আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন: 'Application for engagement as Act-Apprentices & Designated trades applied for ________ and ________ Division/Workshop.

৩১ অক্টোবরের মধ্যে রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে আবেদনপত্র পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। আলিপুরদুয়ারের ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), P.O. Alipurduar Junction, Dist. Alipurduar, West Bengal-736 123. রঙ্গিয়ার ক্ষেত্রে: Senior Personnel Officer, Office of the Divisional Railway Manager (P), N.F. Railway, Rangia P.O. Rangia, Dist Kamruo (Assam), Pin No. 781 354. লামডিংয়ের ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), P.O. Lumding, Pin-782 447 Dist. Hojai, Assam. তিনসুকিয়ার ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), Tinsukia, N.F. Railway, Tinsukia PIN No. 786 125, P.O. Hijuguri, Dist. Tinsukia (Assam). নিউ বঙ্গাইগাঁও এবং ই ডব্লু এস/বি এন জি এন-এর ক্ষেত্রে: Asstt. Personnel Officer, Office of the Chief Workshop Manager/N.F. Railway Carriage & Wagon Workshop/New Bongaigaon, Pin-783381. ডিব্রুগড়ের ক্ষেত্রে: Senior Personnel Officer, NF Railway Workshop, Dibrugarh, Pin-786 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দার্জিলিং ডিস্ট্রিক্ট পুলিশে ড্রাইভার

২২ জন ড্রাইভার নেবে দার্জিলিং জেলা পুলিশ। নিয়োগ হবে চুক্তিতে।

শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। বাংলা বা নেপালিতে লিখতে ও পড়তে জানতে হবে। এর পাশাপাশি ১-৯-২০১৯ তারিখ অনুসারে অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কোনও স্বীকৃত সংস্থায় ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। বয়স: ১-৯-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

বেতন: প্রতি মাসে ১১,৫০০ টাকা।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউ, ড্রাইভিং টেস্ট ও মেডিক্যাল টেস্ট হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৩টের মধ্যে সংগ্রহ করবেন এই ঠিকানা থেকে: M.T. Section Bloom Field Dali Police Lines, Darjeeling. দরখাস্তে প্রার্থীর মোবাইল নম্বর লিখে দেবেন।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের তিন কপি ফটো।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল।
- ✓ড্রাইভিং লাইসেন্সের নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: 'The Superintendent of Police, Darjeeling District'. দরখাস্ত ৩১ অক্টোবরের মধ্যে উপরোক্ত ঠিকানায় এম. টি. সেকশনে রাখা ড্রপবক্সে সরাসরি গিয়ে জমা দিতে হবে।

তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।

# ভদ্রেশ্বর পুরসভায় চাকরি

ড্রাইভার, পাম্প অপারেটর, মজদুর এবং হেল্পার পদে ৩৬ জনকে নেবে ভদ্রেশ্বর পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৬১৬২।

শূন্যপদের বিবরণ: **ড্রাইভার:** ২টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ, সঙ্গে হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা। **পাম্প অপারেটর:** ২টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে ইলেক্ট্রিক ওয়ার্কম্যানশিপ (৪৪০ ভোল্ট) সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মজদুর: ৩০টি। **হেল্পার:** ২টি। শিক্ষাগত যোগ্যতা: উভয় ক্ষেত্রেই ক্লাস এইট পাশ, সঙ্গে বাংলায় লিখতে ও পড়তে জানতে হবে। দৈহিক সক্ষমতা থাকলে এবং খেলাধুলায় আগ্রহ থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ড্রাইভারের ক্ষেত্রে ২০ থেকে ৪০ বছর এবং অন্য পদগুলির ক্ষেত্রে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলি, ও বি সি এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ড্রাইভার ও পাম্প অপারেটর পদের ক্ষেত্রে ৫,৪০০-২৫,২০০ টাকা এবং মজদুর ও হেল্পার পদের ক্ষেত্রে ৪,৯০০-১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে অতিরিক্ত।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। দরখাস্তের সঙ্গে প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ২৫ টাকার ডাকটিকিট-সাঁটানো একটি খাম পাঠাতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং প্রার্থীর ক্যাটেগরি লিখে দেবেন। দরখাস্ত ১৪ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Bhadreswar Municipality, G.T. Road, P.O. & P.S.- Bhadreswar, Dist-Hooghly, Pin-712 124. বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://bhadreswarmunicipality.com

# সরকারি হাসপাতালের মাইক্রোবায়োলজি বিভাগে চাকরি

ল্যাব টেকনিশিয়ান, রিসার্চ অ্যাসিস্ট্যান্ট এবং রিসার্চ সায়েন্টিস্ট পদে ৫ জনকে নেবে আর জি কর মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল। নিয়োগ করা হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RKC/3910.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৬ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# সেন্ট্রাল কোলফিল্ডসে জুনিয়র ওভারম্যান

৭৫ জন জুনিয়র ওভারম্যান নেবে সেন্ট্রাল কোলফিল্ডস। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ হবে জুনিয়র ওভারম্যান পদে। মহিলা এবং দৈহিক প্রতিবন্ধীরা আবেদন করবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CCL/Recruitment/Adv-Stat./092019/01.

মোট শূন্যপদ: ৭৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫৫, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস সেফটি কর্তৃক স্বীকৃত বৈধ ওভারম্যানস কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট ও ফার্স্ট এইড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। বয়স: ১০-১১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। মূল বেতন: প্রতি মাসে ৩১,৮৫২.৫৬ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগসুবিধা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। পরীক্ষাকেন্দ্র রাঁচিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.centralcoalfields.in আবেদনের শেষ তারিখ ১০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শুরুতেই রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিটের পর একটি অ্যাপ্লিকেশন আই ডি পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

**দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন**

- ✓প্রার্থীর চার কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোগুলির পিছনে প্রার্থীর নাম লিখে দেবেন।
- ✓ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট বা চালানের কপি।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓২৫.৪×১১.৪ সেমি মাপের দু'টি উইন্ডো খাম।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের ওপর ইংরেজির বড় হরফে পদের নাম ও অ্যাপ্লিকেশন আই ডি লিখে দেবেন। দরখাস্ত রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্টের মাধ্যমে ২০ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The General Manager (Recruitment), Recruitment Department, 2nd floor, Damodar Building, Central Coalfields Limited, Darbhanga House, Ranchi-834001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে চাকরি

স্টেনোগ্রাফার (গ্রেড-ওয়ান), ফার্মাসিস্ট, অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-ওয়ান)-সহ বিভিন্ন পদে ৬৬ জনকে নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে রাওয়তভাতা রাজস্থান সাইটে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RR Site/HRM/01/2019.

শূন্যপদের বিন্যাস: **ফার্মাসিস্ট বি:** ৪টি (সাধারণ)। **অ্যাসিস্ট্যান্ট গ্রেড-ওয়ান:** হিউম্যান রিসোর্স: ১৪টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৩, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **অ্যাসিস্ট্যান্ট গ্রেড-ওয়ান:** ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস: ২৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ৩, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ২, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২)। **অ্যাসিস্ট্যান্ট গ্রেড-ওয়ান:** কন্ট্র্যাক্টস অ্যান্ড মেটেরিয়ালস ম্যানেজমেন্ট: ১৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ২, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **স্টেনো গ্রেড-ওয়ান:** ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ২)। **ড্রাইভার-কাম-পাম্প অপারেটর-কাম-ফায়ারম্যান এ:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২)।

**বয়স:** ৬-১১-২০১৯ তারিখে ফার্মাসিস্ট বি এবং ড্রাইভার-কাম-পাম্প অপারেটর-কাম-ফায়ারম্যান পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছর এবং অন্যান্য পদের ক্ষেত্রে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** ফার্মাসিস্ট পদের ক্ষেত্রে প্রতি মাসে ২৯,২০০ টাকা, ড্রাইভার-কাম-পাম্প অপারেটর-কাম-ফায়ারম্যান পদের ক্ষেত্রে ২১,৭০০ টাকা এবং অন্যান্য পদের ক্ষেত্রে ২৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in দরখাস্ত করা যাবে ৬ নভেম্বর পর্যন্ত। এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। শিক্ষাগত যোগ্যতা ও আবেদনের খুঁটিনাটি জানতে আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ১৪৫

*প্রথম পাতার পর*

আর্থিকভাবে অনগ্রসর ১)। **পাইপ ফিটার:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **টেলর (জেনারেল):** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **টার্নার:** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **শিট মেটাল ওয়ার্কার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **রিগার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিপরাইট স্টিল:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)।

ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। শুধু রিগার এবং শিপরাইট স্টিল ট্রেডের ক্ষেত্রে ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এস সি ভি টি বা এন সি ভি টি কর্তৃক স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। শিপরাইট (উড) ট্রেডের ক্ষেত্রে কার্পেন্টার, বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ানের ক্ষেত্রে ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাক্টর), পাইপ ফিটারের ক্ষেত্রে প্লাম্বার, টেলরের ক্ষেত্রে সিউয়িং টেকনোলজি বা ড্রেস মেকিং, শিপরাইট স্টিলের ক্ষেত্রে ফিটার, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেইন্টেন্যান্স ট্রেডের ক্ষেত্রে ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেইন্টেন্যান্স ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকলেও চলবে। ইনফর্মেশন টেকনোলজি বিষয়ে এবং রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স অব হার্ডওয়্যার অব কম্পিউটার অ্যান্ড পেরিফেরালসে ব্রড বেসড বেসিক ট্রেনিং নেওয়া থাকলেও আবেদন করা যাবে। রিগারের ক্ষেত্রে ক্লাস এইট পাশ করে থাকতে হবে। ফিটার ট্রেডে সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-৪-২০২০ তারিখে ১৪ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা পুরুষদের ক্ষেত্রে ১৫০ সেমি। শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্তত্পক্ষে ৪৫ কেজি হতে হবে। **দৃষ্টিশক্তি:** ৬/৬ থেকে ৬/৯ (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য)।

**স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা ট্রেড টেস্টের মাধ্যমে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, বয়সের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র ও সই আপলোড করতে হবে। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

**প্রিন্ট আউটের সঙ্গে দেবেন**

- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট।

১ ডিসেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge, Dockyard Apprentice School, NSRY, Naval Base PO, Karwar, Karnataka-581 308.

# রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

*প্রথম পাতার পর*

Exam-II.

**নিয়োগ করা হবে এই সব বিষয়ে:** এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, এগ্রিকালচারাল এন্টোমোলজি, এগ্রিকালচারাল মাইক্রোবায়োলজি, ইকনমিক বটানি অ্যান্ড প্ল্যান্ট জেনেটিক রিসোর্সেস, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, নেমাটোলজি, প্ল্যান্ট বায়োকেমিস্ট্রি, প্ল্যান্ট প্যাথোলজি, প্ল্যান্ট ফিজিওলজি, সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফ্লোরিকালচার অ্যান্ড ল্যান্ডস্কেপিং, ফ্রুট সায়েন্স, স্পাইসেস, প্লান্টেশন অ্যান্ড মেডিসিনাল অ্যান্ড অ্যারোমাটিক প্ল্যান্টস, ভেজিটেবল সায়েন্স, অ্যানিম্যাল বায়োকেমিস্ট্রি, অ্যানিম্যাল বায়োটেকনোলজি, অ্যানিম্যাল জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, অ্যানিম্যাল নিউট্রিশন, অ্যানিম্যাল ফিজিওলজি, অ্যানিম্যাল রিপ্রোডাকশন অ্যান্ড গাইনিকোলজি, ডেয়ারি কেমিস্ট্রি, ডেয়ারি মাইক্রোবায়োলজি, ডেয়ারি টেকনোলজি, লাইভস্টক প্রোডাক্ট টেকনোলজি, লাইভস্টক প্রোডাকশন ম্যানেজমেন্ট, পোল্ট্রি সায়েন্স, ভেটেরিনারি মেডিসিন, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি, ভেটেরিনারি প্যারাসাইটোলজি, ভেটেরিনারি প্যাথোলজি, ভেটেরিনারি ফার্মাকোলজি, ভেটেরিনারি পাবলিক হেলথ, ভেটেরিনারি সার্জারি, অ্যাকোয়াকালচার, ফিশারিজ রিসোর্স ম্যানেজমেন্ট, ফিশ প্রসেসিং টেকনোলজি, ফিশ নিউট্রিশন, ফিশ হেলথ, ফিশ জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, এগ্রিকালচারাল কেমিক্যালস, এগ্রিকালচারাল মেটিওরোলজি, অ্যাগ্রোফরেস্ট্রি, অ্যাগ্রোনমি, এনভায়রনমেন্টাল সায়েন্স, সয়েল সায়েন্সেস, এগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, এগ্রিকালচারাল ইকনমিক্স, এগ্রিকালচারাল এক্সটেনশন, এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স, হোম সায়েন্স, ফার্ম মেশিনারি অ্যান্ড পাওয়ার, কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড আই টি, ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, বায়োইনফর্মেটিক্স, ফুড টেকনোলজি, এগ্রিকালচারাল স্ট্রাকচার অ্যান্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং এবং ভেটেরিনারি অ্যানাটমি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। **বয়স:** ১-৭-২০১৯ তারিখে অন্তত ২১ বছরের হতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

'আই সি এ আর-ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট' ১৫০ নম্বরের অনলাইন কম্পিউটার ভিত্তিক পরীক্ষা। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। অসংরক্ষিত প্রার্থীরা ৫০ শতাংশ, ও বি সি প্রার্থীরা ৪৫ শতাংশ এবং তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৪০ শতাংশ নম্বর পেলে উত্তীর্ণ বলে বিবেচিত হবেন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র ব্যারাকপুর ও কলকাতা (সেন্টার কোড ৫)।

অনলাইন আবেদন করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনওটির মাধ্যমে: www.asrb.org.in অথবা www.icar.org.in অনলাইন আবেদন করা যাবে ৪ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ১৫০ কেবি সাইজের মধ্যে, অবশ্যই সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে) এবং কালো কালিতে করা সই (জে পি জি ফর্ম্যাটে ৮০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং তফসিলি, মহিলা ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১১-২৫৮৪ ৮১৭২/৬১৬৬। ই-মেল: net2019@asrb.org.in

উৎকর্ষ বাংলা

পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট (PBSSD)
পশ্চিমবঙ্গ কারিগরি শিক্ষা, প্রশিক্ষন ও দক্ষতা উন্নয়ন দপ্তরের অধীনস্থ একটি বিধিবদ্ধ সংস্থা

ADMISSION OPEN APPLY NOW

সম্পূর্ণ বিনামূল্যে নিজের ভবিষ্যতকে সুনিশ্চিত করুন

হাতে কলমে কাজ শিখে জীবনে প্রতিষ্ঠিত হওয়ার সুবর্ণ সুযোগ। কোর্স শেষে সরকারি সার্টিফিকেট ও প্লেসমেন্ট সহায়তার ১০০% গ্যারান্টি। সাথে আছে STIPEND - এর সুব্যবস্থা

প্রশিক্ষণ সহায়ক : Hooghly Engineering & Technology College Society Skill Development Centre (HETCS-SDC)

কন্যাশ্রী (K2) ছাত্রীদের "স্বপ্ন ভোর" প্রকল্পে সরাসরি ভর্তি চলছে

| | COURSE / পাঠ্য সূচী | শিক্ষাগত যোগ্যতা | প্রশিক্ষনের মেয়াদ |
|---|---|---|---|
| 1. | Solar & LED Technician (সোলার-অ্যান্ড-এলিডি টেকনিশিয়ান) | উচ্চমাধ্যমিক উত্তীর্ণ | ৩৬০ ঘন্টা |
| 2. | Junior Software Developer (জুনিয়ার সফ্টওয়্যার ডেভেলপার) | উচ্চমাধ্যমিক উত্তীর্ণ | ৪০০ ঘন্টা |
| 3. | Domestic IT Help Desk Attendant (ডোমেস্টিক আইটি হেল্প ডেস্ক অ্যাটেন্ডেন্ট) | উচ্চমাধ্যমিক উত্তীর্ণ | ৪০০ ঘন্টা |
| 4. | Field Technician-Network and Storage (ফিল্ড টেকনিশিয়ান - নেটওয়ার্ক অ্যান্ড স্টোরেজ) | উচ্চমাধ্যমিক উত্তীর্ণ | ৩৬০ ঘন্টা |
| 5. | Telecom Terminal Equipment Application Developer (Android) (টেলিকম টারমিনাল ইক্যুইপমেন্ট অ্যাপলিকেশন ডেভেলপার 'অ্যান্ড্রয়েড') | উচ্চমাধ্যমিক উত্তীর্ণ | ২৫০ ঘন্টা |
| 6. | Telecom Tower Technician (টেলিকম টাওয়ার টেকনিশিয়ান) | উচ্চমাধ্যমিক উত্তীর্ণ | ৩০০ ঘন্টা |
| 7. | Mason General (মেসন জেনারেল) | পঞ্চম শ্রেণী উত্তীর্ণ | ৪০০ ঘন্টা |

BIODATA, ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, মার্কসিট, সার্টিফিকেট, আধার কার্ড ও BANK PASSBOOK এর প্রথম পাতার প্রতিলিপি সহ নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন :

HOOGHLY ENGINEERING & TECHNOLOGY COLLEGE
Vivekananda Road, Pipulpati, Hooghly, West Bengal - 712103
9433565643 / 8336944091 / 7980083295 / 9831366180 / 7980486868

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
**প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad